বেদব্যাস-ভাণ্ডার-গ্রন্থাবলী।

গয়া-মাহাত্ম্য।

সুবিস্তীর্ণ পদ্ধতি-সম্বলিত।

শ্রীভূধর চট্টোপাধ্যায় প্রণীত।

৭০ নং সুকীয়া ষ্ট্রীট, বেদব্যাস-ভাণ্ডার হইতে প্রকাশিত।

কলিকাতা

সিমলা—১ নং মহেন্দ্র গোস্বামীর লেন, জ্ঞানানন্দ প্রেসে,
শ্রীসত্যগোপাল মিত্র দ্বারা মুদ্রিত।

সন ১৩০৩ সাল।

মূল্য পাঁচ আনা।

শ্রীগয়ামাহাত্ম্যম্।

প্রথমোঽধ্যায়ঃ।

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমং।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ।
অজমজরমনন্তং জ্ঞানরূপং মহান্তং
শিবমমলমনাদিং ভূতদেহাদিহীনম্।
সকলকরণহীনং সর্ব্বভূতস্থিতং তং
হরিমমলমমায়ং সর্ব্বগং বন্দ একম্॥ ১

নারায়ণ, নরোত্তম নর, দেবী সরস্বতী ও ব্যাসদেবকে নমস্কার করিয়া জয় উচ্চারণ করিবে।

যিনি জন্মরহিত, অজর, অনন্ত, জ্ঞানরূপী, মহান্, শিবপ্রদ, অমল, অনাদি, ভূতদেহাদি-

নমস্যামি হরিং রুদ্রং ব্রহ্মাণঞ্চ গণাধিপং।
দেবীং সরস্বতীঞ্চৈব মনোবাক্কর্ম্মভিঃ সদা। ২
সূতং পৌরাণিকং শান্তং সর্ব্বশাস্ত্রবিশারদম্।
বিষ্ণুভক্তং মহাত্মানং নৈমিষারণ্যমাগতম্ ॥ ৩

বিহীন, * ইন্দ্রিয়গ্রামহীন এবং সর্ব্বভূতে সংস্থিত, সেই সর্ব্বদোষবর্জ্জিত, মায়ারহিত, সর্ব্বগত, অদ্বিতীয় হরিকে বন্দনা করি। ১। হরি, রুদ্র, ব্রহ্মা, গণাধিপ ও দেবী সরস্বতী, ইহাঁদিগকে মন, বাক্য ও কর্ম্ম দ্বারা সতত নমস্কার করি। ২।

কোন সময়ে পুরাণবিৎ, প্রশান্তচরিত, সর্ব্বশাস্ত্রবিশারদ, বিষ্ণুভক্তিপরায়ণ, মহাত্মা সূত

* ভূতদেহাদিবিহীন অর্থাৎ যাঁহার দেহ পঞ্চভূতাত্মক নহে।

তীর্থযাত্রাপ্রসঙ্গেন উপবিষ্টং শুভাসনে।
ধ্যায়ন্তং বিষ্ণুমনঘং তমভ্যর্চ্চ্যাস্তুবন্ কবিম্ ॥ ৪
শৌনকাদ্যা মহাভাগা নৈমিষীয়াস্তপোধনাঃ।
মুনয়ো রবিসঙ্কাশাঃ শান্তা যজ্ঞপরায়ণাঃ ॥ ৫

ঋষয় ঊচুঃ।

সূত জানাসি সর্ব্বং ত্বং পৃচ্ছামস্ত্বামতো বয়ং।

তীর্থযাত্রাপ্রসঙ্গে নৈমিষারণ্যে আগমনপূর্ব্বক শুভাসনে উপবিষ্ট হইলে তত্রত্য যজ্ঞপরায়ণ, শান্তশীল, ভাস্করতেজা, তপোনিধি শৌনকাদি মহর্ষিরা সেই বিষ্ণুধ্যানপরায়ণ, নিষ্কলুষ মহাকবিকে অর্চ্চনা ও প্রশংসাবাদ করতঃ কহিতে লাগিলেন। ৩—৫।

ঋষিগণ কহিলেন, হে সূত। তুমি সকল বিষয়েই অভিজ্ঞ, এই জন্য আমরা ত্বৎসকাশে

ব্রূহি তীর্থবরং পুণ্যং শ্রাদ্ধাদৌ সর্ব্বতারকং। *
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৬

সূত উবাচ।

অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি গয়ামাহাত্ম্যমুত্তমং।
যচ্ছ্রুত্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৭

জিজ্ঞাসা করিতেছি। যে পুণ্যতম তীর্থরাজ শ্রাদ্ধাদি বিষয়ে সকলের ত্রাণকারী, যাহার বিষয় শ্রবণ করিলে অখিল পাতক হইতে মুক্তিলাভ হয়, তাহাই কীর্ত্তন কর। ৬।

সূত কহিলেন, অতঃপর আমি অত্যুত্তম গয়ামাহাত্ম্য কীর্ত্তন করিতেছি। উহা শ্রবণ করিলে অখিল পাপ হইতে মুক্তি লাভ হয়

* শ্রাদ্ধাদৌ শুভদং শুভং ইতি পাঠান্তরম্।

সনকাদ্যৈর্মহাভাগৈর্দেবর্ষিঃ সহ নারদঃ।
সনৎকুমারং পপ্রচ্ছ প্রণম্য বিধিপূর্ব্বকং ॥ ৮

নারদ উবাচ।

সনৎকুমার মে ব্রূহি তীর্থং তীর্থোত্তমোত্তমং।
তারকং সর্ব্বভূতানাং শৃণ্বতাং পঠতাং সদা ॥ ৯

সন্দেহ নাই। ৭। একদা দেবর্ষি নারদ মহাভাগ সনকাদি ঋষিদিগের সহিত ..... হইয়া সনৎকুমারের নিকট গমন পূর্ব্বক তাঁহাকে যথাবিধি প্রণাম করতঃ জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন। ৮।

নারদ কহিলেন, হে সনৎকুমার! যে তীর্থ সর্ব্বতীর্থ অপেক্ষা উত্তমোত্তম, যাহা সর্ব্বদা শ্রবণ বা পাঠ করিলে, জীবকুল পরিত্রাণ লাভ করে, তাহা (আমাদিগের নিকট সবিস্তার) কীর্ত্তন করুন্। ৯।

সনৎকুমার উবাচ।

বক্ষ্যে তীর্থবরং পুণ্যং শ্রাদ্ধাদৌ সর্ব্বতারকং।
গয়াতীর্থমৃষিশ্রেষ্ঠ! তীর্থেভ্যোঽপ্যধিকং শৃণু॥ ১০
ব্রহ্মজ্ঞানং গয়াশ্রাদ্ধং গোগৃহে মরণং তথা।
বাসঃ পুংসাং কুরুক্ষেত্রে মুক্তিরেষা চতুর্ব্বিধা॥ ১১*

সনৎকুমার কহিলেন, হে ঋষিপ্রবর! যে পুণ্যতম তীর্থরাজ শ্রাদ্ধাদি বিষয়ে সকলের উদ্ধারকর্ত্তা, তাহা বলিতেছি। গয়াতীর্থই যাবতীয় তীর্থ অপেক্ষা প্রধান; উহার বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ১০। ব্রহ্মজ্ঞান, গয়াশ্রাদ্ধ, গো-গৃহে অর্থাৎ ব্রজধামে মরণ ও কুরুক্ষেত্রে বাস, এই চারিটীই মানবের পক্ষে মুক্তির কারণ বলিয়া অভিহিত হয়। ১১।

* মুক্তিপ্রদা চতুর্ব্বিধা ইতি পাঠান্তরম্।

ব্রহ্মজ্ঞানেন কিং কার্য্যং গোগৃহে মরণেন কিং।
কিং কুরুক্ষেত্রবাসেন যদি পুত্রো গয়াং ব্রজেৎ॥ ১২
মহাকল্পকৃতং পাপং গয়াং প্রাপ্য বিনশ্যতি।
পিণ্ড দদ্যাচ্চ পিত্রাদেরাত্মনোঽপি তিলৈর্ব্বিনা॥ ১৩
গয়ায়াং পিণ্ডদানেন যৎ ফলং লভতে নরঃ।
ন তচ্ছক্যং ময়া বক্তুং কল্পকোটিশতৈরপি॥ ১৪

যদি পুত্র গয়াধামে গমন করে, তাহা হইলে ব্রহ্মজ্ঞানে আর কি প্রয়োজন, ব্রজধামে মৃত্যুতেই বা ফল কি এবং কুরুক্ষেত্রবাসেই বা কি আবশ্যক? ১২। গয়াক্ষেত্রে গমনপূর্ব্বক পিতৃগণের উদ্দেশে পিণ্ডদান করতঃ তিলব্যতীত স্বীয় পিণ্ড প্রদান করিলে মহাকল্পকালকৃত নিখিল পাতক বিদূরিত হয়। ১৩। গয়াতীর্থে পিণ্ডদানদ্বারা মানব যে ফল প্রাপ্ত হয়, আমি শতকোটিকল্পেও তাহা বর্ণন করিয়া শেষ

গয়াসুরস্তপস্তেপে ব্রহ্মা তত্র জগাম বৈ।
ছলেন পাতয়িত্বোর্ব্ব্যাং শিলাং তন্মূর্দ্ধ্যধারয়ৎ ॥১৫
তত্র ব্রহ্মাকরোদ্‌যাগং স্থাপয়িত্বা গদাধরং।
ফল্গুতীর্থাদিরূপেণ নিশ্চলার্থমহর্নিশং ॥ ১৬

করিতে সমর্থ নহি। ১৪। যৎকালে গয়াসুর * তপস্যাচরণ করে, তখন ব্রহ্মা তথায় গমনপূর্ব্বক ছলনা করতঃ তাহাকে ভূতলে পাতিত করিয়া তদীয় মস্তকদেশে শিলা সংস্থাপন করিয়াছেন। ১৫। ব্রহ্মা সেই অসুরকে অহর্নিশি নিশ্চল রাখিবার জন্য ফল্গুতীর্থাদিরূপে সেই স্থানে গদাধরদেবকে স্থাপন করতঃ একটী

---

* গয়াসুর—তারকের পুত্র ত্রিপুর, তৎপুত্র গয়াসুর। এই গয়াসুর একান্ত বিষ্ণুপরায়ণ বলিয়া প্রসিদ্ধ।

গয়াশিরসি বিপ্রেন্দ্র! ব্রহ্মাদ্যৈর্দৈবতৈঃ সহ।
কৃতযজ্ঞো দদৌ ব্রহ্মা ব্রাহ্মণেভ্যো গৃহাদিকং ॥১৭
শ্বেতকল্পে তু বারাহে গয়ো যাগমকারয়ৎ
গয়নাম্না গয়া খ্যাতা ক্ষেত্রং ব্রহ্ম ভিকাঙ্ক্ষিতং॥১৮
এষ্টব্যা বহবঃ পুত্র যদ্যেকোঽপি ঃ ব্রজেৎ
যজেত চাশ্বমে... ...লং বা বৃষমুৎসৃজেৎ। ১৯

যজ্ঞ সম্পাদন ব... বলেন। ১৬ হে বিপ্রেন্দ্র! ব্রহ্মা এই দেবগণ সহ সমবেত হইয়া অসুর-শিরে যজ্ঞ সম্পাদন পূর্ব্বক বিপ্রগণকে গৃহাদি প্রদান করিলেন অর্থাৎ তথায় দ্বিজাতিগণকে বাস করাইলেন ১৭। পূর্ব্বে শ্বেতবারাহকল্পে গয়নামা মহীপতি এইস্থানে যজ্ঞ সম্পাদন করেন, তাঁহার নামানুসারেই এই ব্রহ্মাভিকাঙ্ক্ষিত ক্ষেত্র "গয়া" নামে প্রথিত হইয়াছে। ১৮। "যদি একজনও গয়াধামে গমন করে অথবা অশ্বমেধ

কাঙ্ক্ষন্তি পিতরঃ পুত্রান্ নরকান্তয়ভীরবঃ।
গয়াং যাস্যতি যঃ পুত্রঃ স নস্ত্রাতা ভবিষ্যতি॥ ২০
গয়াং প্রাপ্তং সুতং দৃষ্ট্বা পিতৄণামুৎসবো ভবেৎ।
পদ্ভ্যামপি জলং স্পৃষ্ট্বা সোঽস্মভ্যং কিন্ন দাস্যতি॥২১

যজ্ঞের অনুষ্ঠান করে, কিম্বা নীলবৃষ উৎসর্গ করে,” এই আশাতেই লোকে বহুপুত্রের কামনা করিয়া থাকে। পিতৃগণ নরকভয়ে ভীত হইয়া এই জন্য বহুপুত্রের কামনা করেন যে, যে পুত্র গয়াক্ষেত্রে গমন করিবে, সেই-ই আমাদিগের পরিত্রাতা হইবে। ১৯—২০। পুত্রকে গয়াক্ষেত্রে সমাগত দেখিলে সেই দিন পিতৃগণের উৎসব (আনন্দ) জন্মে যে, পুত্র গয়াক্ষেত্রে উপস্থিত হইয়া পদদ্বারা জলস্পর্শ করিয়াও কি আমাদিগকে প্রদান করিবেন না? ২১। যে পুত্র গয়ায় পিণ্ডদান করে,

গয়াং গত্বান্নদাতা যঃ পিতরস্তেন পুত্রিণঃ।
পক্ষত্রয়নিবাসী চ পুনাত্যাসপ্তমং কুলং॥ ২২
নো চেৎ পঞ্চদশাহং বা সপ্তরাত্রং ত্রিরাত্রকং।
মহাকল্পকৃতং পাপং গয়াং প্রাপ্য বিনশ্যতি॥ ২৩
ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।
পাপং তৎসঙ্গজং সর্ব্বং গয়াশ্রাদ্ধাদ্বিনশ্যতি॥ ২৪

পিতৃগণ তাহার দ্বারাই পুত্রবান্ হয়েন। তথায় তিন পক্ষ বাস করিলে শতপুরুষ পবিত্র হয়।২২। পক্ষত্রয় বাসে অক্ষম হইলে পঞ্চদশ দিন, সপ্তরাত্রি অথবা ত্রিরাত্রি বাস করিলেও মহাকল্পকৃত পাপ বিনাশ প্রাপ্ত হয়। ২৩। গয়াশ্রাদ্ধ করিলে ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুদারাগমন প্রভৃতি জনিত পাপ এবং তত্তৎসংসর্গজ পাতকও বিনষ্ট হইয়া

আত্মজোঽপ্যন্যজো বাপি গয়াশ্রাদ্ধে যদা তদা।
যন্নাম্না পাতয়েৎ পিণ্ডং তং নয়েৎ ব্রহ্ম শাশ্বতং॥২৫
সকৃদ্গয়াভিগমনং সকৃৎ পিণ্ডপ্রপাতনং।
দুর্লভং কিং পুনর্নিত্যমস্মিন্নেব ব্যবস্থিতিঃ॥ ২৬
প্রমাদান্ম্রিয়তে ক্ষেত্রে ব্রহ্মাদের্মুক্তিদায়কে।
ব্রহ্মজ্ঞানাদ্ যথা মুক্তির্লভ্যতে নাত্র সংশয়ঃ॥২৭

থাকে। ২৪। গয়াক্ষেত্রে গমনপূর্ব্বক যে কোন সময়ে ঔরসজাত পুত্র অথবা অন্য যে কোন ব্যক্তির পুত্র, যাহার নাম উল্লেখ করতঃ পিণ্ড-দান করে, সেই ব্যক্তি তৎক্ষণাৎ শাশ্বত ব্রহ্ম-পদ প্রাপ্ত হয়। ২৫। নিত্যবাসের কথা দূরে থাকুক, একবারমাত্র গয়াধামে গমন ও তথায় একবারমাত্র পিণ্ডপাতনও দুর্লভ। ২৬। ব্রহ্ম-জ্ঞান জন্মিলে যেরূপ মুক্তিলাভ হয়, ব্রহ্মাদি দেবগণকথিত এই মুক্তিপ্রদ গয়াক্ষেত্রে

কীকটাদিমৃতানাঞ্চ পিতৃণাং মুক্তিদায়কং।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বস্তব্যঞ্চ বিচক্ষণৈঃ ॥ ২৮
ব্রহ্মপ্রকল্পিতান্বিপ্রান্ হব্যকব্যাদিনার্চ্চয়েৎ
তৈস্তুষ্টৈস্তোষিতাঃ সর্ব্বাঃ পিতৃভিঃ সহ
দেবতাঃ ॥ ২

প্রমাদবশতঃ মরিলেও সেইরূপ মুক্তি হইয়া থাকে, সন্দেহ নাই। ২৭। এই ক্ষেত্র কীকটাদি দেশে মৃত পিতৃগণের পক্ষেও মুক্তিপ্রদ; অতএব বিচক্ষণগণ সর্ব্বথা যত্নসহকারে এই স্থানে বাস করিবেন। ২৮। ব্রহ্মপ্রকল্পিত বিপ্রগণকে * হব্যকব্যাদি দ্বারা অর্চ্চনা করা কর্ত্তব্য; কারণ তাঁহারা পরিতুষ্ট হইলে অখিল দেবতা ও পিতৃগণ পরিতৃপ্ত হইয়া থাকেন। ২৯

---

* ব্রহ্মপ্রকল্পিত বিপ্র অর্থাৎ গয়ালী।

গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাদ্ বিচক্ষণঃ।
অধিমাসে জন্মদিনে অস্তে চ গুরুশুক্রয়োঃ।
ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থেঽপি বৃহস্পতৌ ॥৩০
তথা দৈবপ্রমাদেন প্রবহৎসু ব্রণেষু চ।
পূতঃ কর্ম্মাধিকারী চ শ্রাদ্ধকৃৎ ব্রহ্মলোক-
ভাক্ ॥ ৩১

বিচক্ষণ ব্যক্তি সকল সময়েই গয়াক্ষেত্রে পিণ্ড প্রদান করিবেন। অধিমাসে, জন্মদিনে, গুরু-শুক্রের অস্তকালে এবং বৃহস্পতি সিংহস্থ হইলেও তত্তৎকালে গয়াশ্রাদ্ধ পরিত্যজ্য নহে। ৩০। দৈবপ্রমাদে কোন ব্যক্তি ব্রণাদি ক্ষতরোগে অশুচি হইলেও গয়াক্ষেত্রে পবিত্র হইয়া কর্ম্মাধিকারী হয়; সে ব্যক্তি তদবস্থায় গয়াশ্রাদ্ধ করিলে ব্রহ্মলোকভাগী হইয়া

মুণ্ডনঞ্চোপবাসশ্চ সর্ব্বতীর্থেষ্বয়ং বিধিঃ।
বর্জ্জয়িত্বা কুরুক্ষেত্রং বিশালাং বিরজাং গয়াং॥৩
দণ্ডং প্রদর্শয়েদ্ভিক্ষুর্গযাং গত্বা ন পিণ্ডদঃ।
দণ্ডং স্পৃষ্ট্বা বিষ্ণুপদে পিতৃভিঃ সহ মুচ্যতে॥৩৩
ন দণ্ডী কিল্বিষং ধত্তে পুণ্যং বা পরমার্থতঃ।

থাকে। ৩১। সকল তীর্থে গিয়াই শিরো-মুণ্ডন ও উপবাসের বিধি আছে, কিন্তু কুরু-ক্ষেত্র, বিশালা, বিরজা ও গয়াক্ষেত্রে সে নিয়ম নাই। ৩২। ভিক্ষু অর্থাৎ সর্ব্বত্যাগী সন্ন্যাসীরা গয়ায় গমনপূর্ব্বক পিণ্ডপ্রদান করিবেন না, কেবলমাত্র দণ্ড প্রদর্শন করিবেন। তাঁহারা বিষ্ণুপদে দণ্ড স্পর্শ করাইলেই পিতৃগণের সহিত মুক্তিলাভ করিয়া থাকেন। ৩৩। দণ্ডী-গণ কি পুণ্য, কি পাপ, কিছুই ধারণ করে

অতঃ সর্ব্বাং ক্রিয়াং ত্যক্ত্বা বিষ্ণুং ধ্যায়তি ভাবুকঃ।
সন্ন্যসেৎ সর্ব্বকর্ম্মাণি বেদমেকং ন সন্ন্যসেৎ ॥৩৪
মুণ্ডপৃষ্ঠাচ্চ পূর্ব্বেঽস্মিন্ পশ্চিমে দক্ষিণোত্তরে।
সার্দ্ধক্রোশদ্বয়ং মানং গয়েতি ব্রহ্মণেরিতং ॥ ৩৫
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্যে যানি সন্তি বৈ ॥৩৬

না; তাঁহারা সর্ব্বকর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক কেবল-মাত্র বিষ্ণুচিন্তাতেই নিমগ্ন থাকেন। তাঁহারা সকল কর্ম্মই ত্যাগ করিবেন, কিন্তু একমাত্র বেদ পরিত্যাগ করিবেন না। ৩৪। ব্রহ্মা স্বয়ং বলিয়াছেন যে, মুণ্ডপৃষ্ঠের পূর্ব্ব, পশ্চিম, দক্ষিণ ও উত্তর প্রত্যেক দিকেই সার্দ্ধ-দ্বিক্রোশ-প্রমাণ স্থানকেই গয়া বলা যায়। ৩৫। এই পঞ্চক্রোশমিত গয়াক্ষেত্রমধ্যে গয়াশিরের পরি-মাণ এক ক্রোশ। তন্মধ্যে ত্রিলোকস্থ অখিল

শ্রাদ্ধকৃদ্ যো গয়াক্ষেত্রে পিতৃণামনৃণো হি সঃ।
শিরসি শ্রাদ্ধকৃদ্ যঃ স কুলানাং শতমুদ্ধরেৎ ॥ ৩৭
গৃহাচ্চলিতমাত্রেণ গয়ায়াং গমনং প্রতি।
স্বর্গারোহণসোপানং পিতৃণাঞ্চ পদে পদে ॥৩৮
পদে পদেঽশ্বমেধস্য যৎ ফলং গচ্ছতো গয়াং।
তৎ ফলঞ্চ ভবেন্নৃণাং সমগ্রং নাত্র সংশয়ঃ ॥ ৩৯

তীর্থ বিবাজিত আছে। ৩৬। গয়াক্ষেত্রে শ্রাদ্ধ করিলে সেই ব্যক্তি পিতৃঋণ হইতে মুক্ত হইয়া থাকেন এবং যিনি গয়াশিরে শ্রাদ্ধ করেন, তদীয় শত পুরুষ উদ্ধার প্রাপ্ত হয়।৩৭। গয়াগমনোদ্দেশে গৃহ হইতে যাত্রা করিলে, তৎক্ষণাৎ পদে পদে পিতৃগণের স্বর্গারোহণ-সোপান নির্ম্মিত হয়। ৩৮। অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিলে যে ফল হয়, গয়াযাত্রা করিলে প্রতি পদে পদে সম্পূর্ণরূপে সেই ফল প্রাপ্ত

পায়সেনাপি চরুণা শক্তুনা পিষ্টকেন বা।
তণ্ডুলৈঃ ফলমূলাদ্যৈর্গয়ায়াং পিণ্ডপাতনং ॥ ৪০
তিলাজ্য-দধিমধ্বাদি পিণ্ডদ্রব্যেষু যোজয়েৎ।
মুষ্টিমাত্রপ্রমাণেন চার্দ্রামলকমাত্রতঃ।
শমীপত্র-প্রমাণেন পিণ্ডং দদ্যাদ্ গয়াশিরে ॥ ৪১
উদ্ধরেৎ সপ্তগোত্রাণি কুলমেকোত্তরং শতং।

হওয়া যায় সন্দেহ নাই। ৩৯। পায়স, চরু, শক্তু, * পিষ্টক, তণ্ডুল, ফলমূলাদি এই সমস্ত দ্রব্য দ্বারা গয়ায় পিণ্ডপাতন করিবে। ৪০। পিণ্ডদ্রব্যে তিল, ঘৃত, দধি, মধু প্রভৃতি মিশ্রিত করিবে। মুষ্টিপরিমাণ অথবা আর্দ্র আমলক-পরিমিত কিম্বা শমীপত্রপ্রমাণ পিণ্ড প্রস্তুত করিয়া গয়াশিরে প্রদান করিবে। ৪১। এই প্রকারে পিণ্ডদান করিলে সপ্তগোত্র ও এক

* শক্তু—ছাতু।

মাতা পিতা চ ভার্য্যা চ ভগিনী দুহিতুঃ পতিঃ।
পিতৃস্বসা মাতৃস্বসা সপ্তগোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৪২
বিংশতির্বিংশতি-র্মাত্রো-রষ্টৈশ্চঃ ষোড়শ ক্রমাৎ।
একাদশ দ্বাদশাথ কুলান্যেকোত্তরং শতং॥ ৪৩
তিলকল্কেন খণ্ডেন গুড়েন সঘৃতেন বা।

শত এক কুল উদ্ধার পাইয়া থাকে। মাতা, পিতা, শ্বশুর, ভগিনী, জামাতা, পিতৃষ্বসা ও মাতৃষ্বসা, ইহারই নাম সপ্তগোত্র। ৪২। মাতৃ-গোত্রে বিংশতি, পিতৃগোত্রে বিংশতি, শ্বশুর-গোত্রে অষ্ট, ভগিনীগোত্রে চতুর্দ্দশ, জামাতৃ-গোত্রে ষোড়শ, পিতৃস্বসৃ-গোত্রে একাদশ এবং মাতৃস্বসৃ-গোত্রে দ্বাদশ, ইহাকেই এক শত এক কুল কহে। পূর্ব্বোক্ত ব্যক্তি এই এক শত এক পুরুষেরই উদ্ধার করিয়া থাকেন। ৪৩।
পূর্ব্বকথিত দ্রব্যাদি প্রাপ্ত না হইলে ঘৃত, দধি,

কেবলেনৈব দধ্না বা উর্জ্জেন মধুনাপি বা ॥ ৪৪
পিণ্যাকং সম্ভৃতং খণ্ডং পিতৃভ্যোঽক্ষয্যমিত্যুত ।
ইজ্যতে পিতৃভির্ভোজ্যং হবিষ্যান্নং মুনীরিতং ॥৫৫
একতঃ সর্ব্ববস্তূনি রসবন্তি মধূনি হি ।
ধৃত্বা গদাধরাঙ্ঘ্রাব্জং কল্গুতীর্থাম্বু চৈকতঃ ॥ ৪৬

দুগ্ধ কিম্বা মধুসমন্বিত তিলকল্ক, খাঁড় বা গুড় দ্বারা পিণ্ড প্রদান করিবে। ৪৪। এই সমস্ত দ্রব্য দ্বারা পিণ্ডপাতন করিলে পিতৃগণ অক্ষয়া তৃপ্তি লাভ করেন। পিতৃগণ ঋষিগণপ্রোক্ত এই সমস্ত হবিষ্যান্ন সেবনে বাসনা করিয়া থাকেন। ৪৫। ইতিপূর্ব্বোক্ত ঘৃতাদি দ্রব্যের অভাব হইলে কেবলমাত্র সর্ব্বরসাত্মক মধু দ্বারা পিণ্ড দিতে পারে। যদি মধুরও অভাব হয়, তাহা হইলে গদাধরের চরণকমল স্মরণপূর্ব্বক কেবলমাত্র ফল্গুতীর্থজল দিলেও গয়াশ্রাদ্ধ

পিণ্ডাসনং পিণ্ডদানং পুনঃ প্রত্যবনেজনং ।
দক্ষিণা চান্নসংকল্পাংস্তীর্থশ্রাদ্ধেষ্বয়ং বিধিঃ ॥ ৪৭
নাবাহনং ন দিগ্বন্ধো ন দোষো দৃষ্টিসম্ভবঃ ।
সকারুণ্যেন কর্ত্তব্যং তীর্থশ্রাদ্ধং বিচক্ষণৈঃ ॥ ৪৮
অন্যত্রাবাহিতাঃ কালে পিতরো যান্ত্যমুং প্রতি ।
তীর্থে সদা বসন্ত্যেতে তস্মাদাবাহনং ন হি ॥ ৪৯

সুসম্পন্ন হয় । ৪৬ । পিণ্ডাসন, পিণ্ডদান, প্রত্যবনেজন, দক্ষিণা ও অন্নসকল্প এই সমস্ত করাই তীর্থশ্রাদ্ধের বিধি । ৪৭ । এস্থানে আবাহন নাই, দিগ্বন্ধন নাই, হীনজাতির দৃষ্টিজন্য দোষও নাই । বিচক্ষণগণ স্বয় মনে তীর্থশ্রাদ্ধ করিবেন । ৪৮ । অন্যস্থানে আবাহন করিলে পিতৃগণ শ্রাদ্ধে আগত থাকেন, কিন্তু তীর্থে সর্ব্বদাই তাঁহারা বিরাজিত আছেন, এই জন্য আবাহন করিবার আবশ্যক

তীর্থশ্রাদ্ধং প্রযচ্ছদ্ভিঃ পুরুষৈঃ ফলকাঙ্ক্ষিভিঃ।
কামং ক্রোধং তথা লোভং ত্যক্ত্বা কার্য্যা ক্রিয়া-
নিশং ॥ ৫০

ব্রহ্মচার্য্যেকভোজী চ ভূশায়ী সত্যবাক্ শুচিঃ।
সর্ব্বভূতহিতে রক্তঃ স তীর্থফলমশ্নুতে ॥ ৫১
তীর্থান্যনুসরন্ ধীরঃ পাষণ্ডং পূর্ব্বতস্ত্যজেৎ।
পাষণ্ডং তচ্চ বিজ্ঞেয়ং যদ্ভবেৎ কর্ম্মবারকং ॥ ৫২

হয় না। ৪৯। ফলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ তীর্থ-শ্রাদ্ধানুষ্ঠানকালে কাম, ক্রোধ, লোভ বিসর্জ্জন পূর্ব্বক কার্য্য সম্পাদন করিবেন। ৫০। তীর্থে ব্রহ্মচর্য্যপরায়ণ, একাহারী, ভূমিশায়ী, সত্যবাদী, পবিত্র ও সর্ব্বভূতহিতে রত হইলেই তীর্থফল প্রাপ্ত হওয়া যায়। ৫১। ধীমান্ ব্যক্তি তীর্থযাত্রার পূর্ব্ব হইতেই পাষণ্ডতা পরিত্যাগ করিব। শাস্ত্রোক্ত ক্রিয়ার বিঘ্ন-

তীর্থেষু যে নরা ধীরাঃ কর্ম্ম কুর্ব্বন্তি তদ্গতাঃ ।
যথা ব্রহ্মবিদো বেদ্যং বস্তু চানন্যচেতসঃ ।
প্রবিশন্তি পরে সাধ্যাং ব্রহ্ম ব্রহ্মপরায়ণাঃ ॥ ৫৩
মীনে মেষে স্থিতে সূর্য্যে কন্যায়াং কার্ম্মুকে ঘটে ।
মকরে বর্ত্তমানে চ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ ।
দুর্লভং ত্রিষু লোকেষু গয়ায়াং পিণ্ডপাতনং ।৫৪*

কারী কার্য্যকেই পাষণ্ডতা বলা যায়। ৫২। স্থধীগণ তীর্থে গমনপূর্ব্বক বেদজ্ঞ ব্যক্তির পরব্রহ্মচিন্তনবৎ একাগ্রমনে তদ্গতচিত্তে তীর্থ ক্রিয়া সম্পাদন করিবেন। এই প্রকার করিলেই তীর্থফল প্রাপ্ত হইতে পারে। ৫৩। চৈত্র বৈশাখ, আশ্বিন, পৌষ, ফাল্গুন ও মাঘ এই কয় মাসে এবং চন্দ্র-সূর্য্যগ্রহণকালে গয়া ক্ষেত্রে পিণ্ডপ্রদান ত্রিলোকদুর্লভ সন্দে

---

* দুর্লভং দুর্লভং চৈব ইতি পাঠান্তরম্ ।

গয়ায়াং ন হি তৎ স্থানং যত্র তীর্থং ন বিদ্যতে।
সান্নিধ্যং সর্ব্বতীর্থানাং গয়াতীর্থং ততো বরং॥ ৫৫

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবারাহকল্পে গয়ামাহাত্ম্যে
পিণ্ডদানফলকথনং নাম প্রথমোঽধ্যায়ঃ॥ ॥

নাই। ৫৪। গয়াক্ষেত্রাভ্যন্তরে তীর্থ [illegible]
আর কিছুমাত্রও স্থান লক্ষিত হয় না এ স্থানে
নিখিল তীর্থই বিরাজিত আছে, এই হেতু গয়া-
ক্ষেত্র সর্ব্বতীর্থমধ্যে শ্রেষ্ঠ। ৫৫।

ইতি গয়ামাহাত্ম্যে পিণ্ডদানফলকথন নামক
প্রথম অধ্যায় সমাপ্ত। ১।

দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

নারদ উবাচ ।

গয়াসুরঃ কথম্ভূতঃ কিংপ্রভাবঃ কিমাত্মকঃ ।
তপস্তপ্তং কথং তেন কথং দেহপবিত্রতা ॥ ১

সনৎকুমার উবাচ ।

বিষ্ণোর্নাভ্যম্বুজাজ্জাতো ব্রহ্মা লোকপিতামহঃ ।
প্রজাঃ সসর্জ সংপ্রোক্তঃ পূর্ব্বদেবেন বিষ্ণুনা ॥ ২

নারদ কহিলেন, গয়াসুর কে, তাঁহার প্রভাব কিরূপ, শরীরই বা কি প্রকার, কিরূপ তপস্যাই বা করিয়াছিলেন এবং কি প্রকারেই বা তাঁহার দেহ পবিত্র হইল? এই সমস্ত কীর্ত্তন করুন্ । ১ ।

সনৎকুমার কহিলেন, লোকপিতামহ ব্রহ্মা বিষ্ণুর নাভিকমল হইতে উৎপন্ন হইয়া দেব-দেব বিষ্ণুর আদেশে প্রজার সৃষ্টি করিলেন । ২ ।

আসুরেণৈব ভাবেন অসুরানসৃজৎ পুরা।
সৌমনস্যেন ভাবেন দেবান্ সুমনসোঽসৃজৎ ॥৩
গয়াসুরোঽসুরাণাঞ্চ মহাবলপরাক্রমঃ।
যোজনানাং সপাদঞ্চ শতং তস্যোচ্ছ্রয়ঃ স্মৃতঃ।
স্থূলঃ ষষ্টিযোজনানাং শ্রেষ্ঠোঽসৌ বৈষ্ণবঃ স্মৃতঃ ॥৪
কোলাহলে গিরিবরে তপস্তেপে সুদারুণং।
বহুবর্ষসহস্রাণি নিরুচ্ছ্বাসং স্থিতোঽভবৎ ॥ ৫

তিনি পূর্ব্বকালে ক্রূরভাবে অসুরদিগকে এবং সৌম্যভাবে প্রসন্নচিত্ত দেবগণকে সৃজন করিলেন। ৩। সেই অসুরকুলেই মহাবল-পরাক্রম গয়াসুরের উৎপত্তি হয়। তদীয় দেহ এক শত পঞ্চবিংশতি যোজন উন্নত এবং তাহার স্থূলতা ষষ্টি যোজন। তিনি পরমবৈষ্ণব ছিলেন। তিনি কোলাহলাচলে গমন পূর্ব্বক শ্বাসরোধ করিয়া বহু সহস্র বর্ষ কঠোর তপস্যায় নিমগ্ন

তত্তপস্তাপিতা দেবাঃ সংক্ষোভং পরমং যযুঃ ।
ব্রহ্মলোকং গতা দেবা ঊচুস্তেঽথ পিতামহং ॥ ৬
গয়াসুরাদ্রক্ষ দেব ব্রহ্মা দেবাংস্ততোঽব্রবীৎ ।
ব্রজামঃ শঙ্করং দেবা ব্রহ্মাদ্যাশ্চ গতাঃ শিবং ॥ ৭
কৈলাসে চাব্রুবন্নত্বা রক্ষ দেব মহাসুরাৎ । *

রহিলেন । ৫ । সুরগণ তদীয় তপঃপ্রভাবে পরিসন্তপ্ত হইয়া ব্রহ্মপুরে গমনপূর্ব্বক লোক-পিতামহ ব্রহ্মার সকাশে নিবেদন করিলেন । ৬ । তাঁহারা কহিলেন, হে দেব! গয়াসুরের হস্ত হইতে আমাদিগের পরিত্রাণ কর। তখন ব্রহ্মা দেবগণকে কহিলেন, হে দেবগণ! চল, আমরা শঙ্করের নিকট গমন করি। এই বলিয়া ব্রহ্মাদি দেবগণ শিব-সকাশে যাত্রা করিলেন । ৭ । তাঁহারা কৈলাসে

* রক্ষাসুরভয়াৎ প্রভো ইতি পাঠান্তরম্ ।

ব্রহ্মাদ্যানব্রবীচ্ছম্ভুর্যামঃ শরণং হরিং ॥ ৮
ক্ষীরাব্ধৌ দেবদেবেশঃ স নঃ শ্রেয়ো বিধাস্যতি।
ব্রহ্মা মহেশ্বরো দেবাঃ বিষ্ণুং নত্বা তু তুষ্টুবুঃ ॥ ৯

গমনপূর্ব্বক দেবদেব শঙ্করকে প্রণাম করিয়া কহিলেন, হে দেব! আমাদিগকে মহাসুরের হস্ত হইতে রক্ষা কর। তখন শম্ভু ব্রহ্মাদি দেবগণকে কহিলেন, চল, আমরা হরিসকাশে গমনপূর্ব্বক তাঁহার শরণ গ্রহণ করি। ৮। সেই দেবদেব হরি ক্ষীর-সাগরে বিরাজ করিতেছেন, তিনিই আমাদিগের শ্রেয়োবিধান করিবেন। এই বলিয়া ক্ষীরসাগরে উপস্থিত হইলে, ব্রহ্মা, মহেশ্বর ও অন্যান্য দেবগণ (সেই ক্ষীরোদবিহারী) বিষ্ণুকে নমস্কার পূর্ব্বক বক্ষ্যমাণ বচনাবলী দ্বারা স্তব করিতে আরম্ভ করিলেন।৯।

দেবা ঊচুঃ ।

ওঁ নমো বিষ্ণবে ভর্ত্রে সর্ব্বেষাং প্রভবিষ্ণবে ।
রোচিষ্ণবে জিষ্ণবে চ রাক্ষসাদিগ্রসিষ্ণবে ॥ ১০
ধরিষ্ণবেঽখিলস্যাস্য যোগিনাং পারয়িষ্ণবে ।
বর্দ্ধিষ্ণবে হ্যনন্তায় নমো ভ্রাজিষ্ণবে নমঃ ॥ ১১

দেবগণ কহিলেন, হে ভগবন্! তুমি বিষ্ণু, তুমি ভর্ত্তা, তুমি সকলের প্রভবিষ্ণু, তুমি রোচিষ্ণু, জিষ্ণু ও রাক্ষসাদিগ্রসিষ্ণু, তোমাকে নমস্কার করি। ১০। তুমি অখিল জগতের ধরিষ্ণু, তুমি যোগীকুলের পারয়িষ্ণু, বর্দ্ধিষ্ণু, অনন্ত ও ভ্রাজিষ্ণু, তোমাকে নমস্কার করি। ১১। *

* বিষ্ণু—সর্ব্বব্যাপী। ভর্ত্তা—পালনকর্ত্তা। প্রভবিষ্ণু—উৎপাদক। রোচিষ্ণু—স্বপ্রকাশ-

সনৎকুমার উবাচ।

এবং স্তুতো বাসুদেবঃ সুরাণাং দর্শনং দদৌ।
কিমর্থমাগতা যূয়ং দেবেনোক্তাস্তমব্রুবন্॥ ১২
গযাসুরভয়াদ্দেব রক্ষাস্মানব্রবীদ্ধবিঃ।
ব্রহ্মাদ্যা যান্তু তং দৈত্যঞ্চাগমিষ্যাম্যহং ততঃ॥১৩

সনৎকুমার কহিলেন, ভগবান্ বাসুদেব এই প্রকারে সংস্তুত হইয়া দেবগণকে দর্শন প্রদানপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন, হে সুরগণ! তোমরা কি জন্য আগমন করিয়াছ? তখন দেবগণ প্রভুকর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া কহিলেন, হে দেব! আমাদিগকে গয়াসুরভয় হইতে

স্বরূপ। জিষ্ণু—সর্ব্বজয়ী অর্থাৎ অন্যের অজেয়। রাক্ষসাদি-প্রশিষ্ণু—রাক্ষসাদির শাসকর্ত্তা। ধবিষ্ণু—ধারণকর্ত্তা। পারয়িষ্ণু—উদ্ধারকর্ত্তা। বর্দ্ধিষ্ণু—বৃদ্ধির কারণ। ভ্রাজিষ্ণু—জ্যোতির্ম্ময়।

কেশবো গরুড়ারূঢ়ো বরং দাতুং গয়াসুরে ।
সর্ব্বে স্বং স্বং সমাস্থায় বমুর্বাহনমুত্তমং ॥ ১৪
উচুস্তং বাসুদেবাদ্যাঃ কিমর্থং তপ্যতে ত্বয়া ।
সন্তুষ্টাশ্চাগতাঃ সর্ব্বে বরং ব্রূহি গয়াসুর ॥ ১৫

পরিত্রাণ কর। হরি কহিলেন, হে ব্রহ্মাদি দেবগণ! তোমরা সকলে সেই দৈত্যের নিকট গমন কর। আমিও পরে তথায় যাই-তেছি। ১২—১৩। কেশব এই বলিয়া গয়া-সুরকে বরপ্রদানার্থ গরুড়বাহনে প্রস্থান করিলে দেবগণও স্বীয় স্বীয় অত্যুত্তম বাহনে আরোহণ পূর্ব্বক গমন করিলেন। ১৪। বাসুদেবপ্রমুখ সুরগণ তথায় উপস্থিত হইয়া দৈত্যকে কহি-লেন, হে গয়াসুর! তুমি কি জন্য তপস্যা করি-তেছ? আমরা তোমার তপস্যা দর্শনে সন্তুষ্ট হইয়া আগমন করিয়াছি, বর গ্রহণ কর। ১৫।

গয়াসুর উবাচ।

যদি তুষ্টাস্থ মে দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
সর্ব্বদেবদ্বিজাদ্রিভ্যো যজ্ঞতীর্থশিলোচ্চয়াৎ।
দেবেভ্যোঽতিপবিত্রোঽহমৃষিভ্যোঽপি
শিবাব্যযাৎ। ১৬
জ্ঞানিভ্যশ্চাপি কর্ম্মিভ্যো ধর্ম্মিভ্যশ্চ তথা পুনঃ।
মন্ত্রিভ্যোঽতিপবিত্রোঽহং পবিত্রঃ স্যাং সদাসুরঃ॥১৭

গয়াসুর কহিলেন, হে ব্রহ্মবিষ্ণুশিবাদি সুরগণ! যদি আপনারা মৎপ্রতি প্রকৃতই প্রীত হইয়া থাকেন, তাহা হইলে নিখিল দেবতা, বিপ্র, যজ্ঞ, তীর্থ, গিরি, দেব দেবী ও ঋষিকুল অপেক্ষাও আমাকে অধিক পবিত্র করুন্। ১৬। জ্ঞানী, কর্ম্মী ও ধর্ম্মী ইত্যাদি নিখিল পবিত্র বস্তু হইতেও যেন আমি পবিত্র হই, আমার স্পর্শে যেন সকলেই মুক্ত হয়। ১৭।

পবিত্রমস্ত তং দেবা দৈত্যমুক্ত্বা যযুর্দিবম্।
দৃষ্ট্বা দৈত্যং ততঃ স্পৃষ্ট্বা সর্ব্বে হরিপুরং যযুঃ ॥ ১৮
শূন্যং লোকত্রয়ং জাতং শূন্যা যমপুরী হ্যভূৎ।
যম ইন্দ্রাদিভিঃ সার্দ্ধং ব্রহ্মলোকং ততোহগমৎ॥১৯

গয়াসুর এইরূপ প্রার্থনা করিলে "তুমি নিখিল পবিত্র বস্তু হইতেও পরম পবিত্র হইলে" এই বলিয়া দেবগণ অসুরকে বরদান করতঃ সুরধামে প্রয়াণ করিলেন। তখন দেবগণদত্ত বরপ্রভাবে দৈত্যকে দর্শন ও স্পর্শ পূর্ব্বক সকলেই পাপমুক্ত হইয়া বৈকুণ্ঠধামে গমন করিতে লাগিল। ১৮। এই প্রকারে সকলে হরিধামে প্রস্থিত হওয়াতে ক্রমে ত্রি-ভুবন শূন্যপ্রায় হইয়া উঠিল; সুতরাং যমালয়ে কেহই গমন করে না দেখিয়া শমনরাজ দেবেন্দ্রাদির লোকপালদিগের নিকটে উপনীত

ব্রহ্মাণমূচিরে দেবা গয়াসুরবিলোপিতাঃ।
ত্বয়া দত্তোঽধিকারো বৈ ত্বং গৃহাণ পিতামহ ॥২০
ব্রহ্মাব্রবীত্ততো দেবান্ ব্রজামো বিষ্ণুমব্যয়ং।
ব্রহ্মাদয়োঽব্রুবন্ বিষ্ণুং যথা দত্তবরোঽসুরঃ ॥২১
তদ্দর্শনাদ্ যযুঃ স্বর্গং শূন্যং লোকত্রয়ং হ্যভূৎ।

হইলেন। ১৯। তিনি ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া কহিলেন, হে ব্রহ্মন্! আপনি লোক-পালনার্থ আমাদিগকে যে সমস্ত অধিকার প্রদান করিয়াছেন, তৎসমস্তই গয়াসুর কর্তৃক নষ্ট হইল। এই বৃথা অধিকারে আর আমাদিগের কি প্রয়োজন? আপনি উহা পুনরায় গ্রহণ করুন্। ২০। ব্রহ্মা কহিলেন, চল, আমরা সকলে হরি-সকাশে গমন করি। এই বলিয়া হরিধামে গমনপূর্ব্বক প্রভুসকাশে কহিলেন, হে ভগবন্! আপনার নিকট লব্ধবর

দেবৈস্তুষ্টো বাসুদেবো ব্রহ্মাণং স বচোঽব্রবীৎ ॥ ২২
গয়াসুরং প্রার্থয়স্ব যজ্ঞার্থং দেহি দেহকম্।
বিষ্ণূক্তঃ সসুরো ব্রহ্মা গত্বাপশ্যদ্গয়াসুরম্ ॥ ২৩
গয়াসুরোঽব্রবীদ্দৃষ্ট্বা ব্রহ্মাণং ত্রিদশৈঃ সহ।
সংপূজ্যোত্থায় বিধিবৎ প্রণতঃ শ্রদ্ধয়ান্বিতঃ ॥ ২৪

গয়াসুরকে দেখিয়া সকলেই সুরধামে গমন করিতেছে, সুতরাং ত্রিভুবন শূন্যপ্রায় হইয়া উঠিল। তখন বাসুদেব সুরগণকে প্রীত করিয়া বিধিকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে ব্রহ্মন্! গয়াসুরসকাশে গমনপূর্ব্বক যজ্ঞার্থ তদীয় শরীর প্রার্থনা কর। ব্রহ্মাদি সুরগণ হরিকর্ত্তৃক এইরূপ আজ্ঞপ্ত হইয়া দৈত্যসকাশে উপনীত হইলেন। তখন দৈত্যরাজ সুরগণসহ বিধিকে উপনীত দর্শনে অভ্যুত্থানপূর্ব্বক শ্রদ্ধাসহকারে বিধিকে প্রণতি করিয়া কহিতে লাগিলেন। ২১—২৪।

গয়াসুর উবাচ।

অদ্য মে সফলং জন্ম অদ্য মে সফলং তপঃ।
যদাগতোঽতিথির্ব্রহ্মা সর্ব্বং প্রাপ্তং ময়াদ্য বৈ॥ ২৫
যোগিন্‌যোগাঙ্গবিৎ সর্ব্বলোকস্বামিন্ পিতর্গুরো।
যদর্থমাগতো ব্রহ্মংস্তৎ কার্য্যং করবাণ্যহং॥ ২৬

গয়াসুর কহিলেন, অদ্য আমার জন্ম সফল হইল, অদ্য মদীয় তপস্যাও সফল হইল এবং অদ্য সমস্তই আমার করগত হইল সন্দেহ নাই; কেননা, বিধাতা স্বয়ং অতিথিরূপে সমাগত হইয়াছেন। ২৫। হে যোগিন্! হে যোগাঙ্গবিৎ! হে সর্ব্বলোকস্বামিন্! হে পিতঃ! হে গুরো! হে ব্রহ্মন্! আপনি যে জন্য আগমন করিয়াছেন, আমি তাহা অবাধে সম্পন্ন করিব। ২৬।

ব্রহ্মোবাচ ।

পৃথিব্যাং যানি তীর্থানি দৃষ্টানি ভ্রমতা ময়া ।
যজ্ঞার্থং ন তু তে তানি পবিত্রাণি শরীরতঃ ॥ ২৭
ত্বয়া দেহে পবিত্রত্বং প্রাপ্তং বিষ্ণুপ্রসাদতঃ ।
অতঃ পবিত্রং দেহং ত্বং যজ্ঞার্থং দেহি মেঽসুর ॥ ২৮

ব্রহ্মা কহিলেন, হে অসুর! পৃথিবীতে যে সকল তীর্থ বিদ্যমান আছে, আমি যজ্ঞসাধন মানসে ভ্রমণপূর্ব্বক তৎসমস্তই নেত্রগোচর করিয়াছি, কিন্তু তোমার শরীর অপেক্ষা তৎসমস্ত পবিত্র নহে। ভগবান্ বিষ্ণুর প্রসাদে তোমার দেহ পরম পবিত্র হইয়াছে, অতএব যজ্ঞার্থ তোমার পবিত্র দেহ আমাকে প্রদান কর। ২৭—২৮।

গয়াসুর

ধন্যোঽহং দেবদেবেশ যদ্দেহং প্রার্থিতং ত্বয়া ।
পিতৃবংশে কৃতার্থোঽহং মাতৃবংশে তথৈব চ ॥ ২৯
ত্বয়ৈবোৎপাদিতো দেহঃ পবিত্রশ্চ ত্বয়া কৃতঃ ।
সর্ব্বেষামুপকারায় যাগোঽবশ্যং ভবিষ্যতি ॥ ৩০

গয়াসুর কহিলেন, হে দেবদেবেশ ! আপনি আমার দেহ প্রার্থনা করাতে আমি ধন্য হই-লাম । আমি পিতৃকুলে ও মাতৃকুলেও কৃতার্থ হইলাম সন্দেহ নাই । ২৯ । তোমা হইতেই এই দেহের উৎপত্তি হইয়াছে, তুমিই এই দেহকে পবিত্র করিয়াছ ; অতএব সর্ব্বজন-হিতার্থ অধুনা এই শরীরে যজ্ঞও অবাধে সমাহিত হইবে । ৩০ ।

সনৎকুমার উবাচ।

ইত্যুক্ত্বা সোঽপতদ্ভূমৌ শ্বেতকল্পে গয়াসুরঃ।
নৈর্ঋতিং দিশমাশ্রিত্য তদা কোলাহলে গিরৌ॥৩১
শিরঃকৃত্বোত্তরে দৈত্যঃ পাদৌ কৃত্বা তু দক্ষিণে।
ব্রহ্মা সংভৃতসংভারো মানসান্ ঋত্বিজোঽসৃজৎ॥৩২
অগ্নিশর্ম্মাণ মমৃতং শৌনকং বাজলিং মৃহুং।
কুমুথিং বেদকৌণ্ডিন্যৌ হারীতং কাশ্যপং কৃপং॥৩৩

সনৎকুমার কহিলেন, গয়াসুর এই বলিয়া শ্বেতবারাহকল্পে কোলাহল গিরির নৈঋতদিগ্‌ভাগে উত্তরদিকে শিরঃপ্রদেশ এবং দক্ষিণে পাদযুগল স্থাপনপূর্ব্বক শয়ান হইলেন। তখন বিধাতা যজ্ঞীয় দ্রব্যসমূহ আহরণ পূর্ব্বক স্বীয় মানস হইতে যজ্ঞ যজনার্থ বিপ্রগণের সৃজন করিলেন। ৩১—৩২। সর্ব্বলোকপিতামহ ব্রহ্মা অগ্নিশর্ম্মা, অমৃত, শৌনক, যাজলি, মৃহু,

গার্গ্যং কৌশিকবাশিষ্ঠৌ মুনিং ভার্গবমব্যয়ং।
বৃদ্ধং পরাশরং কাণ্বং মাণ্ডব্যং শ্রুতিকেবলং॥ ৩৪
শ্বেতং সুতালং দমনং সুহোত্রং কঙ্কমেব চ।
লৌগাক্ষিঞ্চ মহাবাহুং জৈগীষব্যং তথৈব চ॥ ৩৫
দধিপঞ্চমুখং বিপ্রং ঋষভং কর্কমেব চ।
কাত্যায়নং গোভিলঞ্চ মুনিমুগ্রমহাব্রতং॥ ৩৬
সুকপালং গৌতমঞ্চ তথা বেদশিরোব্রতং।
জটামালিনমব্যগ্রং চাটুহাসঞ্চ দারুণং॥ ৩৭

কুমুথি, বেদ, কৌণ্ডিন্য, হারীত, কাশ্যপ, ভৃগু, গার্গ্য, কৌশিক, বাশিষ্ঠ, ভার্গব, অব্যয়, বৃদ্ধ পরাশর, কাণ্ব, মাণ্ডব্য, শ্রুতিকেবল, শ্বেত, সুতাল, দমন, সুহোত্র, কঙ্ক, লৌগাক্ষি, মহাবাহু, জৈগীষব্য দধিপঞ্চমুখ, ঋষভ, কর্ক, কাত্যায়ন, গোভিল, উগ্রব্রত, মহাব্রত, সুকপাল, গৌতম, বেদ-শিরোব্রত, জটামালী, অব্যগ্র, চাটুহাস, দারুণ

আত্রেয়ঞ্চাপ্যঙ্গিরসমুপেন্দ্রং মহাব্রতং।
গোকর্ণঞ্চ জটাবাসং শিখণ্ডিনমুমাব্রতং॥ ৩৮
এতাননন্যাংশ্চ বিপ্রেন্দ্রান্ বেধা লোকহিতায়বৈ।
পরিকল্প্যাকরোদ্ যাগং গয়াসুরশরীরকে। ৩৯
অগ্নিশর্মাপি পঞ্চাগ্নীন্ মুখাদেবানয়ৎস্বকম্।
দক্ষিণাগ্নিং গার্হপত্যাহবনীয়ৌ তথোহব্যয়ঃ।
সভ্যাবসথ্যৌ দেবর্ষে যেষু যজ্ঞাঃ প্রতিষ্ঠিতাঃ॥ ৪০

আত্রেয়, অঙ্গিরা, মহাব্রত উপেন্দ্র, গোকর্ণ, জটাবাস, শিখণ্ডী, উমাব্রত এবং অন্যান্য বহু-সংখ্য বিপ্রের সৃজন করিয়া দৈত্যদেহে যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন। ৩৮—৩৯। তৎপরে অগ্নিশর্মা যজ্ঞসিদ্ধ্যর্থ স্বীয় বদনদেশ হইতে আপন তপস্যাপ্রভাবে দক্ষিণ, গার্হপত্য, আহব-নীয়, সভ্য ও আবসথ নামক অগ্নিপঞ্চকের সৃজন

যজ্ঞস্য চ প্রতিষ্ঠার্থং বিপ্রেভ্যো দক্ষিণাঃ দদৌ।
হুত্বা পূর্ণাহুতিং ব্রহ্মা স্নাত্বা চাবভৃথেন তু ॥ ৪১
যজ্ঞযূপং সুরৈঃ সার্দ্ধং সমানীয় ব্যরোপয়ৎ।
ব্রহ্মণঃ সরসাং শ্রেষ্ঠে স্থাপয়িত্বা তং শুভং ॥ ৪২
যজ্ঞবাটে সুরৈঃ সার্দ্ধং গঙ্গাম্বুমপশ্যত।
চলিতশ্চকিতো ব্রহ্মা ধর্ম্মরাজমভাষত ॥ ৪৩

করিলেন। ৪০। ব্রহ্মা সুরগণের সহিত যজ্ঞে পূর্ণাহুতি দিয়া শান্তিসলিলে স্নান করিয়া প্রতিষ্ঠার জন্য দ্বিজাতিগণকে দক্ষিণা প্রদান করিলেন। ৪১। সুরগণের সহিত শুভ যজ্ঞীয় যূপকাষ্ঠ সর্ব্বোত্তম ব্রহ্মসরোবরে স্থাপন করত রোপণ করিলেন। ৪২। অমরবৃন্দের সহিত যজ্ঞস্থানে গিয়া গঙ্গাম্বুপ্রবাহ দেখিয়া চকিতে দেখিয়া ভীতমনে ধর্ম্মরাজকে কহিলেন, আমার

জ্ঞাত্বা গৃহে স্থিতা শিলা ধর্ম্মব্রতাখ্যা বিচারয়ন্ ।
দৈত্যস্য শীর্ষে শিরসি তাং ধারয় মমাজ্ঞয়া ॥৪৪
নিশ্চলার্থং যমঃ প্রাহ। ধারয়ন্ মস্তকে শিলাং ।
শিলায়াং ধারিতায়াঞ্চ সশিলশ্চাপ্যসুরোহচলৎ ॥৪৫
দেবানুচে হরঃ রুদ্রাদীন্ শিলায়াং নিশ্চলাঃ স্থিত ।
তিষ্ঠন্তু দেবাঃ সকলাস্তথেত্যুক্ত্বা চ
তে স্থিতাঃ ॥ ৪৬

আজ্ঞায় কোন প্রকার বিচার না করিয়া তোমার গৃহে যে ধর্ম্মব্রতা শিলা আছে, তাহাই আনয়নপূর্ব্বক এই দৈত্যের শিরোপরি ধারণ কর। ৪৩।৪৪ ইহা শুনিয়া এবং দৈত্যবরকে স্থির করিবার জন্য তদীয় শিরোপরি যম সেই ধর্ম্মব্রতা শিলা ধারণ করিলেন। গয়াসুর শিলা লইয়াই চলিতে লাগিলেন।৪৫ তখন তিনি রুদ্রাদি অমরগণকে অচলভাবে ঐ শিলার

দেবাঃ পার্শ্বে কৃতিতা তথাপি চলিতোঽসুরঃ।
ব্রহ্মাথ ব্যাকুলো বিষ্ণুং গতঃ ক্ষীরাব্ধিশায়িনং।
তুষ্টাব প্রণতো ভূত্বা বিষ্ণুং ত্রিজগতাং পতিং ॥৪৭

ব্রহ্মোবাচ।

ব্রহ্মাণ্ডস্ত পতে নাথ নমামি জগতাং পতিং।
গতিঃ কীর্ত্তিমতাং নৃণাং ভুক্তিমুক্তিপ্রদায়কং ॥৪৮

উপরে অবস্থান করিতে বলিলেন, সুরগণ স্ব স্ব পদচিহ্নাদিকে লক্ষ্য করিয়া অতিভারভাবে ঐ শিলায় অবস্থান করিলেও গয়াসুর পূর্ব্ববৎ চলিতেছেন দেখিয়া ব্রহ্মা অতি কাতর হইয়া ক্ষীরোদসমুদ্রে শয়ান ত্রিজগৎপতি হরির সকাশে যাইয়া প্রণাম করতঃ নিম্নলিখিত মত স্তবে তাঁহাকে প্রবোধিত করিতে লাগিলেন। ৪০—৪৭।

ব্রহ্মা কহিলেন—হে ব্রহ্মাণ্ডপতে! হে

বিশ্বক্‌সেনোঽব্রবীৎ বিষ্ণুং দেব ত্বাং স্তৌতি
পদ্মজঃ।
হরিরাহানয় ত্বং তং বিষ্বক্‌সেনঃ স চানয়ৎ।
অজমূচে হরিঃ কস্মাৎ আগতোঽসি বদস্ব
তৎ। ৪৯

নাথ! হে জগৎপতে! তোমাকে প্রণাম। তুমিই কীর্ত্তিমান্ লোকের গতি ও ভোগ-মোক্ষ-দাতা, তোমাকে নমস্কার। ৪৮। বিশ্বক্‌সেন নামক শ্রীহরির পার্ষদ তাঁহাকে কহিলেন, হে দেব! ব্রহ্মা তোমাকে স্তুতি করিতেছেন; বিষ্ণুর আদেশে ব্রহ্মা তথায় আনিয়া স্বীয় আগমনবৃত্তান্ত কহিতে লাগিলেন। ৪৯।

ব্রহ্মোবাচ।

দেবদেব কৃতে যাগে প্রচচাল গয়াসুরঃ।
শিলায়াং দেবরূপিণ্যাং তত্তায়াং তস্য মস্তকে॥৫০
রুদ্রাদিষু চ দেবেষু সংস্থিতেষ্বসুরোঽচলৎ।
ইদানীং নিশ্চলার্থং হি প্রসাদং কুরু মাধব॥৫১
ব্রহ্মণো বচনং শ্রুত্বা হ্যাকৃষ্য স্বশরীরতঃ।
মূর্ত্তিং দদৌ নিশ্চলার্থং ব্রহ্মণে ভগবান্‌ হরিঃ॥৫২

ব্রহ্মা কহিলেন, হে দেব! যজ্ঞান্তে গয়াসুরকে চলিতে দেখিয়া তাঁহার শিরে দেবরূপিণী গুরুভার শিলা স্থাপন করা হয় এবং তাহাতে রুদ্রাদি সুরগণ স্থিত হইলেও গয়াসুর পূর্ব্ববৎ চলিতেছে, অতএব হে মাধব! অধুনা সেই দৈত্যকে নিশ্চলার্থ আপনি কোন উপায় বিধান করুন্‌। ৫০—৫১। ভগবান্‌ হরি ব্রহ্মবাক্যে স্বীয় দেহ হইতে এক মূর্ত্তি আকর্ষণ

আনীয় মূর্ত্তিং ব্রহ্মাপি শিলায়াং সমধারয়ৎ।
তথাপি চলিতং বীক্ষ্য পুনর্দেবমিহানয়ৎ॥৫৩
আগত্য বিষ্ণুঃ ক্ষীরাব্ধেঃ শিলায়াং সংস্থিতো-
হভবৎ।
জনার্দ্দনমাদ্যিধানেন পুণ্ডরীকাক্ষনামতঃ।
শিলায়াং নিশ্চলার্থং হি স্বয়মাদিগদাধরঃ॥৫৪

পূর্ব্বক ব্রহ্মাকে দিলেন, ব্রহ্মা ঐ মূর্ত্তি আনয়ন করতঃ শিলার উপরে রাখিলেন; কিন্তু তাহাতেও ঐ দৈত্যকে চলিতে দেখিয়া পুনর্ব্বার গিয়া শ্রীহরিকে তথায় আনয়ন করিলেন। ৫২—৫৩। গয়াসুরকে নিশ্চল করণার্থ ক্ষীরোদ হইতে বিষ্ণু নিজে আসিয়া শিলার উপরে জনার্দ্দন, পুণ্ডরীকাক্ষ ও আদিগদাধর এই তিন নামে অবস্থান করিলেন। ৫৪।

নিশ্চলার্থং পঞ্চধালীচ্ছিলায়াং প্রপিতামহঃ।
পিতামহোঽথ রুদ্রীশঃ কেদারঃ কনকেশ্বরঃ।
ব্রহ্মা স্থিতঃ স্বয়ং তত্র গজরূপী বিনায়কঃ ॥৫৫
গয়াদিত্যশ্চোত্তরার্কো দক্ষিণার্কস্ত্রিধা রবিঃ।
লক্ষ্মীঃ সীতাভিধানেন গৌরী চৈব মঙ্গলাহ্বয়া ॥৫৬
গায়ত্রী চৈব সাবিত্রী ত্রিসন্ধ্যা চ সরস্বতী।
ইন্দ্রো বৃহস্পতিঃ পূষা বসবোঽষ্টৌ মহাবলাঃ ॥৫৭

পিতামহ, পিতামহ, রুদ্রীশ, কেদার, কনকেশ্বর, এই পঞ্চভাগে ব্রহ্মা তথায় রহিলেন; বিনায়ক হস্তীরূপ ধারণ করিলেন; গয়াদিত্য, উত্তরার্ক ও দক্ষিণার্ক এই তিন ভাগে রবি বিভক্ত হই-লেন; লক্ষ্মীর নাম সীতা এবং গৌরীর নাম মঙ্গলা দেবী হইল। ৫৫—৫৬। গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতী নামে সন্ধ্যার তিন মূর্ত্তি হইল;

বিশ্বেদেবাশ্চাশ্বিনেয়ৌ মারুতো বিশ্বনায়কঃ।
যক্ষোরগগন্ধর্ব্বাদ্যশ্চ সুরেবাঃ স্বশক্তিভিঃ ॥৫৮
আদ্যয়া গদয়া চাদৌ যস্মাৎ দৈত্যঃ স্থিরীকৃতঃ।
স্থিত ইত্যেব হরিণা তস্মাদাদিগদাধরঃ ॥৫৯
উচে গয়াসুরো দেবান্ কিমর্থং বঞ্চিতো হ্যহং।
যজ্ঞার্থং ব্রহ্মণে দত্তং শরীরমমলং ময়া ॥৬০

ইন্দ্র, বৃহস্পতি, পূষা, মহাবল অষ্টবসু, বিশ্বেদেবা, অশ্বিনীকুমারদ্বয়, বিশ্বনিয়ন্তা মারুত, যক্ষ, উরগ, গন্ধর্ব্ব প্রভৃতি নিখিল সুরগণ স্ব স্ব পত্নীসহ রহিলেন। ৫৭—৫৮। আদি গদা নামক অস্ত্র দ্বারা দৈত্যরাজকে সুস্থির করিয়া ঐ অস্ত্রসহ শ্রীহরি এখানে অবস্থান করিলেন, এই হেতু তাঁহাকে 'আদিগদাধর' বলে। ৫৯। গয়াসুর দেবগণকে কহিলেন, যজ্ঞার্থে আমার পবিত্র দেহ ব্রহ্মাকে দিয়াছি, আমাকে বঞ্চনা করিতে-

বিষ্ণোর্ব্বচনমাত্রেণ কিং ন স্যাং নিশ্চলো হ্যহং।
যৎ সুরৈঃ পীড়িতোঽত্যর্থং গদয়া হরিণা তথা।
পীড়িতো যদ্যহং দেবাঃ প্রসন্নাঃ সন্তু সর্ব্বদা। ৭১
গদাধরাদয়স্তুষ্টাঃ প্রোচুর্দৈত্যং গয়াসুরং।
বরং ব্রূহি প্রসন্নাঃ স্মো দেবানূচে গয়াসুরঃ ।৭২

ছেন কেন? ৭০। আমি কি বিষ্ণুর আদেশে নিশ্চল হইতাম না? তবে আমাকে সুরগণ এত যন্ত্রণা দিতেছেন কেন? শ্রীহরিই বা কেন গদাঘাত করিতেছেন? আমাকে এইরূপ কষ্ট দিয়াই যদি আপনারা তুষ্ট হন, হউন। ৭১। গদাধর প্রভৃতি সুরগণ সন্তুষ্ট হইয়া গয়াসুরকে কহিলেন, দৈত্যবর! আমরা সন্তুষ্ট হইয়াছি, তুমি বর প্রার্থনা কর। ৭২।

গয়াসুর উবাচ।

যাবৎ পৃথ্বী পর্ব্বতাশ্চ যাবচ্চন্দ্রার্কতারকাঃ।
তাবৎ শিলায়াং তিষ্ঠন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
অন্যে চ সকলা দেবা মন্নাম্না ক্ষেত্রমস্তু বৈ। ৬৩
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি প্রযচ্ছন্তি হিতং নৃণাং॥৬৪

গয়াসুর কহিলেন, যতকাল পৃথিবী, গিরি, তারাগণ ও চন্দ্র, সূর্য্য থাকিবে, ততকাল এই শিলাতে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, এবং অন্যান্য সুরগণ অবস্থান করুন; এই ক্ষেত্র আমার নামানুসারে। [। ৬৩। এই গয়াক্ষেত্র পঞ্চ ক্রোশ হউক, আর এক ক্রোশ গয়াশির নাম ধারণ করুক; ইহাতেই নিখিল তীর্থ আসিয়া লোকহিতার্থ অবস্থান করুন। ৬৪। এই তীর্থে

স্নানাদিতর্পণং কৃত্বা পিণ্ডদানাৎ ফলাধিকং।
মহাত্মা বৈ সহস্রক কুলানাং চোদ্ধরেন্নরঃ ॥৬৫
ব্যক্তাব্যক্তস্বরূপেণ যূয়ং তিষ্ঠত সর্ব্বদা।
গদাধরঃ স্বয়ং লোকাদ্ ভূয়াৎ সর্ব্বাঘনাশনঃ ॥৬৬
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্ত তে।
ব্রহ্মহত্যাদিকং পাপং বিনশ্যতু চ সেবিনাং ॥৬৭

স্নান তর্পণ করিয়া পিণ্ডদানে অধিক ফল প্রাপ্ত হইবে. লোকে আত্মসহ সহস্র কুল পরিত্রাণ করিবে। ৬৫। হে দেবগণ! আপনারা এই স্থানে ব্যক্ত ও অব্যক্তরূপে সর্ব্বদা অবস্থান করুন; স্বয়ং গদাধর অধিষ্ঠিত হইয়া লোকের সর্ব্বপাপ দূর করুন। ৬৬। যাহাদের এখানে শ্রাদ্ধাদি পিণ্ডদান হইবে, তাহারা ব্রহ্মলোকে গমন করিবে। এখানে বাস করিলে ব্রহ্ম-

নৈমিষং পুষ্করং গঙ্গা প্রয়াগপ্রভাবিমুক্তিকং।
এতান্যন্যানি তীর্থানি ত্রিদিবে ভুবনত্রয়ীকৃতঃ।
সমাযান্তু সদা নূণাং প্রযচ্ছন্তু হিতং সুরাঃ॥৬৭
কিম্বহুক্ত্যা সুরগণা যুষ্মাস্বেকাপি দেবতা।
চেন্ন তিষ্ঠেদ্ধ্রুবং চাপি সময়ঃ প্রতিপাল্যতাং॥৬৯
গয়াসুরবচঃ শ্রুত্বা প্রোচুর্বিষ্ণ্বাদয়ঃ সুরাঃ।

হত্যাদি পাতক ধ্বংস হইবে। ৬৭। হে সুর-গণ! নৈমিষ, পুষ্কর, গঙ্গা, প্রয়াগ ও অন্যান্য মুক্তিপ্রদ নিখিল ত্রিভুবনস্থ তীর্থ লোকহিতার্থ এস্থলে আসিয়া নিরন্তর অবস্থান করুন। ৬৮। হে সুরগণ! আমি আপনাদিগকে অধিক আর কি কহিব, আপনাদের মধ্যে এক জনও যদি কখন এই ক্ষেত্র বিসর্জ্জন করেন, আমিও তৎ-ক্ষণাৎ আমার প্রতিজ্ঞা-ভঙ্গ করিয়া উত্থিত হইব। ৬৯। গয়াসুর-বচন শুনিয়া বিষ্ণু প্রভৃতি

ত্বয়া যৎ প্রার্থিতং সর্ব্বং তত্তবিষ্যতাঽসংশয়ং ॥১০
পিতৃণাং বৈ কুলশতমাত্মানং পিণ্ডদানতঃ।
প্রাপ্যাদিমং নয়িষ্যন্তি ব্রহ্মলোকমনাময়ং ॥১১
অস্মৎপাদার্চ্চয়িত্বা যাস্যন্তি পরমাং গতিং।
দেবৈর্দ্দত্তবরো দৈত্যো হর্ষিতো নিশ্চলো-
হভবৎ ॥১২
স্থিতেষু তত্র দেবেষু ব্রাহ্মণেভ্যো দদাবজঃ।

সুরগণ কহিলেন, তোমার প্রার্থিত সকলই নিঃসংশয় সুসিদ্ধ হইবে। ১০। এখানে লোকে পিণ্ডদান করিয়া আত্মাহ শতকুল পরিত্রাণ করত অনাময় ব্রহ্মলোক গমন করিবে। ১১। আমাদিগের পদ পূজা করিয়া মুক্তি প্রাপ্ত হইবে। দেবগণসকাশে ঐইরূপ বর প্রাপ্ত হইয়া দৈত্যবর সহর্ষে নিশ্চল হইলেন। ১২। সুরগণ তথায় অবস্থান করিলে, ব্রহ্মা তথায়

গ্রামাংশ্চ পঞ্চপঞ্চাশৎ পঞ্চক্রোশীং গয়াং তথাং।
গৃহান্ কৃত্বা দদৌ বিপ্রান্ সর্ব্বোপকরণসংযুতান্॥ ১৩
কামধেনুং কল্পবৃক্ষং পারিজাতাদিকাংস্তরূন্।
মহানদীং ক্ষীরবহাং ঘৃতকুল্যাদিকাংস্তথা। ১৪
মধুস্রবাং দধিকুল্যাং পয়্যাজ্যাদিসরাংসি চ।
সুবর্ণদীর্ঘিকাং চৈব বহুনন্নাদিপর্ব্বতান্ ॥১৫
ভক্ষ্যভোজ্যফলাদীংশ্চ সর্ব্বং ব্রহ্মা সৃজন্ দদৌ।

দ্বিজগণকে বাস করাইয়া পঞ্চান্নখানি গ্রাম সহ পঞ্চক্রোশী গয়া দান করিলেন; সমুদায় উপকরণ-সমন্বিত অত্যুত্তম গৃহ প্রস্তুত করিয়া দিলেন। ১৩। কামধেনু, কল্পবৃক্ষ, পারিজাত প্রভৃতি তরু, দুগ্ধ ও ঘৃতপূর্ণ মহানদী, দধি ও মধু প্রভৃতির সরোবর, সুবর্ণ-দীর্ঘিকা, বহু প্রকার অন্নপর্ব্বত, ভক্ষ্য ভোজ্য ফল প্রভৃতি বহু প্রকার দ্রব্যাদি সৃষ্টি করিয়া ব্রহ্মা ঐ গয়াবাসী

ন যাচয়ধ্বং বিপ্রেন্দ্রা ইত্যুক্ত্বা গয়াবরং।
দত্ত্বা যযৌ ব্রহ্মলোকং নত্বা হ্যাদিগদাধরং ॥ ৭৬
ধর্ম্মারণ্যে তত্র ধর্ম্মঃ যাগমিষ্টা যযাচিরে।
ধর্ম্মযাগে চ লোভাদ্বৈ প্রতিগৃহ্য ধনাদিকং ॥ ৭৭
ততো ব্রহ্মা সমাগত্য ব্রাহ্মণাংস্তান্ শশাপ হ।
কৃতবন্তো যতো লোভা মদ্দত্তেষধিকেষপি ॥ ৭৮

দ্বিজাতিকুলকে দিলেন এবং বলিলেন, ইহাতেই প্রীত থাকিও, কাহারও নিকট কিছু প্রার্থনা করিও না। এই বলিয়া আদিগদাধরকে প্রণাম করতঃ ব্রহ্মলোকে প্রস্থান করিলেন। ৭৬। তৎপরে ইহার নিকটবর্ত্তী ধর্ম্মারণ্য নামক স্থানে এক মহৎ যজ্ঞ অনুষ্ঠিত হয় এবং সেই ধর্ম্মযজ্ঞে এই সমস্ত গয়াবাসী ব্রাহ্মণেরা গিয়া লোভহেতু ধনাদি গ্রহণ করেন। ৭৭। ব্রহ্মা এই কথা শুনিয়া গয়াধামে আগমন করত ব্রাহ্মণগণকে

তস্মাত্তৃষ্ণাধিকাদ্ যূয়ং দ্বিজা বিদ্যাবিবর্জ্জিতাঃ ।
অন্নাদীনাং পর্ব্বতা যে তে চ পাষাণপর্ব্বতাঃ ॥ ৭৯
নদ্যাদয়ো বারিবহা মৃণ্ময়াশ্চ তথা গৃহাঃ ।
কামধেনুঃ কল্পবৃক্ষঃ স্বর্গোকমুপতিষ্ঠতাং ॥ ৮০
এবং শপ্তা ব্রহ্মণা তে প্রার্থয়ন্তোঽব্রুবন্মুং ।

শাপ প্রদান করিলেন; কহিলেন, আমার দত্ত ভূরি দ্রব্য বিদ্যমান থাকিতেও লোভ বশতঃ তোমরা অন্যের দান গ্রহণ করিয়াছ, এই হেতু তোমাদের বিষয়তৃষ্ণা অতি প্রবল হইবে, বিদ্যা-হীন হইবে, অন্নাদির পর্ব্বত সকল পাষাণময় হইবে, নদী সকল জলপূর্ণ হইবে, গৃহ সকল মৃত্তিকাময় হইবে এবং কামধেনু ও কল্পবৃক্ষ স্বর্গে যাইবে। ৭৮—৮০। এইরূপে অভিশপ্ত দ্বিজগণ কাতরবাক্যে ব্রহ্মার নিকট প্রার্থনা

ত্বয়া যদ্দত্তমখিলং তৎ সর্ব্বং শাপতো গতং ॥
জীবনার্থং প্রসাদং নো ভগবন্ কর্ত্তুমর্হসি ॥ ৮১
তচ্ছ্রুত্বা ব্রাহ্মণান্ ব্রহ্মা প্রোবাচেদং দয়ান্বিতঃ।
তীর্থোপজীবিকা যূয়-মাচন্দ্রার্কং ভবিষ্যথ ॥ ৮২
লোকাঃ পুণ্যা গয়ায়াং যে শ্রাদ্ধিনো ব্রহ্মলোকগাঃ
যুস্মান্ যে পূজয়িষ্যন্তি তৈরহং পূজিতঃ সদা ॥৮৩

করিলেন, হে দেব! আপনি পূর্ব্বে আমা-দিগকে যাহা যাহা দিয়াছিলেন, আপনার শাপে সে সমুদায় ধ্বংস হইল, অধুনা কৃপা প্রকাশিয়া আমাদিগের জীবন ধারণের উপায় নিরূপণ করিয়া দিতে আজ্ঞা হয়।৮১। ব্রহ্মা তখন সকরুণ হইয়া বিপ্রগণকে কহিলেন, চন্দ্র ও সূর্য্য যতদিন থাকিবে, তোমরাও ততদিন তীর্থ হইতে জীবিকা নির্ব্বাহ করিবে।৮২। পুণ্যবান্ লোকেরা গয়ায় আসিয়া শ্রাদ্ধ করত

আক্রান্তং দৈত্যজঠরং ধর্ম্মেণ বিরজাদ্রিণা।
নাভিকূপসমীপে তু দেবী যা বিরজা স্থিতা।
তত্র পিণ্ডাদিকং কৃত্বা ত্রিসপ্তকুলমুদ্ধরেৎ ॥ ৮৪
মহেন্দ্রগিরিণা তস্য কৃতৌ পাদৌ সুনিশ্চলৌ।
তত্র পিণ্ডাদিকৃৎ সপ্ত কুলাম্যুদ্ধরতে নরঃ ॥ ৮৫

ব্রহ্মলোকে যাইবে এবং দা তোমাদের অর্চ্চনা করিলেই আমাদের পূজাফল লাভ হইবে। ৮৩। ধর্ম্মরাজ, বিরজা নামক পর্ব্বত দ্বারা গয়াসুর দৈত্যের জঠরদেশ আক্রমণ করিয়াছেন; নাভিকূপসমীপে এই বিরজা দেবী আছেন, এখানে পিণ্ডদান করিলে একবিংশতি কুল পরিত্রাণ পায়। ৮৪। ঐ দৈত্যের পদদ্বয় মহেন্দ্র গিরি দ্বারা স্থির রাখা হইয়াছে, এখানে পিণ্ডাদি দিলে সপ্ত কুলের পরিত্রাণ হয়। ৮৫।

গয়াসুর নিশ্চল নামক দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়োঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কথং শিলা সমুৎপন্না যয়াক্রান্তো গয়াসুরঃ।
কিং রূপং কিঞ্চ মাহাত্ম্যং তস্যা কিং বান্নাম চ ॥ ১

সনৎকুমার উবাচ—

আসীদ্ধর্ম্মো মহাতেজাঃ সর্ব্ববিজ্ঞানপারগঃ।
বিশ্বরূপা চ তৎপত্নী ভর্তৃব্রতপরায়ণা ॥ ২

নারদ কহিলেন, গয়াসুরের উপরে যে শিলা স্থাপিত হইয়াছে, তাহার উৎপত্তি কিরূপে হইয়াছিল, এবং তাহার রূপ, মাহাত্ম্য ও নামই বা কি ছিল, কীর্ত্তন করুন। ১।

সনৎকুমার কহিলেন, ধর্ম্ম নামে কোন এক সর্ব্বজ্ঞ মহাতেজস্বী লোক ছিলেন। তাঁহার বিশ্ব-

তস্যাং ধর্ম্মাৎ সমুৎপন্না কন্যা ধর্ম্মব্রতা সতী।
সর্ব্বলক্ষণসম্পূর্ণা লক্ষ্মীরিব গুণাধিকা ॥ ৩
তস্যাং যে তু গুণা হ্যাসংস্তে ন সন্তি জগত্ত্রয়ে।
ধর্ম্মো ধর্ম্মব্রতায়াস্তু ত্রিষু লোকেষু মার্গয়ন্ ॥ ৪
নানুরূপং বরং লেভে ধর্ম্মোক্তা বরসিদ্ধয়ে।
তপঃ কুরু বরার্থং ত্বং তথেত্যুক্ত্বা বনং যযৌ ॥ ৫

রূপা নাম্নী পতিব্রতা স্ত্রী ছিল। ২। ঐ স্ত্রীর গর্ভে ধর্ম্মের ঔরসে লক্ষ্মীর ন্যায় সর্ব্বগুণবতী সর্ব্বলক্ষণলক্ষিতা এক সতী কন্যার জন্ম হয়।৩। ঐ কন্যাতে এমন গুণ ছিল যে, তাহার পিতা ধর্ম্ম ত্রিভুবন ভ্রমণ করিয়াও কন্যার অনুরূপ গুণবান্ পতি প্রাপ্ত হইলেন না, ইহাতে তাঁহার কন্যাকে তপস্যা দ্বারা স্বীয়-পতি লাভার্থে উপদেশ করিয়া তিনিও তপস্যার্থ কাননবাস আশ্রয়

কন্যা সা চ তপস্তেপে সর্ব্বেষাং দুশ্চরঞ্চ যৎ।
বায়ুভক্ষা শ্বেতকল্পে বর্ষাণাময়ুতং পুরা॥ ৬

ব্রহ্মণো মানসঃ পুত্রো মরীচির্নাম বিশ্রুতঃ।
প্রবৃত্তিলক্ষণং ধর্ম্মং কর্ত্তুং স ব্রহ্মণেরিতঃ॥ ৭

পর্য্যটন্ পৃথিবীং সর্ব্বাং কন্যারত্নং দদর্শ সঃ।
রূপযৌবনসম্পন্নাং পরমে তপসি স্থিতাং॥ ৮

করিলেন। ৪—৫। তখন কন্যা সর্ব্বলোক-দুষ্কর তপস্যায় প্রবৃত্ত হইলেন। শ্বেতকল্পে দশ হাজার বৎসর কেবল বায়ু ভক্ষণ করিয়াছিলেন। ৬। এদিকে বিধির মানসপুত্র বিখ্যাত মরীচি ঋষি পিতা কর্ত্তৃক সংসারধর্ম্ম পালনার্থ আদেশ পাইয়া নিখিল ধরা ভ্রমণ পূর্ব্বক তপস্যা-রত রূপ-যৌবন সম্পন্ন সেই কন্যা-রত্নকে দেখিলেন। ৭—৮। অনন্তর তাঁহাকে কহি-

পপ্রচ্ছাথ মরীচিস্তাং কা ত্বং কস্যাসি তদ্বদ ।
রূপেণানেন মাং নূনং বিমোহয়সি সুব্রতে ।
ব্রহ্মাত্মজোঽহং বিখ্যাতো মরীচির্বেদপারগঃ ॥ ৯
মরীচের্বচনং শ্রুত্বা প্রোবাচেদং শুচিস্মিতা ।
অহং ধর্মব্রতা নাম ধর্মপুত্রী তপোঽন্বিতা ॥ ১০
পতিব্রতার্থং বিপ্রেন্দ্র চরামি পরমং তপঃ ।
কামাবাপ্তির্ভবেদ্ যাবত্তাবদেতৎ প্রবর্ত্তনং ॥ ১১

লেন, হে সুব্রতে! তুমি কে? কাহার স্ত্রী? বল; তোমার রূপে আমি মোহিত হইয়াছি। আমি ব্রহ্মার বিখ্যাত পুত্র, আমি বেদবিৎ, আমার নাম মরীচি। ৯। মরীচির কথা শুনিয়া কন্যা তপস্যা করিতে করিতে কহিলেন, আমি ধর্ম্মের নন্দিনী,আমার নাম ধর্ম্মব্রতা,আমি পতি-লাভার্থে এই দুষ্কর তপস্যায় প্রবৃত্ত রহিয়াছি. কামনা পূর্ণ না হওয়া পর্য্যন্ত এইরূপেই

ধর্ম্মব্রতাং মরীচিস্তামুবাচ প্রীতিপূর্ব্বকং।
পতিব্রতা দর্শনাত্মে ভবিষ্যসি শুভব্রতে॥ ১২
পতিব্রতেচ্ছয়া পৃথ্বীং বিচরামি দিবানিশং।
ত্বঞ্চৈব পতিব্রতা জাতা ভজস্বং ভজ মাং বরং॥ ১৩
লোকে ন ত্বাদৃশী কন্যা মম তুল্যো ন তে বরঃ।
ধর্ম্মব্রতে ধর্ম্মপুত্রি তস্মাত্ত্বং ভব মেঽধুনা॥ ১৪

থাকিব। ১১। মরীচি প্রীতিসহকারে ধর্ম্মব্রতাকে কহিলেন, হে শুভব্রতে! আমার দর্শনেই তুমি পতিব্রতা হইবে। আমি যে পতিব্রতাকে প্রাপ্ত হইবার জন্য অহর্নিশি পৃথিবী ভ্রমণ করিতেছি, তুমিই নিশ্চয় সেই পতিব্রতা জন্মিয়াছ; এজন্য তুমি আমাকে ভজন করিবার যোগ্য। ১২—১৩। পৃথিবীতে তোমার মত কন্যা ও আমার মত বর নাই; হে ধর্ম্মব্রতে! এই জন্য তুমি অধুনা আমার

ধর্ম্মব্রতা মুনিং প্রাহ ধর্ম্মং যাচস্ব সুব্রত।
তচ্ছ্রুত্বা ধর্ম্মমর্ম্মজ্ঞমুনিং ধর্ম্মো দদর্শ হ॥ ১৫
তেজঃপুঞ্জং বরং মত্বা অর্ঘ্যপাদ্যাদিনার্চ্চয়ৎ।
কিমর্থমাগতঃ পৃষ্টো মরীচির্ধর্ম্মমব্রবীৎ॥ ১৬
কন্যার্থং ব্রহ্মণা পূর্ব্বং দৃষ্টা তে কন্যকা ময়া।
মহ্যং কন্যাঞ্চ তাং দেহি শ্রেয়স্তব ভবিষ্যতি॥ ১৭

হও। ১৪। ধর্ম্মব্রতা মুনিকে কহিলেন, ধর্ম্মের নিকট প্রার্থনা করুন। ইহা শুনিয়া ধর্ম্মের নিকট গমন করায় ধর্ম্ম সেই মুনিকে দেখিতে [illegible] ॥ ১৫॥

সেই তেজঃপুঞ্জ ঋষিবরকে প্রণাম করত আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন। মরীচি ধর্ম্মকে কহিলেন, আমি বিবাহার্থী হইয়া ব্রহ্মা [illegible] পূর্ব্বক আপনার কন্যারত্ন পাইলাম। আমাকে উক্ত কন্যা সম্প্রদান করিলে

অর্ঘ্যাদিনা সমভ্যর্চ্চ্য ধর্ম্মঃ প্রোবাচ তথেতি তং।
ধর্ম্মব্রতাং সমানীয় দত্তবাংস্তাং মরীচয়ে॥ ১৮
ব্রাহ্মেণ তু বিবাহেন ধনরত্নাদিকং দদৌ।
বরঞ্চ দত্তবাংস্তস্মৈ স্ববাক্যঞ্চ যথাকৃতং।
অগ্নিহোত্রেণ সহিতাং স্বাশ্রমং তাং নিজোঽনয়ৎ॥ ১৯

আপনার মনোরথ সিদ্ধ হইবে। ১৬—১৭
"তাহাই হউক" বলিয়া ধর্ম্ম ধর্ম্মব্রতাকে আনয়ন পূর্ব্বক অর্ঘ্যাদি দ্বারা পূজা করত মরীচিকে সম্প্রদান করিলেন। ১৮। ব্রাহ্মবিধানমতে বিবাহ-কর্ম্ম সমাধা হইল এবং বরকে ধন-রত্নাদি যৌতুক প্রদান করা হইল। মরীচি, স্বীয় বাক্যানুসারে কার্য্য সমাধা হইল দেখিয়া ধর্ম্মকে অভিলষিত বর দিয়ে অগ্নি-হোত্রের সহ পত্নিব্রতাকে লইয়া আশ্রমে গমন

রেমে মুনিস্তয়া সার্দ্ধং যথা বিষ্ণুঃ শ্রিয়া সহ।
পার্ব্বত্যা চ যথা শম্ভুঃ সরস্বত্যা যথা হ্রজঃ॥ ২০
জজ্ঞে পুত্রশতং তস্যাং মরীচের্বিবুধোপমং।
মরীচিঃ ফলপুষ্পার্থং বনং গত্বা সমাগতঃ॥ ২১
শ্রান্তঃ কদাচিত্তাং পত্নীমুবাচেতি পতিব্রতাং।
ভুক্ত্বা তু শয়নস্থস্ত পাদসংবাহনং কুরু॥ ২২

করিলেন। ১৯। বিষ্ণুর সহিত লক্ষ্মীর ন্যায়, শম্ভুর সহিত পার্ব্বতীর ন্যায় এবং ব্রহ্মার সহিত সরস্বতীর ন্যায় তাঁহারা উভয়ে রমণ করিতে লাগিলেন। ২০। ঐ কন্যার গর্ভে ক্রমে মরীচির দেবসদৃশ একশত পুত্র জন্মিল। তদনন্তর এক দিবস বন হইতে ফল-কুসুমাদি লইয়া পরিশ্রান্ত হইয়া মরীচি আহারান্তে শয়ন করত পতিব্রতা নারীকে পদসেবা করিতে বলিলেন। ২১—২২।

ধর্ম্মব্রতা তথেত্যুক্ত্বা শয়ানস্য চ সা মুনেঃ।
পাদসংবাহনং চক্রে ঘৃতেনাভ্যজ্য তৎপরা॥ ২৩
নিদ্রায়মাণেহথ মুনৌ ব্রহ্মা তং দেশমাগতঃ।
ইয়েষ দৃষ্ট্বা ব্রহ্মাণং মনসার্চ্চয়িতুং প্রভুং॥ ২৪
পাদসংবাহনং কার্য্যং কিং ব্রহ্মাণঃ প্রপূজন
ইত্যাকুলা সমুত্তস্থৌ নত্বা সা তং গুরোগুরুং॥২৫

"তাহাই হউক" বলিয়া ধর্ম্মব্রতা ঘৃত মাখাইয়া শয্যাস্থিত সেই ঋষির চরণ সেবা করিতে লাগিলেন। ২৩। ক্রমে ঋষি নিদ্রাগত হইলেন; ইত্যবসরে তথায় ব্রহ্মা আসিয়া সমাগত। জগৎপ্রভু বিধিকে দেখিয়া পূজা করিতে লালসা হইল; তাহাতে মনে মনে চিন্তা করিলেন, এখন চরণ সেবা করাই উচিত, কি ব্রহ্মাকে যথাবৎ পূজা করাই কর্ত্তব্য? এই প্রকারে আকুল অন্তরে উঠিয়া গুরুর গুরুকে প্রণাম

অর্ঘ্যপাদ্যাদিভিঃ দত্বা ব্রহ্মাণং সমপূজয়ৎ ।
সংস্কৃতায়াঞ্চ শয্যায়াং বিশ্রামমকরোদজঃ ॥ ২৬
এতস্মিন্নন্তরে ধর্ম্মা শনৈরুত্থী স্বতন্দ্রতঃ ।
ধর্ম্মব্রতামপশ্যন্ স মুনিঃ ক্রুদ্ধঃ শশাপ তাং ॥ ২৭
পাদসংবাহনং ত্যক্ত্বা মদাজ্ঞাং বিহায় মে ।
গতান্যত্র ততঃ পাপে শাপো মত্তঃ শিলা ভব ॥২৮

করিলেন; পাদ্য অর্ঘ্যাদি দ্বারা সম্যক্‌বিধানে অর্চ্চনা করিলেন; ব্রহ্মা তৎপরে পরিষ্কৃত শয্যায় শয়ান হইয়া বিশ্রাম উপভোগ করিতে লাগিলেন ॥ ২৪—২৬ । তখন সেই ঋষি শনৈঃ শনৈঃ জাগরিত হইয়া তথায় ধর্ম্মব্রতাকে দেখিতে না পাইয়া রোষে শাপ প্রদান করিলেন ॥ ২৭ ॥ কহিলেন, "আমার কথায় অবহেলা করত চরণ-সেবা ত্যাগ করিয়া স্থানান্তরে গমন করিয়াছ, সেই পাপ বশতঃ আমার শাপে তুমি শিলা-

ভর্ত্রী ধর্ম্মব্রতা শপ্তা মরীচিং প্রাহ কোপিতা।
শয়ানে ত্বয়ি সংপ্রাপ্তো ব্রহ্মা ত্বজ্জনকো গুরুঃ ॥ ২৯
ত্বয়োত্থায় হি কর্ত্তব্যং ত্বগুরোঃ পূজনং সদা।
ময়া তু ধর্ম্মচারিণ্যা তব কার্য্যে কৃতে মুনে ॥ ৩০
অদোষাপি যতঃ শপ্তা তস্মাচ্ছাপং দদামি তে।
ত্বঞ্চ শাপং মহাদেবাত্তর্ত্তঃ প্রাপ্স্যত্যসংশয়ং ॥ ৩১

রূপিণী হও। ২৮। এইরূপে শাপগ্রস্তা ধর্ম্মব্রতা স্বীয় স্বামীকে সরোষে কহিলেন, "তুমি নিদ্রিত হইলে তোমারই পিতা ও গুরু বিধি এখানে আসিলেন; যে গুরুকে তোমার উঠিয়া অর্চ্চনা করা উচিত, তোমার স্ত্রী আমি সেই কর্ম্ম করিয়াছি, এ হেতু আমার কোন অপরাধ নাই; কিন্তু তুমি আমাকে বিনা দোষে শাপ দান করিয়াছ; সেই হেতু আমিও তোমাকে প্রতিশাপ দিতেছি যে, হে নাথ! তুমিও মহেশ্বর হইতে

তং ব্যাকুলং পতিং দৃষ্ট্বা ব্যাকুলা সা পতিব্রতা।
পতিব্রতাত্বমাহাত্ম্যাৎ পত্যুঃ শাপং দধার সা। ৩২
নত্বা শয়ানং ব্রহ্মাণমগ্নিং প্রজ্বাল্য চেন্ধনৈঃ।
গার্হপত্যে স্থিতা চক্রে তপঃ পরমদুশ্চরং। ৩৩
পত্ন্যা শপ্তো মরীচিস্তু তপস্তেপে সুদারুণং।
পতিব্রতায়াস্তপসা মরীচেস্তপসা তথা। ৩৪

শাপ প্রাপ্ত হইবে, সন্দেহ নাই।" । ২৯—৩১। তিনি স্বীয় ভর্ত্তাকে কাতর দেখিয়া আপনিও অত্যন্ত ব্যাকুলা হইলেন এবং পতিব্রতামাহাত্ম্য নিবন্ধন পতিশাপ গ্রহণ করিলেন। ৩২। পরে বিধি-সকাশে গিয়া তাঁহাকে নিদ্রিত দর্শনে প্রণামপূর্ব্বক কাষ্ঠ দ্বারা বহ্নি প্রজ্বালিত করিয়া তন্মধ্যে পরম দুষ্কর গার্হপত্য তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন। ৩৩। রমণী কর্ত্তৃক অভিশপ্ত মরীচিও কঠোর তপস্যায় রত হইলেন; তাঁহা-

সন্তাপিতং জগৎ সর্ব্বং সদেবাসুরমানুষং।
ইন্দ্রাদয়শ্চ সন্তপ্তা গতাস্তে শরণং হরিং॥ ৩৫
উচুঃ ক্ষীরোদধৌ সুপ্তং সন্তপ্তাস্তপসা হরে।
পতিব্রতায়াস্তপসা ত্রৈলোক্যং রক্ষ কেশব॥ ৩৬
ইন্দ্রাদীনাং বচঃ শ্রুত্বা বিষ্ণুর্ধর্ম্মব্রতাং যযৌ।
এতস্মিন্নেব কালে তু প্রবুদ্ধো ভগবানজঃ।
উচুর্ধর্ম্মব্রতাং দেবা অগ্নিস্থাং সহকেশবাঃ॥ ৩৭

দের উভয়ের তপোবলে ত্রিলোক সন্তাপিত হইল, ইন্দ্রাদি লোকপালেরা শ্রীহরির শরণাগত হইলেন। ৩৪—৩৫। তাঁহারা ক্ষীরোদ সমুদ্রে গিয়া কহিতে লাগিলেন, হে হরে! হে কেশব! পতিব্রতার তপোবল হইতে ত্রিভুবন পরিত্রাণ করুন্। ৩৬। ইন্দ্রাদি সুরগণের বচনে বিষ্ণু পতিব্রতা-সকাশে গমন করিলেন, তখন ব্রহ্মাও জাগরিত হইলেন। হরি সহ সুরগণ অগ্নি-মধ্য-

অগ্নিমধ্যে তপঃ কর্ত্তুং কস্যাঃ শক্তিঃ পতিব্রতে।
ত্বয়া কৃতং তৎ পরমং সর্ব্বলোকভয়ঙ্করং॥ ৩৮
বরং বরয় ধর্ম্মজ্ঞে হ্যস্মত্তো যদভীপ্সিতং।
বিষ্ণ্বাদীনাং বচঃ শ্রুত্বা দেবান্ ধর্ম্মব্রতাব্রবীৎ॥৩৯
ভর্ত্তৃশাপমশক্তাহং নিবর্ত্তয়িতুমোজসা।
দত্তো মরীচিনা শাপো মহ্যং স ব্যপগচ্ছতু॥ ৪০

গণ পতিব্রতাকে বলিতে লাগিলেন। ৩৭। হে পতিব্রতে! অগ্নিমধ্যে তপস্যা করা তোমা ব্যতীত কাহারও সামর্থ্য নাই; তুমিই সর্ব্বলোক-ভয়ঙ্কর এই দারুণ তপস্যা করিয়াছ। ৩৮। হে ধর্ম্মজ্ঞে! আমাদিগের নিকট হইতে বাঞ্ছিত বর গ্রহণ কর। এই বাক্য শুনিয়া ধর্ম্মব্রতা বিষ্ণু প্রভৃতি সুরগণকে কহিলেন, আমি পতিশাপ নিবারণ করিতে অসমর্থ, আপনারা মরীচিদত্ত এই অভি-

ধর্ম্মব্রতাবচঃ শ্রুত্বা প্রোচুরেতাং সুরাঃ পুনঃ।
ধর্ম্মব্রতে ধর্ম্মপুত্রি শাপোঽয়ং পরমর্ষিণা॥ ৪১
দত্তস্তে ন নিরাকর্ত্তুং শক্যো দেবদ্বিজাতিভিঃ।
তস্মাদন্যং বরং ব্রূহি যতো ধর্ম্মস্য সংস্থিতিঃ॥ ৪২
ভবেদ্বৈ ত্রিষু লোকেষু বেদোক্তস্য শুভব্রতে।
বিষ্ণ্বাদীনাং বচঃ শ্রুত্বা দেবান্ ধর্ম্মব্রতাব্রবীৎ॥৪৩

সম্পাত দূর করুন। ৪০। দেবগণ পুনর্ব্বার কহিলেন, হে ধর্ম্মনন্দিনি ধর্ম্মব্রতে! পরম ঋষি এই শাপ দিয়াছেন, ইহা দূর করিবার সাধ্য দেবতা বা বিপ্রগণ কাহারও নাই; অতএব হে শুভব্রতে! ত্রিভুবনে বেদোক্ত ধর্ম্ম সংস্থাপনার্থ অন্য কোন বর যাচ্ঞা কর। ৪১—৪২। ধর্ম্মব্রতা কহিলেন, যদি নিতান্তই ভর্তৃশাপ হইতে আমাকে মোচন করিতে অসমর্থ, তবে আমাকে এইরূপ অত্যুত্তম

ভর্ত্তুঃ শাপান্মোচয়িতুং ন শক্তাশ্চ বদামরাঃ।
মহ্যং বরং প্রযচ্ছধ্বং এবংবিধমনুত্তমং ॥ ৪৪
শিলাহং প্রভবিষ্যামি ব্রহ্মাণ্ডে পাবনী শুভা।
নদীনদসরস্তীর্থদেবাদিভ্যোঽতিপাবনী ॥ ৪৫
ঋষ্যাদিভ্যো মুনিভ্যশ্চ মুখ্যদেবেভ্য এব চ।
ত্রৈলোক্যে যানি লিঙ্গানি ব্যক্তাব্যক্তাত্মকান্যপি
তানি তিষ্ঠন্ত মদ্দেহে তীর্থরূপেণ সর্ব্বদা ॥ ৪৬

বর প্রদান করুন, যেন আমি শিলা হইব, কিন্তু ব্রহ্মাণ্ডমধ্যে সর্ব্বাপেক্ষা বিশুদ্ধা ও শুভা হইব; নদী, নদ; সরোবর, তীর্থ, দেবতা প্রভৃতি হইতে অতি শুচি হইব; ঋষিগণ, মুনিগণ, প্রধান প্রধান দেবগণ, এবং ত্রিভুবনে যে সকল প্রকাশিত ও অপ্রকাশিত দেবমূর্ত্তি আছেন, সেই সমস্ত আসিয়া মদীয় শরীরে

তীর্থান্যপি চ সর্ব্বাণি নক্ষত্রপ্রমুখাস্তথা।
তিষ্ঠন্তু দেবাঃ সকলা দেব্যশ্চ মুনয়স্তথা। ৪৭
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ লক্ষয়িত্বা পদং মম।
পঞ্চাগ্নয়ঃ কুমারাদ্যা বহুরূপেণ সংস্থিতাঃ ॥ ৪৮
মূর্ত্তামূর্ত্তস্বরূপেণ পদরূপেণ দেবতাঃ।
শিলায়াং ক্রোশমাত্রেণ মূর্ত্তিরূপাঃ স্থিতা ভুবি ॥৪৯

তীর্থরূপে নিরন্তর অধিষ্ঠান করুন; নক্ষত্রাদি জ্যোতিষ-মণ্ডল, অপরাপর তীর্থসমূহ, দেব দেবী ও ঋষিগণ এখানে অবস্থান করুন; বিধি, বিষ্ণু ও রুদ্র আমাতে পদচিহ্ন লক্ষ্য করিয়া অবস্থান করুন, পঞ্চাগ্নি ও কুমারাদি আমাতে বহুরূপে অবস্থিত থাকুন; ধরামধ্যে এক ক্রোশ পরিমাণ আমার এই শিলামূর্ত্তিতে স্বরূপ মূর্ত্তি, অমূর্ত্তি কিম্বা পদরূপ ধারণ করত অবস্থিত

তাং দৃষ্ট্বা সর্ব্বলোকশ্চ মহাপাতকনাশিনীং।
পূতো ধর্ম্মাধিকারী চ শ্রাদ্ধকৃদ্ ব্রহ্মলোকভাক্ ॥৫০
শিলাস্থিতেষু তীর্থেষু স্নাত্বা কৃত্বাথ তর্পণং।
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্তু তে ॥৫১
স্থাস্যন্তি চ মরিষ্যন্তি যান্তু ব্রহ্মপুরীং নরাঃ।
বারাণসী প্রয়াগশ্চ পুরুষোত্তমসংজ্ঞকং ॥ ৫২

হউন। ৪৫—৪৯। মহাপাপহারিণী এই শিলামূর্ত্তি লোকে দেখিয়া পবিত্র ও ধর্ম্মাধিকারী হইবে এবং এখানে শ্রাদ্ধ করিলে ব্রহ্মলোক লাভ করিবে। ৫০। এই শিলায় সংস্থিত তীর্থ-সমূহে স্নান তর্পণ করিয়া যাহার শ্রাদ্ধাদি পিণ্ডদান করা হইবে, সে ব্রহ্মধামে প্রস্থান করিবে। ৫১। লোকে এখানে অবস্থিতি করিলে কিম্বা মৃত্যু লাভ করিলে ব্রহ্মপুরী গমন করিবে; বারাণসী, প্রয়াগ, পুরুষোত্তম

গঙ্গাসাগরসংজ্ঞশ্চ নিত্যং তিষ্ঠতু ফল্গুনি।
গদাধরাধিষ্ঠিতং তৎ সর্ব্বতীর্থোত্তমোত্তমং।
মুক্তির্ভবেৎ মৃতানাঞ্চ বহুনাং শ্রাদ্ধতঃ সদা॥ ৫৩
জরায়ুজাণ্ডজা ব্যপি স্বেদজা বাপি চোদ্ভিদঃ।
ত্যক্ত্বা দেহং শিলায়াস্তে যান্ত বিষ্ণুস্বরূপতাং॥৫৪
যথার্চ্চিতে হরৌ সর্ব্বে যজ্ঞাঃ পূর্ণা ভবন্তি হি।
তথা শ্রাদ্ধং তর্পণঞ্চ স্নানঞ্চাক্ষয়মস্থিহ॥ ৫৫

ও গঙ্গাসাগর নামক তীর্থসমূহ নিরন্তর ফল্গুতীর্থে অবস্থান করুন; গদাধরযুক্ত এই সর্ব্বপ্রধান তীর্থে শ্রাদ্ধ করিলে সর্ব্বদা বহুবিধ মৃত ব্যক্তির পরিত্রাণ হইবে। ৫৩। এই শিলায় চারি প্রকার প্রাণী শরীর ত্যাগ করিলে বিষ্ণুর সারূপ্যরূপ মুক্তি লাভ করিবে। ৫৪। শ্রীহরি স্মরণে যেরূপ সর্ব্বযজ্ঞ পূর্ণ হয়, তদ্রূপ এখানে স্নান, তর্পণ ও শ্রাদ্ধে অক্ষয় ফল হউক। ৫৫।

মম দেহে সুরেশানাং যে জপন্তি শ্রুতাদিকং।
অচিরেণাপি তে সিদ্ধাঃ সিদ্ধিভাজো ভবন্তু বৈ ॥৫৬
পিতৃণাং কুলসাহস্রমাত্মনা সহিতং নরঃ।
শ্রাদ্ধাদিনা সমুদ্ধৃত্য বিষ্ণুলোকং নয়েদ্ধ্রুবং ॥ ৫৭
যাবন্ত্যো হি সরিৎশ্রেষ্ঠা গঙ্গাদ্যাশ্চ হ্রদাঃ শুভাঃ।
সমুদ্রাদ্যাঃ সরোমুখ্যা মানসাদ্যাঃ সুরেশ্বরাঃ।
নৃণাং শ্রাদ্ধং বিদধতো মুক্তয়ে নিবসন্তু মে ॥ ৫৮

হে সুরগণ! আমার এই শিলাদেহে কেহ শ্রুতাদি জপ করিলে আশু সিদ্ধি লাভ করিবে। ৫৬। এখানে শ্রাদ্ধাদি দ্বারা লোকে সহস্র কুল পিতৃগণের সহিত স্বয়ং বিষ্ণুধাম প্রাপ্ত হইবে। ৫৭। হে সুরগণ! সরিদ্বরা জাহ্নবী প্রভৃতি এবং মানসাদি মুখ্য সরোবর-সমূহ লোকের শ্রাদ্ধকার্য্যে মুক্তিদান হেতু আমাতে নিরন্তর অবস্থান করিবে। ৫৮।

শরীরেণ সমায়াস্তু কচিন্নো যান্তু দেবতাঃ।
একো বিষ্ণুস্ত্রিধামূর্ত্তির্যাবৎ সঙ্কীর্ত্ত্যতে বুধৈঃ॥ ৫৯
তাবচ্ছিলায়াং সর্ব্বাণি তীর্থানি সহ দৈবতৈঃ।
সদা তিষ্ঠন্তু মুনয়ো গন্ধর্ব্বাণাং গণাশ্চ যে।
সর্ব্বদেবস্বরূপা চ নায়েয়ং দেবরূপিণী।
যাবত্তবতি ব্রহ্মাণ্ডং তাবত্তিষ্ঠতু বৈ শিলা॥ ৬০
মম দেহেঽশ্মরূপে চ যে জপন্তি তপন্তি চ।
জুহ্বত্যগ্নৌ চ তেষাং বৈ তদক্ষয্যোপতিষ্ঠতাং॥৬১

যাবৎ সুধীগণ বিষ্ণুর ত্রিমূর্ত্তি কীর্ত্তন করিবে, তাবৎ পর্য্যন্ত মুনিগণ, গন্ধর্ব্বগণ ও দেবগণ নিজ নিজ ভার্য্যা সহ আমার এই শিলারূপ দেহে অবস্থান করিবেন এবং যাবৎ ব্রহ্মাণ্ড থাকিবে, এই শিলাও তাবৎ বিদ্যমান থাকিবে। ৫৯—৬০।
আমার এই শরীরে যজ্ঞ, তপস্যা ক্রিয়া জপ প্রভৃতি করিলে অনন্ত ফলপ্রদ হইবে। ৬১।

অক্ষয়ন্তু ভবেচ্ছ্রাদ্ধং জপহোমতপাংসি চ।
শিলাপর্ব্বতরূপেণ ময়ি তিষ্ঠন্ত ভোঃ সুরাঃ। ৬২
ধর্ম্মব্রতাবচঃ শ্রুত্বা দেবাঃ প্রোচুঃ পতিব্রতাং।
ত্বয়া যৎ প্রার্থিতং সর্ব্বং তদ্ভবিষ্যত্যসংশয়ং॥ ৬৩
গয়াসুরস্য শিরসি ভবিষ্যসি যদা স্থিরা।
তদা পাদাদিরূপেণ স্থাস্যামস্ত্বয়ি সুস্থিরাঃ।

এই স্থানে শ্রাদ্ধ, জপ, হোম ও তপস্যা অক্ষয় হইবে। হে সুরগণ! যদি এ প্রকার হয়, তবেই আমি পর্ব্বতশিলা মূর্ত্তি পরিগ্রহ করিব। ৬২। তখন দেবগণ কহিলেন, "তোমার প্রার্থনা অবশ্য সর্ব্বথা সুসিদ্ধ হইবে। ৬৩। গয়াসুরকে নিশ্চল-করণার্থ তদীয় শিরোপরি যখন তুমি স্থাপিত হইবে, তখন পদচিহ্নাদিরূপে তোমাতে আমরা অধিষ্ঠান করিব। সুরগণ সেই শিলাকে

বরং শিলায়ৈ দত্ত্বৈবং তত্রৈবান্তর্দ্দধুঃ সুরাঃ ॥ ৬৪

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়া-
মাহাত্ম্যে ধর্ম্মব্রতায়াঃ বরোপলম্ভনং
নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

চতুর্থোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

বক্ষ্যে শিলায়া মাহাত্ম্যং শৃণু নারদ মুক্তিদং।
যস্যা গায়ন্তি দেবাশ্চ মাহাত্ম্যং মুনিপুঙ্গবাঃ ॥ ১

এইরূপ বর দান করিয়া সেইখানেই অন্তর্হিত হইলেন। ৬৪।

ধর্ম্মব্রতাবরপ্রাপ্তি নামক তৃতীয় অধ্যায় সমাপ্ত।

সনৎকুমার বলিলেন, হে নারদ! মোক্ষপ্রদ শিলা মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি, অবধান কর।

শিলা স্থিতা পৃথিব্যাং সা দেবরূপাতিপাবনী।
বিচিত্রাখ্যং শিলাতীর্থং ত্রিষু লোকেষু বিশ্রুতং ॥২
তস্যাঃ সংস্পর্শনাল্লোকাঃ সর্ব্বে হরিপুরং যযুঃ।
শূন্যে যমপুরে জাতে যমো ব্রহ্মাণমাগতঃ।
উচে [illegible] ব্রহ্মন্ শূন্যা পুরী হ্যভূৎ ॥৩
অধিকারং গৃহাণ ত্বং যমদণ্ডং পিতামহ।

হে মুনিপ্রবর! এই শিলা-মাহাত্ম্য সুরগণও কীর্ত্তন করিয়া থাকেন। ১। অতি পবিত্র দেব-রূপিণী এই শিলা ধরাতলে স্থাপিত হইয়া বিচিত্র শিলাতীর্থ নামে ত্রিভুবনে প্রথিত হইল। ২। তাহাকে স্পর্শ করিয়া লোকে বৈকুণ্ঠপদে গমন করিতে লাগিল; এই প্রকারে যমরাজা নিজ পুরী শূন্য দর্শনে ব্রহ্মধামে গমন করত, শিলা-স্পর্শ হেতু নিজপুরী শূন্য হওয়া বিবরণ তাঁহাকে অবগত করাইয়া, স্বীয় অধিকার ও যমদণ্ড

যমমূচে ততো ব্রহ্মা স্বগৃহে ধারয়স্ব তাং।
ব্রহ্মোক্তো ধর্ম্মরাজস্তু গৃহে তাং সমধারয়ৎ ॥ ৪
যমোঽধিকারং স্বং চক্রে পাপিনাং শাসনাদিকং।
এবংবিধা গুরুতরা শিলা জগতি বিশ্রুতা ॥ ৫
যথা ব্রহ্মা যথা বিষ্ণুর্যথা দেবো মহেশ্বরঃ।
ব্রহ্মাণ্ডে চ যথা মেরু-স্তথেয়ং দেবরূপিণী ॥ ৬

প্রত্যর্পণ করিতে উদ্যত হইলেন। তাহাতে বিধি যমগৃহে উক্ত শিলা রক্ষা করিতে বলায়, ধর্ম্মরাজ সেই শিলাকে লইয়া গৃহে রাখিলেন। ৩—৪। পরে যম পাতকীদিগের শাসনাদি আপন কার্য্য যথানিয়মে সম্পাদন করিতে লাগিলেন; এই প্রকারে বিধি, বিষ্ণু, রুদ্র কিম্বা সুমেরু গিরির ন্যায় দেবরূপিণী গুরুতার সেই শিলা ধরাতলে প্রথিত হইল। ৫—৬।

গয়াসুরস্ত শিরসি গুরুত্বান্নিবিতা যতঃ ।
পবিত্রয়োর্দ্বয়োর্যোগঃ পিতৃণাং মোক্ষদায়কঃ ॥ ৭
গয়াসুরশিলাযোগে হয়মেধমজোঽকরোৎ ।
ভাগার্থমাগতান্ দৃষ্ট্বা বিষ্ণ্বাদীনব্রবীচ্ছিলা ॥ ৮
শিলাস্থিতিপ্রতিজ্ঞাং তু কুর্বন্তু পিতৃমুক্তয়ে ।
তথেত্যুক্ত্বা শিলায়াস্তে দেবা বিষ্ণ্বাদয়ঃ স্থিতাঃ ॥ ৯

ইহার অতিশয় ভার নিবন্ধন যখন গয়াসুর-শিরে স্থাপিত হইয়াছে, তখন এই দুই অতি বিশুদ্ধ পদার্থ সংযুক্ত হইয়া পিতৃগণের মোক্ষপ্রদ হইয়াছে। পরে গয়াসুর-মস্তকে শিলা সংযুক্ত হইলে বিধি তাহাতে অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করিলেন; তাহাতে বিষ্ণু প্রভৃতি সুরগণ স্ব স্ব ভাগগ্রহণার্থে উপস্থিত হইলে শিলা, পিতৃমুক্তি বশতঃ তথায় থাকিবার জন্ত তাঁহাদের পূর্ব্ব প্রতিজ্ঞা স্মরণ করাইয়া দেওয়ায় বিষ্ণু প্রভৃতি

শিলারূপেণ মূর্ত্তাশ্চ পদরূপেণ দেবতাঃ।
ব্যক্তাব্যক্তস্বরূপেণ স্থিতাঃ সর্ব্বাঃ প্রতিজ্ঞয়া ॥১০
দৈত্যস্ত মুণ্ডপৃষ্ঠে তু শিলা যস্মাচ্চ সংস্থিতা।
তস্মাৎ স মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ পিতৃণাং ব্রহ্মলোকদঃ ॥১১
আচ্ছাদিতঃ শিলাপাদঃ প্রভাসেনাদ্রিণা যতঃ।
ভাসিতো ভাস্করেণেতি প্রভাসঃ পরিকীর্ত্তিতঃ ॥১২

সুরগণ তথায় রহিলেন। ৮—৯। অমরগণের মধ্যে কেহ শিলামূর্ত্তি, কেহ প্রতিমূর্ত্তি, কেহ বা চরণচিহ্ন মূর্ত্তি পরিগ্রহ করত প্রকাশ্য বা অপ্রকাশ্যরূপে পূর্ব্ব প্রতিজ্ঞাহেতু তথায় অধিষ্ঠান করিলেন। ১০। দৈত্য-শিরে এই শিলা থাকা হেতু পিতৃগণের ব্রহ্মলোকপ্রদ মুণ্ডপৃষ্ঠাদ্রি ইহার আখ্যা হইয়াছে। ১১। এই শিলার পাদদেশ গিরি দ্বারা সমাবৃত হইলে সেই অদ্রি সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ হওয়ায় তাহাকে প্রভাস

প্রভাসাদ্রিং তু নির্ভিদ্য শিলাঙ্গুষ্ঠো বিনির্গতঃ।
তস্মাৎ ক্ষেত্রেশ্বরো জাতঃ প্রভাসেশঃ প্রকীর্ত্তিতঃ॥১৩
শিলাঙ্গুষ্ঠৈকদেশো যঃ সা চ প্রেতশিলা স্মৃতা।
পিণ্ডপ্রদানাত্তস্যাং তু প্রেতত্বান্মুচ্যতে নরঃ॥ ১৪
মহানদীপ্রভাসস্য সঙ্গমে স্নানকৃন্নরঃ।
রামো দেব্যা সহ স্নাতো রামতীর্থং ততঃ স্মৃতং॥১৫

গিরি কহে। ১২। এই প্রভাস গিরি ভেদ করিয়া যেখানে শিলার অঙ্গুষ্ঠ নির্গত হই-য়াছে, তজ্জন্য দেবতাকে প্রভাসেশ্বর বলে। ১৩। শিলাঙ্গুষ্ঠের এক স্থানের নাম প্রেতশিলা। তথায় পিণ্ডদান করিলে লোকের প্রেতত্ব দূর হয়। ১৪। এই গিরি হইতে জাত মহানদীর সঙ্গমস্থলে লোকে স্নান করিবে। এস্থানে শ্রীরাম-চন্দ্র জানকী সহ স্নান করাতে ইহার নাম রাম-

প্রার্থিতোঽত্র মহানদ্যা স্নান স্নাতো ভবেতি চ।
রামতীর্থং ততো ভূত্বা ত্রিষু লোকেষু পাবনং ॥ ১৬
জন্মান্তরশতং সাগ্রং যৎ কৃতং দুষ্কৃতং ময়া।
তৎ সর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাৎ ॥ ১৭
মন্ত্রেণানেন যঃ স্নাত্বা শ্রাদ্ধং কুর্ব্বীত মানবঃ।
রামতীর্থে পিণ্ডদস্তু বিষ্ণুলোকং প্রয়াত্যসৌ।
তথেত্যুক্ত্বা স্থিতো রামঃ সীতয়া ভরতাগ্রজঃ ॥১৮

তীর্থ হইয়াছে। ১৫। মহানদীর প্রার্থনায় শ্রীরাম এখানে স্নান করায় ইহার নাম রামতীর্থ হইয়াছে; ভুবনে ইহা অতি পবিত্র। ১৬। শত জন্ম-কৃত পাপরাশি রামতীর্থস্নানে দূর হউক বলিয়া যিনি এই রামতীর্থে স্নান এবং শ্রাদ্ধাদি পিণ্ডদান করেন, তিনি নিঃসন্দেহ বিষ্ণুধামে গমন করি-বেন। মহানদীর এইরূপ প্রার্থনায় ভরতাগ্রজ-রাম তাহাই হইবে বলিয়া সীতা সহ তথায়

রাম রাম মহাবাহো দেবানামভয়ঙ্কর।
ত্বাং নমস্যেঽত্র দেবেশং মম নশ্যতু পাতকং ॥১৯
মন্ত্রেণানেন যঃ স্নাত্বা শ্রাদ্ধং কুর্য্যাৎ সপিণ্ডকং।
প্রেতত্বাত্তস্য পিতরো বিমুক্তাঃ পিতৃতাং যযুঃ ॥২০
আপস্ত্বমসি দেবেশ জ্যোতিষাং পতিরেব চ।
পাপং নাশয় মে দেব মনোবাক্কায়কর্ম্মজং ॥২১

অবস্থিত হইলেন। ১৭। ১৮। তত্রত্য রাম-মূর্ত্তির নমস্কারমন্ত্র যথা;—"হে রাম! হে মহাবাহু রাম! তুমি দেবগণের ভয়হারক। হে সর্ব্বশ্রেষ্ঠ! তোমাকে নমস্কার করিতেছি, আমার পাতক দূর কর। ১৯।" এখানে উক্ত মন্ত্রে স্নান করিয়া শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে তদীয় পিতৃগণের প্রেতত্ব নাশ হয় ও তাঁহারা পিতৃলোক প্রাপ্ত হন। ২০। হে দেবেশ! তুমি আপস্বরূপ, জ্যোতি সকলেরও প্রকাশক। হে

নমস্কৃত্য প্রভাসেশং ভাসমানাং শিবং ব্রজেৎ।
তঞ্চ শম্ভুং নমস্কৃত্য কুর্য্যাদযমবলিং ততঃ। ২২
রামে বনং গতে শৈলমাগত্য ভরতঃ স্থিতঃ।
পিতৃপিণ্ডাদিকং কৃত্বা রামং সংস্থাপ্য তত্র চ॥ ২৩
রামং সীতাং লক্ষ্মণঞ্চ মুনীন্ স্থাপিতবান্ প্রভুঃ।
ভরতস্তাশ্রমে পুণ্যে নিত্যং পুণ্যতমৈর্বৃতং।
মতঙ্গস্ত পদং তত্র দৃশ্যতে সর্ব্বমানুষৈঃ॥ ২৪

দেব! আমার ত্রিবিধ পাপ নাশ কর, এই মন্ত্রে প্রভাসেশ শিবকে প্রণাম করিবে। পরে তথা হইতে গিয়া যমবলি দিবে।২১—২২। রামচন্দ্র বনগমন করিলে তদীয় ভ্রাতা ভরত এখানে আসিয়া পিতৃ-পিণ্ডাদি সমাপনান্তে রাম-মূর্ত্তি স্থাপন করেন। তিনি এই স্থানে নিরন্তর পুণ্যবান্ লোকের সহিত বাস করতঃ রাম, সীতা, লক্ষ্মণ ও বহুতর ঋষিগণকে সংস্থাপন

স্থাপিতং ধর্ম্মসর্ব্বস্বং লোকস্তান্ত নিদর্শনাৎ।
মতঙ্গস্ত পদে শ্রাদ্ধী সর্ব্বাংস্তারয়তে পিতৄন্। ২৫
রামতীর্থে নরঃ স্নাত্বা রামং সীতাং নমস্য চ।
রামেশ্বরং প্রণম্যাথ ন দেহী জায়তে পুনঃ॥ ২৬
শিলায়া জঘনং ভূয়ঃ সমাক্রান্তং নগেন তু।
ধর্ম্মরাজেন সংপ্রোক্তো ন গচ্ছেতি নগঃ স্মৃতঃ॥২৭

করেন। লোক নিদর্শন হেতু তিনি এই স্থানে মানুষের দর্শন জন্ত ধর্ম্মসর্ব্বস্ব মতঙ্গ-পদচিহ্ন স্থাপন করিয়াছেন। এই মতঙ্গপদে শ্রাদ্ধ করিলে নিখিল পিতৃগণের উদ্ধার হয়। রামতীর্থে স্নান করত রামসীতাকে অর্চ্চনা করিয়া রামেশ্বরকে নমস্কার করিলে পুনর্ব্বার দেহ পরিগ্রহ করিতে হয় না। ২৩—২৬। গয়াস্থরকে নিশ্চল করণার্থ শিলার জঘনদেশে ধর্ম্মরাজ কর্ত্তৃক যে গিরি স্থাপিত হয়, তাহার নাম নগ

যমরাজ-ধর্ম্মরাজৌ নিশ্চলার্থং ব্যবস্থিতৌ।
তাভ্যাং বলিং প্রযচ্ছামি পিতৃণাং মুক্তিহেতবে ॥২৮
দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং বলিং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ ॥২৯
ঐন্দ্রবারুণবায়ব্যযাম্যনৈর্ঋত্যসংস্থিতাঃ।
বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং ময়ার্পিতং ॥ ৩০

পর্ব্বত। ২৭। এই স্থানে গয়াসুরকে নিশ্চল রাখিবার জন্য যমরাজ ও ধর্ম্মরাজ অধিষ্ঠিত আছেন, পিতৃগণের মোক্ষার্থ তাঁহাদের উদ্দেশে এই যমবলি প্রদান করিতেছি। ২৮। বৈবস্বতবংশে জাত শ্যাম ও শবল নামে কুকুরদ্বয়ের উদ্দেশে আমি এই পিণ্ড দিতেছি; তাহারা আমার শ্রাদ্ধক্রিয়ার বিঘ্ননাশক হউক। ২৯। পূর্ব্ব, পশ্চিম, বায়ু, দক্ষিণ, নৈর্ঋত দিকস্থিত কাকগণ

যমোঽসি যমদূতোঽসি বায়সোঽসি মহাবল।
সপ্তজন্মকৃতং পাপং বলিং ভুক্ত্বা বিনাশয়॥ ৩১
শিলায়া দক্ষিণে হস্তে স্থাপিতঃ কুণ্ডপর্ব্বতঃ।
তত্র শ্রাদ্ধাদিনা সর্ব্বান্ পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ॥৩২
তিমিরাদিত্য-ঈশানভর্গাবেতে মহেশ্বরাঃ।
বহ্নিদ্বৌ বরুণৌ রুদ্রাশ্চত্বারঃ পিতৃমোক্ষদাঃ॥ ৩৩

ভূমিতলে মদ্দত্ত পিণ্ড গ্রহণ করুক্। ৩০। হে যম! যমদূত ও বায়সগণ! আপনারা মহাবল; মদ্দত্ত পিণ্ড লইয়া মদীয় সপ্তজন্মকৃত পাপ দূর করুন্। ৩১। এই শিলার দক্ষিণ হস্তে কুণ্ডগিরি স্থাপিত আছে; এই স্থানে শ্রাদ্ধাদি করিলে নিখিল পিতৃগণের ব্রহ্মধাম প্রাপ্তি হয়। ৩২। তিমিরাদিত্য, ঈশান ও ভর্গ তত্রত্য মহেশ্বর; অগ্নি, বরুণদ্বয় এবং রুদ্রচতুষ্টয়, এই সকল দেবতাদিগের পূজায় পিতৃ-মোক্ষ হয়। ৩৩।

ভরতাশ্রমমাসাদ্য তাময়েৎ পূজয়েন্নরঃ।
পাপেভ্যশ্চোপপাপেভ্যো মুচ্যতে পিতৃভিঃ সহ ॥৩৪
যত্র কুত্রাপি দেবর্ষে ভরতস্যাশ্রমে নরঃ।
স্নাতঃ শ্রাদ্ধাদিকং কুর্য্যাত্তৎকল্পোঽপি ন হীয়তে॥৩৫
গয়ায়াং চাক্ষয়ং শ্রাদ্ধং জপহোমতপাংসি চ।
সর্ব্বমানন্ত্যমাহুর্বৈ যদ্ভবেৎ ভরতাশ্রমে ॥ ৩৬

ভরতাশ্রমে গিয়া ইহাদের প্রণাম করিলে লোকে পিতৃগণের সহিত পাতক ও উপপাপ হইতে মুক্ত হয়। ৩৪। হে দেবর্ষে! লোকে ভরতাশ্রমে গিয়া ইহার যে কোন স্থানে স্নান করত পিণ্ডাদি পাতন করিলে তাহার ফল আকল্প পর্য্যন্ত স্থায়ী হয়। ৩৫। প্রথিত আছে, গয়ার মধ্যে ভরতাশ্রমে শ্রাদ্ধ, জপ, হোম, তপস্যা ও দানাদি কার্য্যে অক্ষয় ও অনন্ত ফল প্রাপ্তি

চতুর্যুগস্বরূপেণ চতস্রো রবিমূর্ত্তয়ঃ ।
দৃষ্টাঃ স্পৃষ্টাঃ পূজিতাস্তাঃ পিতৃণাং মুক্তিদায়কাঃ ॥৩৭
মুক্তির্বামন ইত্যেব তারকাখ্যো বিধিঃ পরঃ ।
সংসারার্ণবতপ্তানাং নাবাবেতৌ সুরেশ্বরৌ ।
তারকং ব্রহ্ম বিশেষাং মৃতানাং জীবতামিদং ॥ ৩৮
ত্রিবিক্রমঞ্চ ব্রহ্মাণং যঃ পশ্যেৎ পুরুষোত্তমং ।
পিতৃভিঃ সহ ধর্ম্মাত্মা স যাতি পরমাং গতিং ॥ ৩৯

হয় । ৩৬ । এই স্থানে চারিযুগস্বরূপ সূর্য্য-দেবের চারিটি মূর্ত্তি আছে ; উহা দর্শন, স্পর্শ ও অর্চ্চনা করিলে পিতৃগণের পরিত্রাণ হয় । ৩৭। এই স্থানে বামন ও তারক নামক ব্রহ্মার দুই মূর্ত্তি আছে, উহা ভবসাগরে মগ্ন মৃত জীবগণের উদ্ধারার্থ তরণীস্বরূপ । ৩৮ । এ স্থানে ত্রিবিক্রম ও পুরুষোত্তম নামক ব্রহ্মাকে দেখিলে পিতৃগণের

শিলায়া বামপাদেঽপি তথাভ্যুদ্যন্তকো গিরিঃ।
যঃ পিতুঃ পিণ্ডদস্তত্র পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৪০
নৈমিষারণ্যপার্শ্বে তু ঈজে ব্রহ্মা সুরৈঃ সহ।
মুখ্যসংজ্ঞং হি তত্তীর্থং দেবাস্তত্র পদে স্থিতাঃ ॥৪১
তেষু তেষু পদেষ্বেব তীর্থেষু মুনিসত্তম।
যৎকিঞ্চিদশুভং কর্ম্ম তৎ প্রণশ্যতি নারদ ॥ ৪২

সহিত মুক্ত হওয়া যায়।৩৯। এই ধর্ম্মশিলার বামপদে অভ্যুদন্তক নামক পর্ব্বত আছে, এই স্থানে পিণ্ডদান করিলে পিতৃগণ ব্রহ্মপুরে গমন করেন। ৪০। এখানে নৈমিষ নামক অরণ্য-পার্শ্বে ব্রহ্মা দেবগণ সহিত যজ্ঞ করিয়াছিলেন, তাহার নাম মুখ্য তীর্থ; সেখানে দেবগণ পদচিহ্নরূপে অবস্থিত আছেন। ৪১। হে মুনিশ্রেষ্ঠ নারদ! এই সকল তীর্থের পদচিহ্নে লোকের অমঙ্গল সকল বিনষ্ট হয়। ৪২।

তন্নৈমিষবনং পুণ্যং সেবিতং পুণ্যপৌরুষৈঃ।
তত্র ব্যাসঃ শুকঃ পৈলঃ কণ্বো বেধাঃ শিবো হরিঃ।
তেষাং দর্শনমাত্রেণ মুচ্যন্তে পাতকৈর্নরঃ। ৪৩
বামহস্তে শিলায়াস্তু তথা চোদ্যন্তকো গিরিঃ।
স পর্ব্বতঃ সমানীতো হ্যগস্ত্যেন মহাত্মনা।
তত্র ব্রহ্মা হরশ্চৈব তপশ্চোগ্রঞ্চ চক্রতুঃ। ৪৪
তত্রাগস্ত্যস্য হি বরং কুণ্ডং ত্রৈলোক্যদুর্লভং।

এই নৈমিষারণ্যকাননে ব্যাস, শুক, পৈল, কর্ণ প্রভৃতি ঋষি এবং ব্রহ্মা বিষ্ণু শিব অবস্থান করিতেছেন, লোকে তাঁহাদের দর্শনে পাপমুক্ত হইয়া থাকে। ৪৩। মহাত্মা অগস্ত্য কর্ত্তৃক আনীত উদ্যন্তক নামক পর্ব্বত ধর্ম্মশিলার বাম হস্তে আছে; এখানে ব্রহ্মা ও শিব কঠোর তপস্যা করিয়াছিলেন। ৪৪। এখানে ত্রিভুবন-দুর্লভ সর্ব্বপ্রধান অগস্ত্য-কুণ্ড আছে; তথায়

যত্র মুন্যষ্টকঃ সিদ্ধঃ তপস্তপ্ত্বা শিবং গতঃ।
কুণ্ডে মুন্যষ্টকং নত্বা পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ॥ ৪৫
অগস্ত্যেনাথ দেবর্ষে উদয়াদ্রের্মহাত্মনা।
শিলায়া বামহস্তেঽপি স্থাপিতো গিরিরাট্ শুভঃ।
বাদিত্রাদ্যৈর্দিব্যগীতৈরাঢ্যো বাদিত্রকো গিরিঃ॥৪৬

আট জন ঋষি তপস্যায় সিদ্ধ হইয়া শিবলোক প্রাপ্ত হইয়াছেন। এই কুণ্ডে অষ্ট মুনিকে নমস্কার করিলে পিতৃলোক ব্রহ্মপুরে গমন করেন। ৪৫। হে দেবর্ষে! এই করুণাময় পর্ব্বতশ্রেষ্ঠকে অগস্ত্য ঋষি উদয়গিরি হইতে আনিয়া ধর্ম্মশিলার বাম হস্তে স্থাপন করিয়াছেন, এখানে ভূরি পরিমাণে বাদ্যাদি হওয়ায় ইহার আর একটী নাম বাদিত্র গিরি হইয়াছে। ৪৬।

তত্র বিদ্যাধরো নাম গন্ধর্ব্বাপ্সরসাং গণৈঃ।
সমেতোঽদ্যাপি বাদিত্র গীতানি সহ গায়তি ॥৪৭
মোহনশ্চ সুনীথশ্চ শৈলূজো মোহনোত্তমঃ।
পর্ব্বতো নারদধ্যানী সংগীতিঃ পুষ্পদন্তকঃ।
হাহা হুহু-প্রভৃতয়ো গীতনাদং প্রচক্রিরে ॥ ৪৮
তথা চিত্ররথো নাম সর্ব্বগন্ধর্ব্বসংবৃতঃ।
গায়তি মধুরাণ্যেব গীতান্যদ্রৌ মহোৎসবে ॥ ৪৯

এই স্থানে বিদ্যাধর নামক গন্ধর্ব্ব অপ্সরাদিগের সহিত নানারূপ গীত বাদ্য করেন। ৪৭। মোহন, সুনীথ, শৈলূজ, মোহনোত্তম, পর্ব্বত, নারদধ্যানী, সংগীতি, পুষ্পদন্তক, হাহা, হুহু প্রভৃতি গন্ধর্ব্বপ্রবরেরা গীতধ্বনি করেন। ৪৮। চিত্ররথ নিখিল গন্ধর্ব্ব সহিত মহোৎসবকালে এই গিরিতে মধুর স্বরে গান করিয়া থাকেন। ৪৯।

অতঃ স পর্ব্বতো দেবৈঃ সেব্যতেঽদ্যাপি নিত্যশঃ।
ধর্ম্মজস্তত্র দেবেশো হরো ভস্মাঙ্গরাগবান্॥ ৫০
পার্ব্বত্যা সহিতো রুদ্রঃ পর্ব্বতে গীতনাদিতে।
মোদতে পূজিতো ধ্যেয়ঃ পিতৄণাং পরমা গতিঃ॥৫১
গয়ায়াং পরমাত্মা হি গোপতির্য্যো গদাধরঃ।
হীয়তে বৈষ্ণবী মায়া তথা রুদ্রার্চ্চয়া মুনে॥ ৫২

এই হেতু অদ্যাপি এই অদ্রিতে সুরগণ প্রত্যহ আগমন করেন। ধর্ম্মশিলাস্থ এই গীতবাদিত্র পর্ব্বতে দেবশ্রেষ্ঠ হর পার্ব্বতীর সহিত অঙ্গে ভস্ম মাখিয়া বিরাজ করেন; তাঁহাকে নমস্কার, অর্চ্চনা ও ধ্যান করিলে পিতৃগণের পরমা গতি লাভ হয়। ৫০—৫১। গয়াধামে ব্রহ্মাণ্ডপতি পরমাত্মা গদাধররূপে অধিষ্ঠিত আছেন; হে মুনে নারদ! রুদ্রদেবের অর্চ্চনার তুল্য এই দেবতার পূজা করিলে বৈষ্ণবী মায়া নাশ হয়। ৫২।

শিলায়া দক্ষিণে হস্তে ভস্মকূটো গিরির্ধৃতঃ।
ধর্ম্মরাজেন তত্রাস্তে অগস্ত্যঃ সহ ভার্য্যয়া॥ ৫৩
অগস্ত্যস্য পদে স্নাতঃ পিণ্ডদো ব্রহ্মলোকগঃ।
ব্রহ্মণস্তু বরং লেভে মাহাত্ম্যং ভুবি দুর্ল্লভং।
লোপামুদ্রাং তথা ভার্য্যাং পিতৃণাং পরমাং গতিং॥৫৪
তত্রাগস্ত্যেশ্বরং দৃষ্ট্বা মুচ্যতে ব্রহ্মহত্যয়া।
অগস্ত্যঞ্চ সভার্য্যঞ্চ পিতৃন্ ব্রহ্মপুরং নয়েৎ॥ ৫৫

এই ধর্ম্মশিলার দক্ষিণ হস্তে ধর্ম্মরাজ কর্ত্তৃক ভস্মকূট নামে গিরি স্থাপিত হইয়াছে, তথায় স্ত্রী সহ অগস্ত্য মুনি অবস্থিত আছেন। স্নানান্তে এই অগস্ত্যপদে পিণ্ড দান করিলে ব্রহ্মপদগামী হয়। এস্থানে অগস্ত্য মুনি ব্রহ্মার সকাশ হইতে ধরণীদুর্ল্লভ বর প্রাপ্ত হন এবং লোপামুদ্রা নামক নারীও লাভ করেন। এই স্থান পিতৃ মুক্তি-প্রদ এবং এখানে অগস্ত্যে-

দণ্ডিনাথ তপস্তেপে সীতাদ্রের্দক্ষিণে গিরৌ ॥ ৫৬
বটো বটেশ্বরস্তত্র স্থিতশ্চ প্রপিতামহঃ।
তদগ্রে রুক্মিণীকুণ্ডং পশ্চিমে কপিলা নদী ॥ ৫৭
কপিলেশো নদীতীরে অমাসোমসমাগমে।
কপিলায়াং নরঃ স্নাত্বা কপিলেশং সমর্চ্চ্য চ।
কৃতে শ্রাদ্ধে পিণ্ডদানে পিতরো মোক্ষমাপ্নুয়ুঃ ॥৫৮

শ্বর দর্শন করিলে ব্রহ্মহত্যা পাপ ধ্বংস হয়। স্ত্রী সহ অগস্ত্যকে নিরীক্ষণ করিলে পিতৃগণ ব্রহ্মলোকগামী হন। ৫৩—৫৫। ইহার দক্ষিণ দিকে সিতাদ্রি নামক পর্ব্বতে দণ্ডী তপস্যা করিয়াছিলেন। ৫৬। এখানে অক্ষয় বট, বটেশ্বর শিব ও প্রপিতামহসংজ্ঞক ব্রহ্মা বিরাজিত আছেন। ইহার দক্ষিণে রুক্মিণী কুণ্ড নামক সরসী ও তাহার পশ্চিমে কপিলা নদী। ৫৭। অমাবস্যাযুক্ত সোমবারে এই নদীতটে কপিলেশ

অগ্নিধারা গিরিবরা-দাগতোদ্যন্তকাদগ্ন ।
তত্র সারস্বতং কুণ্ডং সরস্বত্যা প্রকল্পিতং ॥ ৫৯
শুক্রস্তত্র সুতৈঃ সার্দ্ধং ষণ্ডামার্কাদিভিঃ প্রভুঃ ।
তত্র তত্র মুনীন্দ্রাণাং পদেষু মুনিসত্তম ।
শ্রাদ্ধপিণ্ডাদিকৃৎ স্নাতঃ পিতৄংস্তারয়তে নরঃ ॥ ৬০

মহাদেবকে অর্চ্চনা করিয়া শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে পিতৃমুক্তি হয় । ৫৮ । উদ্যন্তক গিরি হইতে অগ্নিধারা নদী আসিয়াছে ; তথায় সরস্বতী দেবী কর্তৃক সারস্বত নামে কুণ্ড প্রতিষ্ঠিত আছে । ৫৯ । তথায় ষণ্ডামার্কাদি পুত্রগণ সহ শুক্রাচার্য্য বিরাজিত আছেন । এই সারস্বত কুণ্ডে স্নান ও সরস্বতী দেবীকে অর্চ্চনা এবং শুক্রাদি ঋষিগণের পদচিহ্নে শ্রাদ্ধাদি পিণ্ড দান করিলে লোকের পিতৃগণ

শিলায়া বামহস্তেঽপি গৃধ্রকূটো গিরির্ধৃতঃ ।
গৃধ্ররূপেণ সংসিদ্ধা-স্তপস্তপ্ত্বা মহর্ষয়ঃ ॥ ৬১
অতো গিরির্গৃধ্রকূট-স্তত্র গৃধ্রেশ্বরঃ স্থিতঃ ।
দৃষ্ট্বা গৃধ্রেশ্বরং নত্বা যায়াৎ শম্ভোঃ পদং নরঃ ॥৬২
তত্র গৃধ্রে গুহায়াঞ্চ পিণ্ডদো [illegible] ।
তত্র গৃধ্রে বটং নত্বা প্রাপ্তকামো দিবং ব্রজেৎ ॥৬৩

পরিত্রাণ পায়। ৬০। ধর্ম্মশিলার বাম করে গৃধ্রকূট নামক পর্ব্বত আছে; এখানে মহর্ষিরা গৃধ্ররূপ পরিগ্রহ করিয়া তপস্যা করিয়াছিলেন, এই হেতু ঐ গিরির নাম গৃধ্রকূট হইয়াছে; এখানে গৃধ্রেশ্বর নামে শিব আছেন, তাঁহাকে দর্শন ও নমস্কার করিলে শিবলোক-প্রাপ্তি হয়। ৬১—৬২। এই গৃধ্রগুহায় পিণ্ড দান করিলেও শিবলোকে গমন হয়। অত্রত্য বট বৃক্ষকে নমস্কার করিলে মনোরথ সিদ্ধ হইয়া

ঋণমোক্ষং পাপমোক্ষং শিবং দৃষ্ট্বা শিবং ব্রজেৎ।
শূলক্ষেত্রঞ্চ তত্রান্তে পিণ্ডদঃ স্বর্ণয়েৎ পিতৃন্ ॥ ৬৪
আদিপালেন গিরিণা সমাক্রান্তং শিলোদরং।
তত্রাস্তে গজরূপেণ বিঘ্নেশো বিঘ্ননাশনঃ।
তং দৃষ্ট্বা মুচ্যতে বিঘ্নৈঃ পিতৃন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৬৫
নিতম্বে মুণ্ডপৃষ্ঠস্য দেবদারুবনং স্মৃতং।

স্বর্গলাভ হয়। ৬৩। ঋণমোক্ষ ও পাপমোক্ষ নামক শিবদ্বয় দর্শনে শিবলোকে গমন করে। এখানে শূলক্ষেত্র সংজ্ঞক স্থানে পিণ্ড দান করিলে পিতৃগণের স্বর্গ লাভ হয়। ৬৪। ধর্ম্মশিলার উদরের উপর আদিপাল নামক পর্ব্বত আছে, তথায় বিঘ্নহারক বিঘ্নেশ্বর হস্তীরূপে আছেন, তাঁহাকে নিরীক্ষণ করিলে বিঘ্ন হইতে মুক্ত হয় এবং পিতৃগণের ব্রহ্মলোক লাভ হইয়া থাকে। ৬৫। গয়াসুরশিরে স্থাপিত মুণ্ডপৃষ্ঠসংজ্ঞক ধর্ম্মশিলার

মুণ্ডপৃষ্ঠারবিন্দাদ্রী দৃষ্ট্বা পাপং বিনাশয়েৎ ।
গয়ানাভৌ সুষুম্নায়াং পিণ্ডদঃ স্বর্নয়েৎ পিতৃন্ ॥ ৬৬
শিলায়া বামপাদে তু স্থাপিতঃ প্রেতপর্ব্বতঃ ।
ধর্ম্মরাজেন পাপেভ্যো গিরিঃ প্রেতশিলাহ্বয়ঃ ॥৬৭
পাদেন দূরে নিক্ষিপ্তঃ শিলায়াঃ পাপভারতঃ ।
গতঃ শিলায়াঃ সংসর্গাৎ প্রেতকূটঃ পবিত্রতাং ॥৬৮

নিতম্বদেশে দেবদারু কানন আছে, তথায় মুণ্ডপৃষ্ঠ ও অরবিন্দ গিরি দর্শন করিলে পাপ দূর হয়। গয়ার মধ্যস্থলে সুষুম্না নামক স্থানে পিণ্ড দান করিলে পিতৃগণের স্বর্গ লাভ হয়। ৬৬। ধর্ম্মশিলার বাম পাদদেশে ধর্ম্মরাজ প্রেতগিরি স্থাপন করিয়াছেন, অধিক পাপ থাকাবশতঃ প্রেতশিলা নাম হইয়াছে। ৬৭। উহার অধিক পাপ হেতু ধর্ম্মশিলা পাদ দ্বারা দূরে নিক্ষেপ করেন, কিন্তু ঐ শিলার এই অতি অল্পমাত্র

প্রেতকুণ্ডশ্চ তন্মধ্যে দেবাস্তত্র গদে স্থিতাঃ।
তত্র পিণ্ডাদিকং দত্বা প্রেতত্বান্মোচয়েৎ পিতৄন্। ৬৯
পৃথক্ স্থিতাশ্চ বহবো বিঘ্নকারিণ এব তে।
শ্রাদ্ধাদিকারিণাং নৃণাং তীর্থে পিতৃবিমুক্তয়ে।
প্রেতা ধানুষ্করূপেণ করগ্রহণকারকাঃ॥ ৭০॥
শিলাসমীপে যে বিপ্রাঃ প্রেতরূপা ভয়ানকাঃ।
সর্ব্বে তে যমলোকাত্তু পৃথিব্যাং পর্য্যটন্তি বৈ॥৭১

সংসর্গ জন্যই প্রেতগিরি বিশুদ্ধ হইয়াছে। ৬৮। এখানে প্রেতকুণ্ড নিকটে দেবগণ চক্রাদিচিহ্ন ধারণ করিয়া আছেন, তথায় পিণ্ডাদি দান করিলে পিতৃগণের প্রেতত্ব দূর হয়। ৬৯। এই মুক্তিপ্রদ পিতৃতীর্থের পৃথক পৃথক স্থলে করগ্রহণ জন্য প্রেতগণ নানা মূর্ত্তি পরিগ্রহ করত শ্রাদ্ধ-বিঘ্ন সম্পাদনার্থ থাকে। ৭০। শিলা সকাশে যে সমস্ত বিপ্রগণ দেখা যায়, তাহারা ভয়ানক

পাদাঙ্কিতাং মুণ্ডপৃষ্ঠাং মহাদেবনিবাসিনীং।
তাং দৃষ্ট্বা সর্ব্বলোকাশ্চ মুক্তাঃ পাপোপপাতকৈঃ॥৭২
গয়াশিরসি পুণ্যে চ সর্ব্বপাপৈর্বিবর্জ্জিতে।
প্রেতাদিবর্জ্জিতং যস্মাত্তস্তোঽতিপাবনং বরং॥ ৭৩
কীকটেষু গয়া পুণ্যা পুণ্যং রাজগৃহং বনং।
চ্যবনস্যাশ্রমং পুণ্যং নদী পুণ্যা পুনঃপুনা॥ ৭৪

প্রেতরূপী, উহারা যমলোক হইতে আসিয়া ভূমে বিচরণ করিতেছে। ৭১। পদচিহ্ন দ্বারা বিরাজিত যে মুণ্ডপৃষ্ঠ গিরি, যাহাতে মহেশ্বর অবস্থিতি করিতেছেন, তাহা দর্শন করিলেই লোকের পাপ ও উপপাপ দূর হয়। ৭২। পবিত্র গয়াসুরশিরে স্থাপিত সর্ব্বপাপরহিত এবং প্রেতাদিরহিত হওয়ায় ধর্ম্মশিলা অতি বিশুদ্ধ স্থান। ৭৩। কীকটদেশমধ্যে গয়া পবিত্র স্থান, রাজগৃহবন পবিত্রস্থান, চ্যবন ঋষির আশ্রম

বৈকুণ্ঠো লোহদণ্ডশ্চ গৃধ্রকূটশ্চ শোণকঃ।
তত্র শ্রাদ্ধাদিনা সর্ব্বান্ পিতৃন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥৭৫
ক্রৌঞ্চরূপেণ হি মুনির্মুণ্ডপৃষ্ঠে তপোঽকরোৎ।
তস্য পাদাঙ্কিতো যস্মাৎ ক্রৌঞ্চপাদস্ততঃ স্মৃতঃ ॥৭৬
স্নাতো জলাশয়ে তত্র নয়েৎ স্বর্গং স্বকং কুলং।
বলিঃ কাকশিলায়াঞ্চ কাকেভ্য ঋণমোক্ষদঃ॥ ৭৭

পবিত্র এবং পুনঃপুনা নদী পবিত্র। ৭৪। বৈকুণ্ঠ, লোহদণ্ড ও গৃধ্রকূট এবং শোণ নদীতে শ্রাদ্ধাদি করিলে পিতৃলোক ব্রহ্মধামে গমন করেন। ৭৫। মুণ্ডপৃষ্ঠে কোন ঋষি ক্রৌঞ্চরূপ পরিগ্রহ করিয়া তপস্যা করিয়াছিলেন, তাঁহার পদাঙ্কিত হওয়াতে ক্রৌঞ্চপদ আখ্যা হইয়াছে। ৭৬। অত্রত্য জলাশয়ে স্নান করিলে স্বীয় কুল সুরপুরে গমন করে, এবং কাকশিলায় পিণ্ড দিলে পিতৃগণের

মুণ্ডপৃষ্ঠস্থ সানৌ হি লোমশো লোমহর্ষণঃ।
দ্বাবেতৌ পরমং তপ্ত্বা তপঃসিদ্ধিং গয়াঙ্গতৌ ॥৭৮
আহূতাস্ত সরিচ্ছ্রেষ্ঠা লোমশেন মহানদী।
সারাবতী বেত্রবতী চন্দ্রভাগা সরস্বতী ॥ ৭৯
কাবেরী সিন্ধু রেবা চ চন্দনা চ সরিদ্বরা।
বাশিষ্ঠী সরযূর্গঙ্গা যমুনা গণ্ডকীন্দিরা ॥ ৮০
মহাবৈতরণী নাম্না নিষ্করা চ দিবৌকসঃ।
সারব্যলকনন্দা চ উদীচী কনকাহ্বয়া ॥ ৮১

মুক্তি হয়। ৭৭। মুণ্ডপৃষ্ঠ পর্ব্বত-শৃঙ্গে লোমশ ও লোমহর্ষণ নামক মুনিদ্বয় কঠোর তপস্যা করিয়া সিদ্ধি লাভ করিয়াছিলেন। ৭৮। সারাবতী, বেত্রবতী, চন্দ্রভাগা, সরস্বতী, কাবেরী, সিন্ধু, রেবা, সরিদ্বরা চন্দনা, বাশিষ্ঠী, সরযূ, গঙ্গা, যমুনা, গণ্ডকী, ইন্দিরা, মহাবৈতরণী, নিষ্করা, আকাশগঙ্গা, সারবী, অলকনন্দা, উদীচী, কনকা,

কৌশিকী ব্রহ্মদা জ্যেষ্ঠা সর্ব্বপাপবিমোচিনী।
কৃষ্ণবেণা চর্ম্মণ্বতী যে নদ্যৌ মুক্তিদায়িকে ॥৮২
আহূতা সরিতাং শ্রেষ্ঠা লোমহর্ষেণ সাহসাৎ।
তপসস্তু প্রভাবেণ নর্ম্মদা মুনিপুঙ্গব।
তাসু সর্ব্বাসু যঃ স্নাত্বা পিণ্ডদঃ স্বর্নয়েৎ পিতৄন্ ॥৮৩
ব্রহ্মযোনিং প্রবিশ্যাথ নির্গচ্ছেদ্ যস্তু মানবঃ।
পরং ব্রহ্ম স যাতীহ বিমুক্তো যোনিসঙ্কটাৎ ॥ ৮৪

কৌশিকী, ব্রহ্মদা, সর্ব্বপাপনাশিনী জ্যেষ্ঠা, মুক্তিপ্রদা ; কৃষ্ণবেণা ও চর্ম্মণ্বতী নামক নদী মহর্ষি লোমশ কর্ত্তৃক আহূত হইয়া আগমন করিয়াছেন। ৭৯—৮২। হে মুনিসত্তম নারদ! লোমহর্ষণ তপোবলে নর্ম্মদা নদীকে আনয়ন করেন ; এই সমস্ত নদীতে স্নান পূর্ব্বক পিণ্ড দান করিলে পিতৃস্বর্গ প্রাপ্তি হয়। ৮৩। লোকে ব্রহ্মযোনিতে প্রবিষ্ট হইয়া বহির্গত হইলে

নিক্ষরায়াং পুষ্করিণ্যাং স্নাতঃ শ্রাদ্ধাদিকং নরঃ।
কুর্য্যাৎ ক্রৌঞ্চপদে দিব্যে নিয়মাত্বাসরত্রয়ং।
সর্ব্বান্ পিতৄন্ নয়েৎ স্বর্গং পঞ্চপাপিন এব চ ॥৮৫
জনার্দ্দনো ভস্মকূটে তস্য হস্তে তু পিণ্ডদঃ।
আত্মনোঽপ্যথবান্যেষাং সব্যেনাপি তিলৈর্ব্বিনা।
জীবতাং দধিসংমিশ্রং সর্ব্বে তে বিষ্ণুলোকগাঃ ॥৮৬

ইহলোকে যোনিসঙ্কট হইতে মুক্ত হইয়া পরম ব্রহ্ম লাভ করে। ৮৪। নিক্ষরা পুষ্করিণীতে স্নান পূর্ব্বক তিন দিন যথাবিধি ক্রৌঞ্চপদে শ্রাদ্ধাদি করিলে পঞ্চপাপীরও অখিল পিতৃগণের স্বর্গ লাভ হয়। ৮৫। ভস্মকূট গিরিতে জনার্দ্দন আছেন, তাঁহার বাম করে তিল বিনা দধিমিশ্রিত পিণ্ড নিজের কিম্বা অন্য কোন জীবিত ব্যক্তির উদ্দেশে দিলে তাহার বিষ্ণুধাম লাভ হয়। ৮৬।

যস্ত পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দন।
যমুদ্দিশ্য ত্বয়া দেয়স্তস্মিন্ পিণ্ডো মৃতে প্রভো ॥৮৭
এষ পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দন।
অন্তকালে গতে মহ্যং ত্বয়া দেয়ো গয়াশিরে ॥৮৮
জনার্দন নমস্তভ্যং নমস্তে পিতৃমোক্ষদ।
পিতৃপতে নমস্তে তু নমস্তে পিতৃরূপিণে ॥ ৮৯

উক্ত পিণ্ডদানমন্ত্র যথা,—হে জনার্দন! আমি যাহার জন্য তোমার করে পিণ্ড দান করিতেছি, হে প্রভো! সেই ব্যক্তির মরণান্তে তুমি তাহার উদ্দেশে এই পিণ্ড দিও।৮৭। হে জনার্দন! তোমার করে আমি এই পিণ্ড দিতেছি, আমার মরণাবসানে তুমি গয়াশিরে আমার উদ্দেশে এই পিণ্ড প্রদান করিও।৮৮। নমস্কার মন্ত্র—হে জনার্দন! তোমাকে নমস্কার; তুমি পিতৃমুক্তিদাতা, তোমাকে নমস্কার, তুমি

গয়ায়াং পিতৃরূপেণ স্বয়মেব জনার্দ্দনঃ।
তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ ॥ ৯০
নমস্তে পুণ্ডরীকাক্ষ ঋণত্রয়বিমোচক।
লক্ষ্মীকান্ত নমস্তে তু পিতৄণাং মোক্ষদো ভব ॥৯১
বামজানু সুসংপাত্য নত্বা ভীমো জনার্দ্দনং।

পিতৃলোকের পতি, তোমাকে নমস্কার; তুমিই পিতৃদেবস্বরূপ, তোমাকে নমস্কার। ৮৯। হে জনার্দ্দন! গয়াক্ষেত্রে তুমি স্বয়ং পিতৃদেবরূপে বিরাজিত; হে কমললোচন! তোমাকে দর্শন করিলে দেব, ঋষি ও পিতৃঋণ হইতে মুক্তি হয়। হে ত্রিবিধ-ঋণমুক্তিদায়ক পুণ্ডরীকাক্ষ! তোমাকে নমস্কার, হে শ্রীপতে! তোমাকে নমস্কার; তুমি পিতৃগণের মোক্ষপ্রদ হও। ৯০—৯১। মধ্যম পাণ্ডব ধর্ম্মাত্মা ভীমসেন বাম জানু ভূমিসংলগ্ন করত জনার্দ্দনকে প্রণতি পূর্ব্বক

শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা ভ্রাতৃভির্ব্রহ্মলোকভাক্ ।
পিতৃভিঃ সহ ধর্ম্মাত্মা কুলানাঞ্চ শতেন চ ॥৯২
শিলায়াং ব্যক্তরূপেণ ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ ।
লক্ষ্মীশো বিবুধৈঃ সার্দ্ধং তস্মাদ্দেবময়ী শিলা ॥৯৩

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবারাহকল্পে গয়া-
মাহাত্ম্যে ধর্ম্মশিলোপাখ্যানং নাম
চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

শ্রাদ্ধাদি পিণ্ড দান করাতে শতকুল পিতৃগণ ও ভ্রাতৃগণ সহ ব্রহ্মধাম প্রাপ্ত হইয়াছিলেন । ৯২ । এই ধর্ম্মশিলায় শ্রীপতি সুরগণের সহিত ব্যক্তা-ব্যক্তরূপে বিরাজিত আছেন, সেই হেতু এই ধর্ম্মশিলা দেবময়ী হইয়া রহিয়াছে ।

ইতি গয়ামাহাত্ম্যে চতুর্থ অধ্যায় সমাপ্ত ।

পঞ্চমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কথং ব্যক্তস্বরূপেণ স্থিতশ্চাদিগদাধরঃ।
কথমব্যক্তরূপেণ ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ॥ ১
কথং গদা সমুৎপন্না যথা হ্যাদিগদাধরঃ।
গদালোলঃ কথঞ্চাসীৎ সর্ব্বপাপক্ষয়ঙ্করং॥ ২

নারদ কহিলেন, আদিগদাধরের ব্যক্তস্বরূপে অবস্থান কিপ্রকার? অব্যক্ত স্বরূপই বা কি? আর ব্যক্তাব্যক্ত স্বরূপই বা কি? ১। যে গদার জন্ম আদিগদাধর আখ্যা হইয়াছে, সেই গদা কি প্রকারে সঞ্জাত হইল এবং সর্ব্বপাপনাশক গদালোল তীর্থই বা কিপ্রকারে হইল? ২।

সনৎকুমার উবাচ।

গদো নামাসুরো হ্যাসীদ্বজ্রাদ্বজ্রতরো দৃঢ়ঃ।
প্রার্থিতো ব্রহ্মণে প্রাদাৎ স্বশরীরাস্থি দুস্ত্যজং ॥৩
ব্রহ্মোক্তো বিশ্বকর্ম্মাপি গদাঞ্চক্রেঽদ্ভুতাং তদা।
তদস্থি বজ্রনিষ্পেষৈঃ কুন্দৈঃ স্বর্গে হ্যধারয়ৎ ॥৪
অথ কালেন মহতা মনৌ স্বায়ম্ভুবেঽন্তরে।
হেতী রক্ষো মহাংস্তত্র তপস্তেপে সুদারুণং ॥৫

সনৎকুমার বলিলেন, বজ্রাপেক্ষা দৃঢ়তর গদ নামে কোন এক দৈত্য ছিল, ব্রহ্মা তাহার সকাশে প্রার্থনা করায় সে দুস্ত্যজ নিজ দেহাস্থি তাঁহাকে দান করেন ৩। ব্রহ্মার আদেশে বিশ্বকর্ম্মা বজ্রনিষ্পেষ কুন্দ দ্বারা তাহাতে গদা নামক এক অত্যাশ্চর্য্য অস্ত্র নির্ম্মাণ করত স্বর্গে স্থাপন করিলেন। ৪। হে নারদ! স্বায়ম্ভুব মন্বন্তরে, হেতি রাক্ষস স্বর্গ-যানের লক্ষ

দিব্যবর্ষসহস্রাণাং শতং বায়ুমভক্ষয়ৎ।
উন্মুখশ্চোর্দ্ধবাহুশ্চ পাদাঙ্গুষ্ঠভরেণ হি ॥৬
ব্রহ্মাদীংস্তপসা তুষ্টান্ বরং বব্রে বরপ্রদান্ ॥৭
দেবৈর্দৈত্যৈশ্চ শস্ত্রাস্ত্রৈর্বিবিধৈর্মনুজাদিভিঃ।
কৃষ্ণেশানন্ত চক্রাদ্যৈরবধ্যঃ স্যাং মহাবলঃ ॥৮
তথেত্যুক্ত্বান্তর্হিতাস্তে হেতির্দেবানথাজয়ৎ।
ইন্দ্রত্বমকরোদ্ধেতির্ভীতা ব্রহ্মাদয়ঃ সুরাঃ ॥৯

বর্ষ কাল বায়ু সেবন পূর্ব্বক একপদের বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রদেশের উপর ভর দিয়া ঊর্দ্ধবদনে ঊর্দ্ধবাহু হইয়া গলিত পত্র আহার ও তৎপরে বায়ু মাত্র সেবন করিয়া ব্রহ্মাদি সুরগণকে প্রীত করাতে বর প্রাপ্ত হন। তাহাতে হেতি দৈত্য সুরনর-গণের বিবিধ শস্ত্র, এমন কি, কৃষ্ণের চক্র, শিবের ত্রিশূল প্রভৃতির অবধ্য ও মহাবলিষ্ঠ হইল। দেবগণ তিরোহিত হইলে হেতি যুদ্ধে জয় করিয়া

হরিন্তে শরণং জগ্মুরূচুর্হেতিং জহীতি তান্।
ঊচে হরিরবধ্যোঽয়ং হেতির্দেবাসুরৈঃ সুরাঃ ॥১০
মহাস্ত্রং মে প্রযচ্ছধ্বং হেতিং হন্মি হি যেন তং।
ইত্যুক্তাস্তে ততো দেবা গদাং তাং হরয়ে দদুঃ ॥১১
দধার তাং গদামাদৌ দেবৈরুক্তো গদাধরঃ।
গদয়া হেতিমাহত্য দেবেভ্যস্ত্রিদিবং দদৌ ॥১২

ইন্দ্রত্ব লইল, তাহাতে ব্রহ্মাদি দেবতারা ভীত হইলেন। ৫—৯। তাঁহারা শ্রীহরির শরণাগত হইয়া হেতির বিজয়বার্ত্তা বলিতে লাগিলেন। হরি কহিলেন, হে দেবগণ! হেতি দেব-দৈত্যের অবধ্য, এজন্য কোন গুপ্ত অস্ত্র আমাকে দেও, যদ্দ্বারা হেতিকে আমি বিনাশ করিতে পারি; ইহা শুনিয়া সুরগণ শ্রীহরিকে গদাস্ত্র প্রদান করিলেন। ১০—১১। প্রথম তিনি গদা অস্ত্র ধারণ করিলে সুরগণ তাঁহাকে গদাধর কহিলেন; গদা

ক্ষালনার্থং গদা যত্র বিষ্ণুনা লোলিতাভবৎ।
বভূব তদ্গদালোলং তীর্থং পরমপাবনং ॥১৩
গদামাদাববষ্টভ্য গয়াসুরশিরঃ শিলাং।
নিশ্চলার্থং স্থিতো যস্মাত্তস্মাদাদিগদাধরঃ ॥১৪
শিলাপর্ব্বতরূপেণ ব্যক্ত আদিগদাধরঃ।
শিলাসৌ মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ প্রভাসো নগপর্ব্বতঃ ॥১৫

দ্বারা হেতিকে সংহার করত হরি দেবগণকে স্বর্গ দান করিলেন।১২। ঐ গদা প্রক্ষালনার্থ যে সরোবর সৃষ্ট হইল, তাহার নাম পরম বিশুদ্ধ গদালোল তীর্থ। ১৩। গয়াসুরকে নিশ্চল-করণার্থ আদি গদা ধারণ পূর্ব্বক দৈত্যের শিরোপরি ধর্ম্মশিলাতে অবস্থিত আছেন বলিয়া তাঁহাকে আদিগদাধর বলে। ১৪। গয়াক্ষেত্রে গিরি প্রভৃতি যে ব্যক্ত আছেন, তন্মধ্যে তাঁহার অব্যক্তরূপ যথা— মুণ্ডপৃষ্ঠ গিরি, প্রভাস, নগগিরি,

উদ্যন্তো গীতনাদশ্চ ভস্মকূটো গিরির্মহান্।
গৃধ্রকূটঃ প্রেতকূটশ্চাদিপালোঽরবিন্দকঃ ॥১৬
পঞ্চলোকঃ সপ্তলোকো বৈকুণ্ঠো লোহদণ্ডকঃ।
ক্রৌঞ্চপাদোঽক্ষয়বটঃ ফল্গুতীর্থং মধুস্রবা ॥১৭
দধিকুল্যা মধুকুল্যা দেবিকা চ মহানদী।
বৈতরণ্যাদিনা ব্যক্ত-রূপেণাদিগদাধরঃ ॥১৮
বিষ্ণোঃ পদং রুদ্রপদং ব্রহ্মণঃ পদমুত্তমং।
কশ্যপস্য পদং দিব্যং দ্বৌ হস্তৌ যত্র নির্গতৌ ॥১৯

উদ্যন্ত, গীতনাদ, ভস্মকূট মহাগিরি, গৃধ্রকূট, প্রেতকূট, আদিপাল, অরবিন্দ পর্ব্বত, পঞ্চলোক, সপ্তলোক, বৈকুণ্ঠ, লোহদণ্ড, ক্রৌঞ্চপাদ, অক্ষয়বট, ফল্গুতীর্থ, মধুস্রব, দধিকুল্যা, মধুকুল্যা, দেবিকা, মহানদী, বৈতরণী ইত্যাদি আদি-গদাধরের অব্যক্তরূপ। ব্যক্তাব্যক্ত স্বরূপে নিম্ন স্থান সকলে আছেন যথা,—বিষ্ণুপদ,

পঞ্চাগ্নীনাং পদাস্তত্র ইন্দ্রাগস্ত্যপদে পরে।
রবেশ্চ কার্ত্তিকেয়স্য ক্রৌঞ্চমাতঙ্গয়োরপি।
মুখ্যলিঙ্গানি সর্ব্বাণি ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ ॥২০
আদ্যো গদাধরশ্চৈব ব্যক্তঃ শ্রীমান্ গদাধরঃ।
গায়ত্রী চৈব সাবিত্রী সন্ধ্যা চৈব সরস্বতী ॥২১
গয়াদিত্যশ্চোত্তরার্কো দক্ষিণার্কোঽপি নৈমিষঃ।
শ্বেতার্কো গণনাথশ্চ বসবোঽষ্টৌ মুনীশ্বরাঃ ॥২২

রুদ্রপদ, ব্রহ্মপদ, কশ্যপপদ, পঞ্চাগ্নিগণের পদ, ইন্দ্র, অগস্ত্য, রবি, কার্ত্তিকেয়, ক্রৌঞ্চ ও মাতঙ্গ পদ আর শ্রেষ্ঠ শ্রেষ্ঠ দেবাদির চিহ্নসমূহ। ব্যক্তস্বরূপে গদাধর আছেন যথা—আদিগদাধর, শ্রীমান্ গদাধর, গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতী নামক ত্রিসন্ধ্যা; গয়াদিত্য, উত্তরার্ক, দক্ষিণার্ক, নৈমিষ ও শ্বেতার্ক নামক সূর্য্য, গণনাথ নামে

রুদ্রাশ্চৈকাদশৈবাথ তথা সপ্তর্ষয়োঽপরে।
সোমনাথশ্চ সিদ্ধেশঃ কপর্দ্দীশো বিনায়কঃ ॥২৩
নারায়ণো মহালক্ষ্মীর্ব্রহ্মা শ্রীপুরুষোত্তমঃ।
মার্কণ্ডেয়েশঃ কোটীশো হ্যঙ্গিরেশঃ পিতামহঃ ॥২৪
জনার্দ্দনো মঙ্গলা চ পুণ্ডরীকাক্ষ উত্তমঃ।
ইত্যাদিব্যক্তরূপেণ স্থিতশ্চাদিগদাধরঃ ॥২৫
হেতির্যো রাক্ষসস্তস্মিন্ হতে বিষ্ণুঃ স্থিতঃ পুরা।

গণেশ, অষ্টবসু, মুনিবরগণ, একাদশরুদ্র, সপ্তঋষি, সোমনাথ, সিদ্ধেশ, কপর্দ্দীশ, বিনায়ক, নারায়ণ, মহালক্ষ্মী, ব্রহ্মা, শ্রীপুরুষোত্তম, মার্কণ্ডেয়েশ, কোটীশ, অঙ্গিরেশ, পিতামহ, জনার্দ্দন, মঙ্গলা ও পুণ্ডরীকাক্ষ। ইত্যাদি ব্যক্তরূপে আদিগদাধর অধিষ্ঠান করিতেছেন ॥১৫—২৫।

হেতি রক্ষকে বিনাশ করণানন্তর গয়াসুরকে নিশ্চল করণার্থে তাহার দেহে ব্রহ্মা ও রুদ্রাদি

ব্রহ্মণা সহ রুদ্রাদ্যৈঃ কারিতে নিশ্চলেঽসুরে।
তুষ্টাবাথ জগদ্ধাতা প্রণতোঽপি গদাধরম্ ॥২৬
ব্রহ্মোবাচ।—গদাধরং কলিগতকল্মষাপহং
গয়াগতং গদিতগুণং গুণাতিগং।
গুহাগতং গিরিবরগেহগোপিতং
সুরার্চ্চিত. বরদমহং নমামি তং ॥২৭
শুভশ্রিয়ং ত্রিদশগণাদিসুশ্রিয়ং
যশঃশ্রিয়ং দিতিভবদারুণশ্রিয়ং।

সুরগণ সহ অবস্থিত হইলে আদিগদাধর দেবকে এই প্রকারে জগদ্ধাতা বিধি স্তব করিতে লাগিলেন।২৬। হে গদাধর! তুমি কলিকালের পাপহারক, গয়াধামে সগুণরূপে অধিষ্ঠিত, তুমি গুহাগত, তোমার বাসস্থান নিরূপিত নাই, হে বরদ! তুমি সুরগণের বন্দনীয়, তোমাকে নমস্কার। ২৭। হে গদাধর! তুমি শুভশ্রী, সুর-

কলাগতং কলিমলমর্দ্দনশ্রিয়ং
গদাধরং নৌমি তমাশ্রিতশ্রিয়ং ॥২৮
দৃঢ়াদ্দৃঢ়ং পরিদৃঢ়গাঢ়সংস্থিতং
কামাস্থিতং সুদৃঢ়মরূঢ়িরূঢ়িতং।
তমাঢ্যগং দৃঢ়দুরিতাদ্যঢৌকিতং
স্বঢৌকিতং দৃঢ়তরগোত্রস্থক্তিভং ॥২৯

গণের ঐশ্বর্য্যশ্রী, তুমি যশঃশ্রী, দৈত্যগণের ভয়-বর্দ্ধকশ্রী, কলিকালের লোকের পাপনাশকশ্রী, অপরাপর সমুদায় শ্রীও তোমাতেই আছে; আমি তোমাকে নমস্কার করি। ২৮। তুমি দৃঢ় হইতেও দৃঢ়তর, অতিগাঢ়রূপে সংস্থিত, রূঢ় ও যৌগিক শব্দ সকলের একবাচ্য হইয়াও তাহা-দের বহির্ভূত; তুমি সমস্ত ঐশ্বর্য্যের অতীত, পাপাদি তোমাকে স্পর্শ করিতে সমর্থ নহে, অথচ তোমাতেই সকল উৎপন্ন এবং তোমাকে স্তব

বিদেহকং করণকালবিবর্জ্জিতং
বিয়ম্মরুদ্ধিমকররারিভূষিতং।
গদাধরং ধ্বনিমুখবর্জ্জিতং পরং
নমাম্যহং সততমনাদিমীশ্বরং হরিং॥৩০
মনোগতং মতিগতিবর্জ্জিতং পরং
শমাত্মকং শ্রুতিশিরসি স্থিতং বুধং।
চিদাত্মকং কলিগতকারণাতিগং
গদাধরং হৃদয়গতং নমাম্যহং॥৩১

করিবার কোন নির্দ্দিষ্ট নামও নাই; তোমাকে নমস্কার। ২৯। তুমি দেহশূন্য, ইন্দ্রিয়বর্জ্জিত, শব্দাতীত, মরুৎ; তুমি সূর্য্যরশ্মিমালায় অলঙ্কৃত হও, সকল দিকে তোমার বদন আছে, হে পরম পুরুষ! হে অনাদি ঈশ্বর! তোমাকে নমস্কার। ৩০। তুমি মনের অবিরল মতি ও গতিশূন্য, পরম পুরুষ; তুমি শমাত্মক; মুনিগণ

সনৎকুমার উবাচ।

দেবৈঃ সার্দ্ধং ব্রহ্মণা তু স্তুতশ্চাদিগদাধরঃ।
উচে বরং বৃণীধ্ব ত্বং বরং ব্রহ্মা তমব্রবীৎ ॥৩২
শিলায়াং দেবরূপিণ্যাং স্থিরং তিষ্ঠ সুরেশ্বর।
ব্যক্তো গদাধরো ভূত্বাঽব্যক্তশ্চৈব জনার্দ্দনঃ ॥৩৩
লোকানাং রক্ষণার্থায় তমুবাচ গদাধরঃ।
শিলায়াং দেবরূপিণ্যাং স্থিত্বা যূয়ং তু তিষ্ঠত ॥৩৪

তোমাকেই বেদের সার বলেন, তুমি জ্ঞান-স্বরূপ, কলিযুগের পাপহারক, সর্ব্বজীবের হৃদয়-গত ; হে গদাধর ! তোমাকে নমস্কার। ৩১।

সনৎকুমার বলিলেন, সুরগণ সহ ব্রহ্মা এইরূপ স্তব করিলে আদিগদাধর কহিলেন, তোমরা বর প্রার্থনা কর। তখন ব্রহ্মা কহিলেন, হে সুরেশ্বর! লোকরক্ষার্থ দেব-রূপিণী এই ধর্ম্মশিলার উপরে ব্যক্ত গদাধর-

সুব্যক্তঃ পুণ্ডরীকাক্ষঃ শ্বেতকল্পে তথা স্থিতঃ।
বেদৈরগম্যা যা মূর্ত্তিরাদিভূতা সনাতনী ॥৩৫
অব্যক্তঃ শ্বেতকল্পে তু ভবিষ্যামি তথা পুনঃ।
বারাহকল্পে সুব্যক্তো দেব আদিগদাধরঃ ॥৩৬
সন্তারণায় লোকানাং দেবানাং রক্ষণায় চ।
গয়াশিরসি সুব্যক্তো ভবিষ্যামি ন সংশয়ঃ ॥৩৭

মূর্ত্তি এবং অব্যক্ত জনার্দ্দন-মূর্ত্তি গ্রহণ করত স্থিরভাবে এখানে অধিষ্ঠান করুন্। গদাধর কহিলেন, তোমরা সুররূপিণী ধর্ম্মশিলায় অধিষ্ঠিত হইলে, সুরগণের অগম্য আদি সনাতন যে পুণ্ডরীকাক্ষমূর্ত্তি শ্বেতকল্পে ব্যক্ত ছিল, সেই মূর্ত্তি শ্বেতবারাহকল্পে অব্যক্ত হইয়া আদিগদাধরমূর্ত্তিরূপে সম্যক্ ব্যক্ত হইবে। ৩২—৩৬। সুরগণের রক্ষা ও নিখিল প্রাণীর পরিত্রাণার্থ আমি গয়াশিরে সম্যক্‌রূপে ব্যক্ত থাকিব সন্দেহ নাই।৩৭।

যে দ্রক্ষ্যন্তি সদা ভক্ত্যা দেবমাদিগদাধরং ।
কুষ্ঠাদিব্যাধিনির্ম্মুক্তা যান্তন্তি হরিমন্দিরং ॥৩৮
যে.দ্রক্ষ্যন্তি সদা ভক্ত্যা দেবমাদিগদাধরং ।
তে প্রাপ্স্যন্তি ধনং ধান্তমায়ুরারোগ্যমেব চ ।
কলত্রপুত্রপৌত্রাদি-গুণকীর্ত্তিসুখানি চ ॥৩৯
শ্রদ্ধয়া যে নমস্যন্তি রাজ্যং ব্রহ্মপুরং তথা ।
ভুক্ত্বা ব্রজেয়ুঃ সততং পুণ্যপুঞ্জফলং নরাঃ ॥৪০

যে ব্যক্তি নিরন্তর আদিগদাধর দেবকে ভক্তি সহকারে দর্শন করিবে, সে কুষ্ঠাদি রোগমুক্ত হইবে এবং অন্তে বৈকুণ্ঠপদ লাভ করিবে । ৩৮ । ভক্তি সহকারে নিরন্তর আদিগদাধর দেবকে নিরীক্ষণ করিলে ধন, ধান্য, দীর্ঘায়ু, আরোগ্য, স্ত্রী, পুত্র-পৌত্রাদি, গুণ, কীর্ত্তি এবং সুখ লাভ হয় । ৩৯ । ইহাকে শ্রদ্ধা সহকারে প্রণাম করিলে লোকে ইহ সংসারে রাজ্যভোগ পূর্ব্বক

গন্ধদানেন গন্ধাঢ্যঃ সৌভাগ্যং পুষ্পদানতঃ।
ধূপদানেন রাজ্যাপ্তির্দীপাদ্দীপ্তিং প্রযচ্ছতি ॥৪১
ধ্বজদানাৎ পাপহানি-র্যাত্রাকৃদ্ব্রহ্মলোকভাক্।
শ্রাদ্ধপিণ্ডপ্রদো যস্তু বিষ্ণুং নেষ্যন্তি বৈ পিতৄন্ ॥৪২
শ্রদ্ধয়া যে নমস্যন্তি স্তোত্রেণাদিগদাধরং।
স্তোষ্যন্তি চ সমভ্যর্চ্চ্য পিতৄন্নেষ্যন্তি মাধবং ॥৪৩

বহুবিধ পুণ্য সঞ্চয় করিয়া অন্তে ব্রহ্মপদগামী হয়। ৪০। গন্ধ দান করিলে ভূরি পরিমাণ গন্ধ লাভ হয়, পুষ্পদান ফলে সৌভাগ্য, ধূপ-দানে রাজ্যপ্রাপ্তি, দীপদানে উত্তম কান্তি, ধ্বজদানে পাতকনাশ, মহোৎসব করিলে ব্রহ্ম-লোক লাভ এবং শ্রাদ্ধাদি পিণ্ড দান করিলে পিতৃগণের মুক্তি হয়। ৪১—৪২। আদি-গদাধরদেবকে পূজা করত বক্ষ্যমাণ স্তোত্র দ্বারা স্তব করিলে পিতৃগণের মুক্তি হয়। ৪৩।

শিবোঽপি পরয়া প্রীত্যা তুষ্টাবাদিগদাধরং।
অব্যক্তরূপো যো দেবো মুণ্ডপৃষ্ঠাদিরূপতঃ।
ফল্গুতীর্থাদিরূপেণ নমাম্যাদিগদাধরং ॥৪৪
ব্যক্তাব্যক্তস্বরূপেণ পদরূপেণ সংস্থিতং।
মুখ্যলিঙ্গাদিরূপেণ নমাম্যাদিগদাধরং ॥৪৫
ব্যক্তরূপো হি যো দেবো জনার্দ্দনস্বরূপতঃ।
মুণ্ডপৃষ্ঠে স্বয়ং হ্যস্তি নমাম্যাদিগদাধরং ॥৪৬

মহাদেব স্বয়ং এই স্তোত্রে আদিগদাধরদেবকে স্তব করিয়াছিলেন, মুণ্ডপৃষ্ঠ গিরি ও ফল্গুতীর্থ প্রভৃতি অব্যক্তরূপে যে দেবতা এই গয়াধামে অবস্থিত, সেই আদিগদাধরকে নমস্কার। ৪৪। পদচিহ্ন ও মুখ্য লিঙ্গাদিরূপ ব্যক্তাব্যক্তস্বরূপ ধারণপূর্ব্বক যে দেবতা এখানে অধিষ্ঠিত, সেই আদিগদাধরকে নমস্কার করি। ৪৫। জনার্দ্দন-রূপে ব্যক্তস্বরূপে যে দেব মুণ্ডপৃষ্ঠে স্বয়ং

শিলায়াং দেবরূপিণ্যাং স্থিতং ব্রহ্মাদিভিঃ সুরৈঃ।
পূজিতং সংস্তুতং দেবং নমাম্যাদিগদাধরং ॥৪৭
যঞ্চ দৃষ্ট্বা তথা স্পৃষ্ট্বা পূজয়িত্বা প্রণম্য চ।
শ্রাদ্ধাদৌ ব্রহ্মলোকাপ্তির্নমাম্যাদিগদাধরং ॥৪৮
মহাদেবশ্চ জগতো ব্যক্তস্যৈকং হি কারণং।
অব্যক্তজ্ঞানরূপং তং নমাম্যাদিগদাধরং ॥৪৯

সংস্থিত, সেই আদিগদাধরকে নমস্কার করি।৪৬। দেবরূপিণী ধর্ম্মশিলায় অমরগণের সহিত অবস্থিত হইয়া ব্রহ্মাদি কর্ত্তৃক অর্চ্চিত ও সংস্তুত সেই আদিগদাধরকে নমস্কার করি। ৪৭। শ্রাদ্ধাদি সময়ে যে দেবকে দর্শন, স্পর্শ, অর্চ্চনা ও নমস্কার করিলে ব্রহ্মধাম লাভ হয়, সেই আদিগদাধরকে নমস্কার করি। ৪৮। এই ব্যক্ত জগতের একমাত্র কারণ, অব্যক্ত জ্ঞানরূপ যে মহাদেব, সেই আদিগদাধরকে নমস্কার

দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রাণাহঙ্কারবর্জ্জিতং ।
জাগ্রৎস্বপ্নবিনির্ম্মুক্তং নমাম্যাদিগদাধরং ॥৫০
নিত্যানিত্যবিনির্ম্মুক্তং সত্যমানন্দমব্যয়ং ।
তুরীয়ং জ্যোতিরাত্মানং নমাম্যাদিগদাধরং ॥৫১

সনৎকুমার উবাচ ।

এবং স্তুতো মহেশেন প্রীতো হ্যাদিগদাধরঃ ।
স্থিতো দেবঃ শিলায়াং স ব্রহ্মাদ্যৈর্দ্দৈবতৈঃ সহ ॥৫২

করি । ৪৯ । যিনি দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি, প্রাণ ও অহঙ্কাররহিত ; নিদ্রা, জাগরণও যাঁহার নাই, সেই আদিগদাধরকে নমস্কার । ৫০ । নিত্য ও অনিত্যবিহীন, সত্য, আনন্দ, অব্যয়, তুরীয়, জ্যোতিঃ ও আত্মাস্বরূপ আদিগদাধরদেবকে নমস্কার করি । ৫১ ।

সনৎকুমার কহিলেন, এইরূপে মহেশ্বর কর্ত্তৃক স্তবে প্রীত হইয়া আদিগদাধরদেব ব্রহ্মাদি

সংস্থিতং মুণ্ডপৃষ্ঠাদ্রৌ দেবমাদিগদাধরং।
স্তবন্তি পূজয়ন্তীহ ব্রহ্মলোকং প্রয়ান্তি তে॥৫৩
ধর্ম্মার্থী প্রাপ্নুয়াদ্ধর্ম্ম-মর্থার্থী চার্থমাপ্নুয়াৎ।
কামানবাপ্নুয়াৎ কামী মোক্ষার্থী মোক্ষমাপ্নুয়াৎ॥৫৪
বন্ধ্যা চ লভতে পুত্রং বেদবেদাঙ্গপারগং।
রাজা বিজয়মাপ্নোতি শূদ্রশ্চ সুখমাপ্নুয়াৎ॥৫৫

সুরগণের সহিত ধর্ম্মশিলায় অধিষ্ঠান করিতে থাকিলেন। ৫২। মুণ্ডপৃষ্ঠা গিরিস্থ আদিগদাধর-দেবকে স্তব ও অর্চ্চনা করিলে ব্রহ্মধামে গমন হয়। ৫৩। ধর্ম্মার্থীর ধর্ম্ম, অর্থার্থীর অর্থ, কামীর কাম এবং মোক্ষার্থীর মোক্ষ লাভ হয়। ৫৪। বন্ধ্যা নারী, বেদবেদাঙ্গপারগ সন্তান লাভ করে, রাজা বিজয় লাভ করেন এবং

পুত্রার্থী লভতে পুত্রানভ্যর্চ্চ্যাদিগদাধরং।
মনসা প্রার্থিতং সর্ব্বং পূজাদ্যৈঃ প্রাপ্নুয়ান্নরঃ ॥৫৬

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়া-
মাহাত্ম্যে আদিগদাধরাখ্যানং নাম
পঞ্চমোঽধ্যায়ঃ। ৫।

পুত্র সুখ প্রাপ্ত হয়। ৫৫। আদিগদাধরের পূজায় অপুত্র পুত্র পায় এবং পূজাফলে সর্ব্ববাঞ্ছিত লাভ হয়। ৫৬।

গয়ামাহাত্ম্যে পঞ্চম অধ্যায় সম্পূর্ণ।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

গয়াযাত্রাং প্রবক্ষ্যামি শৃণু নারদ মুক্তিদাং।
নিষ্কৃতিঃ শ্রাদ্ধকর্ত্তৃণাং ব্রহ্মণা গীয়তে পুরা ॥১
উদ্যতশ্চেদ্‌গয়াং গন্তুং শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ।
বিধায় কর্পটাবেশং কৃত্বা গ্রামং প্রদক্ষিণং ॥২

সনৎকুমার কহিলেন, হে নারদ! পিতৃগণের মুক্তিদাত্রী ও শ্রাদ্ধকর্ত্তার উদ্ধারকর্ত্রী গয়াযাত্রা বর্ণন করিতেছি, অবধান কর; পূর্ব্বে আমি ইহা বিধির নিকট শুনিয়াছি। ১। গয়ায় যাইতে উদ্যত হইয়া বিধানে যাত্রোচিত পার্ব্বণ শ্রাদ্ধ করত তীর্থযাত্রীর বেশ পরিগ্রহ ও গ্রাম প্রদক্ষিণ করিবে। ২।

ততো গ্রামান্তরং গত্বা শ্রাদ্ধশেষস্য ভোজনং।
ততঃ প্রতিদিনং গচ্ছেৎ প্রতিগ্রহবিবর্জ্জিতঃ ॥৩
প্রতিগ্রহাদুপাবৃত্তঃ সন্তুষ্টো নিয়তঃ শুচিঃ।
অহঙ্কারবিমুক্তো যঃ স তীর্থফলমশ্নুতে ॥৪
যস্য হস্তৌ চ পাদৌ চ মনশ্চাপি সুসংযতং।
বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমশ্নুতে ॥৫

অনন্তর শ্রাদ্ধশেষে আহার ও গ্রামান্তর গমন করিয়া বাস করিবে। আর সেই দিন হইতে অন্যের সমীপে কোন দ্রব্য গ্রহণ করিবে না এবং প্রতিদিন কিছু কিছু করিয়া পথ চলিতে থাকিবে। ৩। যে ব্যক্তি অন্যের দান গ্রহণ না করে, সংযতমনা, নিয়ত, পবিত্র ও অহঙ্কাররহিত হয়, সেই ব্যক্তিই তীর্থ-ফল প্রাপ্ত হইতে পারে। ৪। যাহার হস্ত, পদ ও মন সংযত এবং যাহার বিদ্যা, তপস্যা

ততো গয়াপ্রবেশে চ পূর্ব্বতোঽস্তি মহানদী ।
তত্র তোয়ং সমুৎপাট্য স্নাতব্যং নির্ম্মলে জলে ॥৬
দেবাদীংস্তর্পয়িত্বাথ শ্রাদ্ধং কৃত্বা যথাবিধি ।
স্বস্ববেদশাখোদিত-মর্ঘ্যাবাহনবর্জ্জিতং ॥৭
অপরেদ্যুঃ শুচির্ভূত্বা গচ্ছেদ্বৈ প্রেতপর্ব্বতে ।
ব্রহ্মকুণ্ডে ততঃ স্নাত্বা দেবাদীংস্তর্পয়েৎ সুধীঃ ॥৮

ও কীর্ত্তি আছে, সেই ব্যক্তিই তীর্থ-ফল প্রাপ্ত হয়। ৫। অনন্তর গয়াধামে প্রবেশ পূর্ব্বক ইহার পূর্ব্বদিকে স্থিত মহানদীতে বালি খনন করিয়া জল উঠাইয়া সেই নির্ম্মল সলিলে স্নান করিবে। ৬। স্নানান্তে বিধানে দেবতা প্রভৃতি সকলের তর্পণ করিয়া আপনাপন বেদশাখোক্ত বিধি অনুসারে অর্ঘ্য ও আবাহনরহিত একটী পার্ব্বণ শ্রাদ্ধ করিবে। ৭। তৎপরদিন পবিত্র হইয়া প্রেত-গিরিতে গমন করিবে, তথায়

কুর্য্যাৎ শ্রাদ্ধং সপিণ্ডানাং প্রযতঃ প্রেতপর্ব্বতে।
প্রাচীনাবীতিনা ভাব্যং দক্ষিণাভিমুখঃ সুধীঃ ॥৯
কব্যবালোঽনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা।
অগ্নিষাত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ ॥১০
আগচ্ছন্তু মহাভাগা যুষ্মাভী রক্ষিতাস্ত্বিহ।
মদীয়াঃ পিতরো যে চ কুলে জাতাঃ সনাভয়ঃ ॥১১

সুবুদ্ধি ব্যক্তি ব্রহ্মকুণ্ডে স্নান পূর্ব্বক দেবতা প্রভৃতি সকলের তর্পণ করিবে ৮। পরে প্রেত-গিরিতে গিয়া বিপরীতভাবে উত্তরীয় ধারণপূর্ব্বক দক্ষিণমুখে সমাসীন হইয়া সংযত-মনে সপিণ্ডগণের শ্রাদ্ধ করিবে ৯। কব্যবাল, অনল, সোম, যম, অর্য্যমা, অগ্নিষাত্ত, বর্হিষদ, সোমপ প্রভৃতি মহাভাগ দিব্য পিতৃগণ আমাদের রক্ষকরূপে এই স্থানে সমাগত হউন্।

তেষাং পিণ্ডপ্রদানার্থ-মাগতোঽস্মি গয়ামিমাং।
তে সর্ব্বে তৃপ্তিমায়াস্তু শ্রাদ্ধেনানেন শাশ্বতীং ॥১২
আচম্যোক্ত্বা চ পঞ্চাঙ্গং প্রাণায়ামং প্রযত্নতঃ।
পুনরাবৃত্তিরহিতো ব্রহ্মলোকাপ্তিহেতবে ॥১৩
এতঞ্চ বিধিবৎ শ্রাদ্ধং কৃত্বা পূর্ব্বং যথাক্রমং।
পিতৄনাবাহ্য চাভ্যর্চ্চ্য মন্ত্রৈঃ পিণ্ডপ্রদো ভবেৎ ॥১৪

আমার বংশে তাবৎ পিতৃগণের ও সপিণ্ডগণের পিণ্ড দান করিতে আমি গয়ায় আগত হইয়াছি, আমার এই শ্রাদ্ধে আপনারা সকলে অক্ষয় তৃপ্তি লাভ করুন্। ১০—১২। পরে আচমন পূর্ব্বক পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি ও পুনরাবৃত্তিরাহিত্য হেতু সযত্নে পঞ্চাঙ্গ প্রাণায়াম করিবে। ১৩। এই প্রকারে সঙ্কল্প করত মন্ত্রোচ্চারণ সহকারে বিধানে পিতৃগণের আবাহন, পূজা ও পিণ্ড দান করত শ্রাদ্ধ করিবে।১৪।

তীর্থে প্রেতশিলাদৌ চ চরুণা সঘৃতেন বা।
প্রক্ষাল্য পূর্ব্বং তৎ স্থানং পঞ্চগব্যৈঃ পৃথক্ পৃথক্।
মন্ত্রৈস্তৈরথ সংপূজ্য পঞ্চগব্যৈশ্চ দেবতাং॥১৫
যাবত্তিলা মনুষ্যৈশ্চ গৃহীতাঃ পিতৃকর্ম্মসু।
গচ্ছন্তি তাবদসুরাঃ সিংহত্রস্তা যথা মৃগাঃ॥১৬
অষ্টকাসু চ বৃদ্ধৌ চ গয়ায়াং চ মৃতেঽহনি।

প্রেতগিরিতে সঘৃত চরু দ্বারা পিণ্ড দান করিবে; তথায় শ্রাদ্ধের পূর্ব্বে পঞ্চগব্য দ্বারা পৃথক্ পৃথক্ স্থান ধৌত করত পরিষ্কার করিয়া মন্ত্র দ্বারা ক্রিয়া আরম্ভ করিবে। ১৫। লোকে পিতৃকার্য্যে যতগুলি তিল গ্রহণ করেন, সিংহ দেখিয়া ভীত মৃগের তুল্য শ্রাদ্ধবিঘ্নকারী অসুরেরা ততদূর পলায়ন করে। ১৬। অষ্টকা শ্রাদ্ধ, বৃদ্ধিশ্রাদ্ধ ও মৃতাহ শ্রাদ্ধে কেবল মাতৃ-

মাতুঃ শ্রাদ্ধং পৃথক্ কুর্য্যাদন্যত্র পতিনা সহ।
বৃদ্ধিশ্রাদ্ধে তু মাত্রাদি গয়ায়াং পিতৃপূর্ব্বকং ॥১৭
পাদপূর্ব্বং সমারভ্য দক্ষিণাগ্রকুশৈঃ ক্রমাৎ।
পিত্রাদীনাং সমাস্তীর্য্য শেষং গৃহোক্তমাচরেৎ ॥১৮
দদ্যাঃ শ্রাদ্ধং সপিণ্ডানাং তেষাং দক্ষিণভাগতঃ।
কুশানাস্তীর্য্য বিধিনা সকৃদ্দত্বা তিলোদকং ॥১৯

শ্রাদ্ধ পৃথক্ করিতে হয়, অন্যত্রে পিতৃশ্রাদ্ধ সহ করিতে হয়, তন্মধ্যে বৃদ্ধিশ্রাদ্ধে মাতৃশ্রাদ্ধ অগ্রে ও গয়াশ্রাদ্ধে পিতৃশ্রাদ্ধ অগ্রে করিতে হয়, ইহাই প্রভেদ। ১৭। পূর্ব্বদিক হইতে দক্ষিণাগ্র কুশ বিস্তার পূর্ব্বক পিতৃকর্ম্ম আরম্ভ করিবে। প্রথমে পিতৃগণের কার্য্য শেষ হইলে তাহার দক্ষিণ ভাগে সপিণ্ডবর্গের কার্য্য করিবে; পৃথক্ পৃথক্ সকলের তিলোদক

গৃহীত্বাঞ্জলিনা তেভ্যঃ পিতৃতীর্থেন যত্নতঃ।
শক্তুনা মুষ্টিমাত্রেণ দদ্যাদক্ষয্যপিণ্ডকং।
সবর্দ্ধিনস্তিলাস্তিশ্চ কুশেষ্বাবাহয়েত্ততঃ ॥২০
আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ ॥২১

প্রদান করিবে। পরে মুষ্টি-পরিমিত শক্তু লইয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যবর্ত্তী স্থান দিয়া সযত্নে কুশোপরি অক্ষয্য পিণ্ড প্রদান করিবে। (তিল, ঘৃত ও মধু প্রভৃতি পিণ্ড দ্রব্যে একত্রিত করিবে; পিণ্ড দ্রব্য যথা,—পায়স, চরু, শক্তু, পিষ্টক, গুড়, তণ্ডুল প্রভৃতি দ্বারা পিণ্ড দানবিধি।) তৎপরে সম্পর্কীয় ব্যক্তিবর্গকে তিলোদক দ্বারা কুশোপরি আহ্বান করিবে।১৮—২০। ব্রহ্মাণ্ডের আদি হইতে অন্ত পর্য্যন্ত যে সমস্ত দেব ঋষি পিতৃ মানব প্রভৃতি পিতৃগণ, মাতামহ-

অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং।
আব্রহ্মভুবনাল্লোকা-দিদমস্তু তিলোদকং ॥২২
পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ।
মাতা পিতামহী চৈব তথৈব প্রপিতামহী।
মাতামহস্তৎপিতা চ প্রমাতামহকাদয়ঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাং ॥২৩

কুলের পিতৃগণ, অতীত কোটি কুলের পিতৃগণ, এমন কি সপ্তদ্বীপবাসী সকলেই এবং সমস্ত ভুবনবাসী সকলে এই তিলোদকে পরিতৃপ্তি লাভ করুন্। ২১—২২। পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধ প্রমাতামহ প্রভৃতি পিতৃগণের জন্য আমি পিণ্ড অর্পণ করিতেছি, এই পিণ্ড তাঁহাদের অক্ষয় তৃপ্তিজনক হউক।২৩।

মুষ্টিমাত্রপ্রমাণঞ্চ আর্দ্রামলকমাত্রকং ।
শমীপত্রপ্রমাণং বা পিণ্ডং দদ্যাদগয়াশিরে ।
উদ্ধরেৎ সপ্ত গোত্রাণি কুলানি শতমুদ্ধরেৎ ॥২৪
পিতুর্মাতুশ্চ ভার্য্যায়া ভগিন্যা দুহিতুস্তথা ।
পিতৃষস্বুর্মাতৃষস্বুঃ সপ্ত গোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ ॥২৫
বিংশতির্ব্বিংশতিস্ত্রিস্ত্রাঃ ষোড়শ দ্বাদশৈব হি ।
রুদ্রাদিবসবশ্চৈব কুলান্যেকোত্তরং শতং ॥২৬
নাবাহনং ন দিগ্বন্ধো ন দোষো দৃষ্টিসম্ভবঃ ।
সকারুণ্যেন কর্ত্তব্যং তীর্থশ্রাদ্ধং বিচক্ষণৈঃ ॥২৭

মুষ্টি-পরিমিত, সরস আমলকীমাত্রপ্রমাণ কিম্বা শমীপত্র-পরিমিত পিণ্ড গয়াশিরে দিতে হয়। তাহাতে সপ্ত গোত্রের একশত এক কুল পরিত্রাণ হয়; যথা, মাতৃ-গোত্রে ২০, পিতৃ গোত্রে ২০, শ্বশুর-গোত্রে ৮, ভগিনী-গোত্রে ১৪, জামাতৃ-গোত্রে ১৬, পিতৃষস্থ গোত্রে ১১ ও মাতৃ-

পিণ্ডাসনং পিণ্ডদানং পুনঃ প্রত্যবনেজনং।
দক্ষিণা চান্নসঙ্কল্পং তীর্থশ্রাদ্ধেষ্বয়ং বিধিঃ ॥২৮
অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥২৯
মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥৩০

ঘস্থ-গোত্রে দ্বাদশ।২৪—২৬। তীর্থশ্রাদ্ধে আবাহন, দিগ্বন্ধন বা নীচজাতির দর্শন জন্য কোন দোষ নাই। পণ্ডিতেরা কেবল দয়া প্রকাশ করিলেই শ্রাদ্ধ সিদ্ধ হয়। ২৭। পিণ্ডাসন, পিণ্ড দান, অবনেজন, দক্ষিণা ও অন্নসঙ্কল্প করাই তীর্থ-শ্রাদ্ধে বিধি। ২৮। আমার বংশে মৃত ব্যক্তি-গণ এবং যাহাদের কোন গতি হয় নাই, তাঁহা-দিগকে তিলোদক দ্বারা এই দর্ভপৃষ্ঠে আহ্বান করিতেছি। ২৯। মদীয় মাতামহকুলে যে

বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥৩১
ইত্যেতৈর্মন্ত্রৈঃ সজলৈস্তিলৈর্দর্ভৈশ্চ ধ্যানবান্।
আবাহ্যাভ্যর্চ্চ্য তেভ্যশ্চ পিণ্ডান্ দদ্যাদ্‌যথাক্রমং ॥৩২
অস্মৎকুলে মৃতা য়ে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৩৩

সমস্ত মৃত ব্যক্তির কোন গতি হয় নাই, তাঁহা-দিগকে তিলোদক দ্বারা এই দর্ভপৃষ্ঠে আহ্বান করিতেছি। ৩০। বন্ধুবর্গ-কুলে যে সমস্ত মৃত ব্যক্তির কোন গতি হয় নাই, তাঁহাদিগকে তিলোদক দ্বারা এই দর্ভপৃষ্ঠে আহ্বান করি-তেছি। ৩১। এই সমস্ত মন্ত্রে সতিল জল-সমন্বিত দর্ভপৃষ্ঠে তাহাদিগকে আবাহন করত ধ্যান ও অর্চ্চনা করিয়া যথাক্রমে পিণ্ডদান করিবে। ৩২। আমার পিতৃবংশে যে সমস্ত

মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৩৪
বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৩৫
অজাতদন্তা যে কেচিৎ যে চ গর্ভে প্রপীড়িতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৩৬

মৃত ব্যক্তির কোন গতি হয় নাই, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড দিতেছি। ৩৩। মদীয় মাতামহবংশে যে সমস্ত মৃত ব্যক্তির কোন গতি হয় নাই, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড দিতেছি। ৩৪। মদীয় বন্ধু-বর্গকুলে যে সমস্ত মৃত ব্যক্তির কোন গতি হয় নাই, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৩৫। যাহারা দন্তোদ্-গমের অগ্রে কিম্বা গর্ভাবস্থায় মৃত, তাহাদের

অগ্নিদগ্ধাশ্চ যে কেচিন্নাগ্নিদগ্ধাস্তথাপরে।
বিদ্যুচ্চৌরহতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৩৭
দাবদাহে মৃতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে।
দংষ্ট্রিভিঃ শৃঙ্গিভির্ব্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৩৮

পরিত্রাণার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৩৬। যাহারা বহ্নিদগ্ধ হইয়া মৃত কিম্বা যাহাদের মৃতদেহে অগ্নিসংস্কার হয় নাই, যাহারা বজ্র অথবা দস্যু কর্ত্তৃক বিনাশিত হইয়াছে, তাহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৩৭। যাহারা দাবাগ্নিতে মৃত কিম্বা সিংহ ব্যাঘ্র প্রভৃতি শ্বাপদ কর্ত্তৃক হত, অথবা বৃহদ্দন্ত বা বৃহৎ শৃঙ্গবিশিষ্ট প্রাণি কর্ত্তৃক বিনাশিত হইয়াছে, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৩৮।

উদ্বন্ধনমৃতা যে চ বিষশস্ত্রহতাশ্চ যে।
আত্মাপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৩৯
অরণ্যে বর্ত্মনি রণে ক্ষুধয়া তৃষয়া হতাঃ।
ভূতপ্রেতপিশাচাদ্যৈস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৪০
রৌরবে চান্ধতামিস্রে কালসূত্রে চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৪১

যাহারা উদ্বন্ধনে মৃত, বিষপ্রয়োগে মৃত, শস্ত্রাঘাতে মৃত ও আত্মহত্যাকারী, তাহাদের উদ্ধারার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৩৯। নিবিড় বনে, পথ পর্য্যটনে, যুদ্ধে, অনশনে অথবা জল অভাবে মৃত, কিম্বা ভূত, প্রেত, পিশাচাদি কর্ত্তৃক হত ব্যক্তিদিগের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড প্রদান করিতেছি। ৪০। রৌরব, অন্ধতামিস্র, কালসূত্র প্রভৃতি নরকে যাঁহারা আছেন, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড

অসিপত্রবনে ঘোরে কুম্ভীপাকেষু যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৪২
অনেকযাতনাসংস্থাঃ প্রেতলোকঞ্চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৪৩
অনেকযাতনাসংস্থা যে নীতা যমশাসনে ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৪৪

প্রদান করিতেছি। ৪১। যাঁহারা ভীষণ অসিপত্র বা কুম্ভীপাক সংজ্ঞক নিরয়ে আছেন, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ করিতেছি। ৪২। অসংখ্য ক্লেশসঙ্কুল প্রেতলোকে যাঁহারা আছেন, তাঁহাদের উদ্ধারার্থ আমি এই পিণ্ড দিতেছি। ৪৩। যাঁহারা যমপুরে গিয়া বহু কষ্ট ভোগ করিতেছেন, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ করি-

নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥৪৫
পশুযোনিগতা যে চ পক্ষিকীটসরীসৃপাঃ।
অথবা বৃক্ষযোনিস্থা-স্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৪৬
জাত্যন্তরসহস্রেষু ভ্রমন্তঃ স্বেন কর্ম্মণা।
মানুষ্যং দুর্লভং যেষাং তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং।৪৭

তেছি। ৪৪। যাঁহারা অখিল নরক-যন্ত্রণা ভোগ করিতেছেন, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ করিতেছি। ৪৫। যাঁহারা পশু, পক্ষী, কীট, সরীসৃপ কিম্বা বৃক্ষ প্রভৃতি হইয়া আছেন, তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ করিতেছি। ৪৬। যাহারা স্বকর্ম্মের ফল ভোগার্থ সহস্র সহস্র যোনি ভ্রমণ করিতেছে, যাহাদের পক্ষে নরজন্ম দুর্লভ, তাহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ

দিব্যান্তরীক্ষভূমিষ্ঠাঃ পিতরো বান্ধবাদয়ঃ।
মৃতা অসংস্কৃতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৪৮
যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু পিণ্ডেনানেন সর্ব্বদা ॥৪৯
যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাং ॥৫০

করিতেছি। ৪৭। স্বর্গ, মর্ত্ত্য, পাতালে যে সমস্ত পিতৃগণ ও বান্ধবগণ আছেন এবং যাঁহাদের কোনরূপ অন্ত্যেষ্টিক্রিয়া হয় নাই; তাঁহাদের পরিত্রাণার্থ আমি এই পিণ্ড অর্পণ করিতেছি। ৪৮। মদীয় পিতৃগণের মধ্যে যে কেহ প্রেতরূপে সংস্থিত আছেন, তাঁহারা মদ্দত্ত এই পিণ্ড পাইয়া সন্তুষ্ট হউন্। ৪৯। যাঁহারা বান্ধব, অবান্ধব কিম্বা অন্য কোন জন্মের বান্ধব, তাঁহাদের উদ্দেশে মদ্দত্ত এই পিণ্ড

পিতৃবংশে মৃতা যে চ মাতৃবংশে চ যে মৃতাঃ।
গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবা মৃতাঃ।
যে মে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদারবিবর্জ্জিতাঃ।
ক্রিয়ালোপগতা যে চ জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা।
বিরূপা আমগর্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাং ॥৫১

অক্ষয় ফলপ্রদ হউক। ৫০। পিতৃ, মাতৃ, গুরু, শ্বশুর ও বন্ধুকুলে যাহারা মৃত কিম্বা যাহারা অবান্ধব মৃত, আমার বংশে যাহাদের পিণ্ড লোপ হইয়াছে; যাহারা পুত্রকলত্রহীন, আর যাহাদের ক্রিয়ালোপ হইয়াছে, যাঁহারা গর্ভ হইতে অন্ধ, অথবা পঙ্গু ছিলেন অথবা কুরূপ, কিম্বা গর্ভস্রাবে চ্যুত, আর আমার বংশের যে সকল ব্যক্তিকে আমি জানি বা না জানি, তাঁহাদের জন্য মদ্দত্ত এই পিণ্ড অক্ষয়ফলপ্রদ হউক। ৫১।

আব্রহ্মণো যে পিতৃবংশজাতা
মাতুস্তথা বংশভবা মদীয়াঃ।
কুলদ্বয়ে যে মম দাসভূতা
ভৃত্যাস্তথৈবাশ্রিতসেবকাশ্চ।
মিত্রাণি সখ্যঃ পশবশ্চ বৃক্ষা
দৃষ্টা হ্যদৃষ্টাশ্চ কৃতোপকারাঃ।
জন্মান্তরে যে মম সঙ্গতাশ্চ
তেভ্যঃ স্বধা পিণ্ডমহং দদামি ॥৫২

মদীয় পিতৃ ও মাতৃকুলে ব্রহ্মা হইতে এপর্য্যন্ত যত লোক সঞ্জাত হইয়াছে, এই দুই বংশের সমুদায় দাস, ভৃত্য, আশ্রিত, সেবক, মিত্র প্রভৃতি সকলে, পশু ও বৃক্ষ সকল, প্রত্যক্ষে বা পরোক্ষে উপকারী ব্যক্তিগণ এবং আমার জন্মান্তরের সঙ্গিগণ, এই সকলের উদ্দেশে স্বধোচ্চারণ পূর্ব্বক এই পিণ্ড অর্পণ করিতেছি। ৫২।

এতৈশ্চ সর্ব্বমন্ত্রৈস্তু স্ত্রীলিঙ্গান্তং সমূহ্য চ।
পিণ্ডান্দদ্যাদযথা পূর্ব্বং স্ত্রীণাং মাত্রাদিকাক্রমাৎ।
স্বগোত্রে পরগোত্রে বা দম্পত্যোঃ পিণ্ডপাতনং।
অপৃথক্ নিষ্ফলং শ্রাদ্ধং পিণ্ডক্ষোদকতর্পণং ॥৫৩
পিণ্ডপাত্রে তিলান্ ক্ষিপ্ত্বা পূরয়িত্বা শুভোদকৈঃ।
পরিষিচ্য ত্রিধা সর্ব্বান্ প্রণিপত্য সমাপয়েৎ ॥৫৪

এই সমস্ত মন্ত্র দ্বারা স্ত্রীলোক হইলে স্ত্রীলিঙ্গ-নিষ্পন্ন পদ দ্বারা, স্বীয় বা পর-গোত্রস্থ স্ত্রী পুরুষগণের নাম উচ্চারণ পূর্ব্বক পৃথক্ পৃথক্ পিণ্ড পাতন করিবে। অপৃথক্ শ্রাদ্ধ, পিণ্ডদান বা তর্পণাদি বিফল হয়। ৫৩। পিণ্ড-পাত্রে তিল রাখিয়া উত্তম জলে পূর্ণ করিবে এবং তিনবার ঐ জলে অভিষেচন করণানন্তর নমস্কার পূর্ব্বক শ্রাদ্ধ শেষ করিবে। ৫৪।

পিতৄন্ বিসৃজ্য চাচম্য সাক্ষিণঃ শ্রাবয়েৎ সুরান্।
সাক্ষিণঃ সন্তু মে দেবা ব্রহ্মেশানাদয়স্তথা।
ময়া গয়াং সমাসাদ্য পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা॥৫৫
আগতোঽস্মি গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর।
ত্বমেব সাক্ষী ভগবন্ননৃণোঽহমৃণত্রয়াৎ॥৫৬
সর্ব্বস্থানেষু চৈবং স্যাৎ পিণ্ডদানন্তু নারদ।
প্রেতপর্ব্বতমারভ্য কুর্য্যাত্তীর্থেষ্বনুক্রমাৎ॥৫৭

অনন্তর পিতৃগণকে বিসর্জ্জন পূর্ব্বক আচমনান্তে দেবগণকে সাক্ষীজ্ঞানে এইরূপ নিবেদন করিবে। ব্রহ্মা মহেশাদি দেবগণ সাক্ষী রহিলেন, আমি গয়ায় আসিয়া পিতৃগণের নিষ্কৃতি করিলাম। ৫৫। হে দেব গদাধর! আপনি সাক্ষী থাকিলেন, আমি পিতৃকার্য্যে গয়ায় আসিয়া দেব, ঋষি ও পিতৃঋণ হইতে মুক্ত হইলাম। ৫৬। হে নারদ! প্রেতশিলা

তিলমিশ্রাংস্ততঃ শক্তূন্ নিক্ষিপেৎ প্রেতপর্ব্বতে।
অপসব্যেন দেবর্ষে দক্ষিণাভিমুখো নরঃ ॥৫৮
যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শক্তুভিস্তিলমিশ্রিতৈঃ ॥৫৯
আব্রহ্মস্তম্বপর্য্যন্তং যৎ কিঞ্চিৎ সচরাচরং।
ময়া দত্তেন তোয়েন তৃপ্তিমায়ান্তু সর্ব্বশঃ ॥৬০

হইতে আরম্ভ করিয়া তীর্থের সমুদায় স্থানেই এই বিধানমতে পিণ্ডদান করা উচিত। পরে দক্ষিণাস্য হইয়া দক্ষিণ কর দ্বারা ইহা বলিয়া তিলমিশ্র শক্তু প্রেতশিলায় নিক্ষেপ করিবে।৫৮। মদীয় পিতৃগণের মধ্যে যাঁহারা প্রেতরূপে অধিষ্ঠান করিতেছেন, তাঁহারা তিলমিশ্র শক্তুতে প্রীত হউন। ৫৯। চরাচরে যে সমস্ত প্রাণী আছে, তাহারা সকলে মদ্দত্ত জলে পরিতৃপ্ত হউক। ৬০।

প্রেতত্বাচ্চ বিমুক্তাঃ স্যুঃ পিতরস্তত্র নারদ।
প্রেতত্বং তস্য মাহাত্ম্যাৎ কুলে চাপি ন জায়তে ॥৬১
নাম্না প্রেতশিলা খ্যাতা গয়ায়াং ভুবি মুক্তয়ে।
তীর্থমন্ত্রাদিরূপেণ স্থিতশ্চাদিগদাধরঃ ॥ ৬২

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়া-
মাহাত্ম্যে পিণ্ডদানপদ্ধতির্নাম
ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

হে নারদ! এখানে পিতৃগণের প্রেতত্ব মুক্ত হয়, আর ইহার মাহাত্ম্যে বংশে কখন প্রেত উৎপন্ন হয় না, এই হেতু পৃথিবীতে গয়া-ক্ষেত্রের এই প্রেতশিলা প্রসিদ্ধ; এবং জীব-কুলের মুক্তির জন্য আদিগদাধর দেব স্বয়ং তীর্থ ও মন্ত্রাদিরূপে এই স্থানে অধিষ্ঠান করিতেছেন। ৬১—৬২।

সপ্তমোঽধ্যায়ঃ।

সনৎকুমার উবাচ।

আদৌ তু পঞ্চতীর্থেষু চোত্তরে মানসে বিধিঃ।
আচম্য কুশহস্তেন শিরশ্চাভ্যুক্ষ্য বারিণা।
উত্তরং মানসং গচ্ছেন্মন্ত্রেণ স্নানমাচরেৎ। ১
উত্তরে মানসে স্নানং করোম্যাত্মবিশুদ্ধয়ে।
সূর্য্যলোকাদিসংসিদ্ধিসিদ্ধয়ে পিতৃমুক্তয়ে ॥২

সনৎকুমার কহিলেন, পঞ্চ তীর্থের প্রথম উত্তর মানসে গমন কর্ত্তব্য। তথায় গিয়া কুশহস্তে মস্তকে জল প্রক্ষেপ করত এই মন্ত্রে তথায় স্নান করিবে। ১। আত্মশুদ্ধি, পিতৃগণের সূর্য্যলোকাদি গমন ও মুক্তির জন্য আমি উত্তর মানসতীর্থে স্নান করি। ২।

দেবাদীংস্তর্পয়িত্বাথ শ্রাদ্ধং কুর্য্যাৎ সপিণ্ডকং।
মানসং হি সরো হ্যত্র অস্মাদুত্তরমানসং ॥৩
নমো ভগবতে ভর্ত্রে সোমভৌমস্বরূপিণে।
জীব ভার্গব সৌরেয় রাহুকেতুস্বরূপিণে।
সূর্য্যং নত্বার্চ্চয়িত্বাথ সূর্য্যলোকং নয়েৎ পিতৃন্ ॥৪
উত্তরাম্মানসাম্মৌনী ব্রজেদ্দক্ষিণমানসং।

পরে এখানে দেবতাদি সকলের তর্পণ করিয়া শ্রাদ্ধাদি পিণ্ডদান করিবে। এই সর ব্রহ্মার মানস হইতে সঞ্জাত হওয়াতে ইহাকে উত্তর মানস বলে। ৩। এই স্থানে ভাস্করকে প্রণাম করিলে পিতৃগণ সূর্য্যলোকগামী হয়েন। নমস্কারমন্ত্র যথা;—সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু স্বরূপ নবগ্রহরূপী ভাস্করকে নমস্কার করি। ৪। উত্তর মানস হইতে মৌনী হইয়া দক্ষিণমানসে

উদীচী চ মহাপুণ্যা তত্রোদীচ্যং বিমুক্তিদং।
অত্র স্নাতো দিবং যাতি স্বশরীরেণ মানবঃ ॥৫
মধ্যে কনখলং তীর্থং পিতৃণাং মুক্তিদায়কং।
স্নাতঃ কনকবজ্জাতি নরো যাতি পবিত্রতাং।
স্নাতঃ কনখলে তীর্থে পুনর্জ্জন্ম ন বিদ্যতে।
অতঃ কনখলং লোকে খ্যাতং তীর্থমনুত্তমং ॥৬

গমন করিবে;—তথায় উত্তর দিকে মুক্তিপ্রদ উদীচী নামক মহা পুণ্যতীর্থ আছে; তথায় স্নান করিলে সশরীরে স্বর্গগামী হয়। ৫। দক্ষিণ মানসের মধ্যস্থলে কনখল নামক তীর্থ; ইহা পিতৃগণের মুক্তিপ্রদ। কনখল তীর্থে স্নান করিলে পুনর্জ্জন্ম দূর হয়। কনখলে স্নান করিলে দেহ স্বর্ণবর্ণ ধারণ করে এবং অতি বিশুদ্ধ হয়; এই হেতু কনখল অতি উত্তম তীর্থ বলিয়া জগতে প্রসিদ্ধ হইয়াছে। ইহারই

তস্য দক্ষিণভাগে চ তীর্থং দক্ষিণমানসং ।
দক্ষিণে মানসে চৈব তীর্থত্রয়মুদাহৃতং ।
স্নাত্বা তেষু বিধানেন কুর্য্যাৎ শ্রাদ্ধং পৃথক্ পৃথক্ ॥৭
ব্রহ্মহত্যাদিপাপৌঘ-যাতনায় বিমুক্তয়ে ।
দিবাকর করোমীহ স্নানং দক্ষিণমানসে ॥৮

দক্ষিণ ভাগে দক্ষিণ-মানস নামক তীর্থ আছে, কিন্তু এই তিনটী তীর্থকে দক্ষিণ মানসও কহে, এই হেতু এখানে পৃথক্ পৃথক্রূপে স্নান ও শ্রাদ্ধাদি করিতে হয় । ৬—৭ । স্নানমন্ত্র যথা ;— আত্মশুদ্ধি ও পিতৃগণের আদিত্য লোকাদি-প্রাপ্তি পূর্ব্বক মুক্তিলাভার্থ আমি দক্ষিণ মানসে স্নান করি । হে সূর্য্য ! ব্রহ্মহত্যাদি পাতক-পুঞ্জ নাশ পূর্ব্বক মুক্তির জন্য আমি এই দক্ষিণ

নামামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৃণাং তারণায় চ।
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ুরারোগ্যবৃদ্ধয়ে ॥৯
ফল্গুতীর্থং ব্রজেত্তস্মাৎ সর্ব্বতীর্থোত্তমোত্তমং।
মুক্তির্ভবতি পিতৃণাং কর্তৃণাং শ্রাদ্ধতঃ সদা ॥১০
ব্রহ্মণা প্রার্থিতো বিষ্ণুঃ ফল্গুকো হ্যভবৎ পুরা।
দক্ষিণাগ্নৌ হুতং তত্র তদ্রসঃ ফল্গুতীর্থকং ॥১১

মানসে স্নান করি। ৮। সূর্য্যপ্রণামমন্ত্র যথা;— হে সূর্য্যদেব! মদীয় পিতৃগণের পরিতৃপ্তি এবং পরিত্রাণার্থ আর আমার নিজের পুত্র, পৌত্র, ধন, ঐশ্বর্য্য, দীর্ঘায়ু, আরোগ্য প্রভৃতি বৃদ্ধির জন্য আপনাকে নমস্কার করি। ৯। পরে তথা হইতে সর্ব্বতীর্থপ্রধান ফল্গুতীর্থে গমন করিবে, তথায় শ্রাদ্ধকর্ত্তা পিতৃগণের সহিত লাভ করেন। ১০। পুরাকালে ব্রহ্মার প্রার্থনায় স্বয়ং হরি ফল্গুরূপে অবতীর্ণ হয়েন

তস্মিন্ ফলতি ফল্গুর্গোঃ কামধেনুর্জলং মহী।
সৃষ্টেরন্তর্গতং যস্মাৎ ফল্গুতীর্থং ন নিষ্ফলং ॥১২
তীর্থানি যানি সর্ব্বাণি ভুবনেষ্বখিলেষ্বপি।
তানি স্নাতুং সমায়ান্তি ফল্গুতীর্থং সুরৈঃ সহ ॥১৩
গঙ্গা পাদোদকং বিষ্ণোঃ ফল্গুর্হ্যাদিগদাধরঃ।
স্বয়ং হি দ্রবরূপেণ তস্মাৎ গঙ্গাধিকং বিদুঃ ॥১৪

দক্ষিণাগ্নিতে যজ্ঞকালে যে আহুতি প্রদান করিয়াছিলেন, তাহাতেই ফল্গুর উৎপত্তি হয় ।১১। পৃথিবীরূপ কপিলা কামধেনুর দুগ্ধরূপ জল সর্ব্বদা লোককে আশাতিরিক্ত মনোরথ অর্পণ করিয়া থাকে ।১২। নিখিল জগতে যত তীর্থ যেখানেই থাকুন না কেন, সকলেই এই মনোহর ফল্গু তীর্থে স্নানার্থ আগমন করেন ।১৩। যে গঙ্গাতীর্থের এত মহিমা, সেই গঙ্গা যে বিষ্ণুর চরণোদক, সেই হরিই স্বয়ং দ্রব হইয়া

অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ সমাচরেৎ।
নাসৌ তৎ ফলমাপ্নোতি ফল্গুতীর্থে যদাপ্নুয়াৎ ॥১৫
ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।
পিতৄণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে ॥১৬
ফল্গুতীর্থে নরঃ স্নাত্বা তর্পণং শ্রাদ্ধমাচরেৎ।
সপিণ্ডকং স্বগৃহোক্তং নয়েদথ পিতামহং ॥১৭

ফল্গুরূপে অবতীর্ণ হইয়াছেন; এই হেতু গঙ্গা হইতে ফল্গুর মহিমাই অধিক। ১৪। সহস্র সহস্র অশ্বমেধ যজ্ঞ করিলেও ফল্গুতীর্থে স্নান সদৃশ ফল প্রাপ্ত হওয়া যায় না। ১৫। ফল্গুতীর্থে স্নানমন্ত্র যথা;—পিতৃগণের বিষ্ণুলোক-প্রাপ্তি এবং নিজের ভোগ ও মোক্ষ কামনা করিয়া ফল্গুতীর্থে হরিরূপ জলে আমি সাদরে স্নান করিতেছি। ১৬। ফল্গুতীর্থে স্নান ও তর্পণান্তে আপনাপন বেদশাখানুসারে শ্রাদ্ধাদি

নমঃ শিবায় দেবায় ঈশায় পুরুষায় চ।
অঘোরবামদেবায় সদ্যোজাতায় শম্ভবে ॥১৮
ফল্গুতীর্থে নরঃ স্নাত্বা দৃষ্ট্বা দেবং গদাধরং।
আত্মানং তারয়েৎ সদ্যো দশ পূর্ব্বান্ দশাপরান্॥১৯
নত্বা গদাধরং দেবং মন্ত্রেণানেন পূজয়েৎ।
ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।

পিণ্ডদান করিয়া পিতামহ ব্রহ্মাকে নমস্কার করিবে। ১৭। হে দেব! তুমি শিব, সদ্যোজাত, শম্ভু, অঘোর, বামদেব ও ঈশান পুরুষ, তোমাকে নমস্কার করি। ১৮। লোক ফল্গু-তীর্থে স্নান ও গদাধর-দেবকে নিরীক্ষণ করিলে আশু আপনাকে এবং পূর্ব্ববর্ত্তী দশ পুরুষ ও পরবর্ত্তী দশ পুরুষকে পরিত্রাণ করে। ১৯। পরে গদাধর দেবকে অর্চ্চনা পূর্ব্বক এই মন্ত্রে নমস্কার করিবে যথা,—হে বাসুদেব! তুমি সংকর্ষণ,

প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে ।
পঞ্চতীর্থে নরঃ স্নাত্বা ব্রহ্মলোকং নয়েৎ পিতৄন্ ॥২০
অমৃতৈঃ পঞ্চভিঃ স্নানং পুষ্পবস্ত্রাদ্যলঙ্কৃতং ।
ন কুর্য্যাৎ যো গদাপাণেস্তস্য শ্রাদ্ধমসার্থকং ॥২১
নাগকূটাৎ গৃধ্রকূটাদ্ যূপাদুত্তরমানসাৎ ।
এতদ্‌গয়াশিরঃ প্রোক্তং ফল্গুতীর্থন্তদুচ্যতে ॥২২

অনিরুদ্ধ, প্রদ্যুম্ন, শ্রীধর ও বিষ্ণু, তোমাকে নম-
স্কার করি । পঞ্চ তীর্থে স্নান করিলে পিতৃগণ
ব্রহ্মলোকে প্রস্থান করেন । ২০ । গদাধরকে
পঞ্চামৃতে অভিষিক্ত এবং পুষ্পবস্ত্রাদি দ্বারা
শোভিত না করিলে তাহার গয়াশ্রাদ্ধ বিফল
হয় । ২১ । নাগকূট হইতে গৃধ্রকূট আর ব্রহ্ম-
যূপ হইতে উত্তর মানস পর্য্যন্ত স্থানের নাম
গয়াশির ; ইহাকেই ফল্গু-তীর্থ কহে । ২২ ।

প্রথমেঽহ্নি বিধিঃ প্রোক্তো দ্বিতীয়ে দিবসে ব্রজেৎ।
ধর্ম্মারণ্যং তত্র ধর্ম্মো যস্মাদ্যজ্ঞমকারয়ৎ।
গমনাদ্ ব্রহ্মলোকাপ্তির্ভবত্যেব হি নারদ ॥২৩
মতঙ্গবাপ্যাং বঃ স্নাত্বা তর্পণং শ্রাদ্ধমাচরেৎ।
গত্বা নত্বা মতঙ্গেশমিমং মন্ত্রমুদীরয়েৎ ॥২৪
প্রমাণং সন্তু মে দেবা লোকপালাশ্চ সাক্ষিণঃ।
ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা ॥২৫

প্রথম দিবসের এই বিধি বলা হইল। পরদিবস ধর্ম্মারণ্যে যাইবে। তথায় ধর্ম্মরাজ যজ্ঞ করিয়াছিলেন। তথায় গমন করিলে ব্রহ্মলোক লাভ হয়। ২৩। তথায় মতঙ্গবাপীতে স্নান, তর্পণ ও শ্রাদ্ধ করিবে এবং মতঙ্গেশ নামক মহেশসমীপে গিয়া এই মন্ত্র উচ্চারণ করত নমস্কার করিবে যথা;—হে দেবগণ ও লোকপালগণ! তোমাদিগকে নমস্কার, তোমরা সাক্ষী

পূর্ব্বং হি ব্রহ্মতীর্থে চ কূপে শ্রাদ্ধাদি কারয়েৎ।
তৎকূপযূপয়োর্ম্মধ্যে সর্ব্বাংস্তারয়তে পিতৃন্ ॥২৬
ধর্ম্মং ধর্ম্মেশ্বরং নত্বা মহাবোধিতরুং নমেৎ।
নমস্তেঽশ্বত্থরাজায় ব্রহ্মবিষ্ণুশিবাত্মনে।
বোধদ্রুমায় পিতৃণাং কর্ত্তৄণাং তারণায় চ ॥২৭

থাকিলে, আমি এই মতঙ্গ-তীর্থে আসিয়া পিতৃগণকে উদ্ধার করিলাম। ২৪—২৫। এই তীর্থে কূপেই শ্রাদ্ধ করিতে হয়; এই কূপ ও যূপের মধ্যস্থ স্থলে শ্রাদ্ধ করিলেও পিতৃগণের পরিত্রাণ হয়। ২৬। পরে ধর্ম্ম ও ধর্ম্মেশ্বর শিবকে প্রণাম করিয়া মহাবোধী বৃক্ষকে এই বলিয়া নমস্কার করিবে যে, হে অশ্বত্থরাজ! তুমি ব্রহ্মা বিষ্ণু ও শিবরূপী, তোমার নাম বোধদ্রুম, তুমি পিতৃলোকের ও শ্রাদ্ধকর্ত্তার উদ্ধারকারী;

যেঽস্মৎকুলে মাতৃবংশে বান্ধবা দুর্গতিং গতাঃ।
ত্বদ্দর্শনাৎ স্পর্শনাৎ চ স্বর্গতিং যান্তু শাশ্বতীং ॥২৮
ঋণত্রয়ং ময়া দত্তং গয়ামাগত্য বৃক্ষরাট্।
ত্বৎপ্রসাদান্মহাপাপাদ্বিমুক্তোঽহং ভবার্ণবাৎ ॥২৯
চলদ্দলায় বৃক্ষায় অশ্বত্থায় নমো নমঃ।
বোধিসত্ত্বায় বৃক্ষায় অশ্বত্থায় নমো নমঃ ॥৩০

তোমাকে প্রণাম। ২৭। মদীয় পিতৃকুলে যে সমস্ত বান্ধবগণ দুর্গতি প্রাপ্ত হইয়াছেন, তোমার দর্শন ও স্পর্শনে তাঁহাদের অক্ষয় স্বর্গ প্রাপ্তি হইয়া থাকে। ২৮। হে তরুরাজ! আমি গয়ায় আগমন পূর্ব্বক তোমার অনুগ্রহে ঋণত্রয় হইতে ও মহাপাতক হইতে এবং সংসারসাগর হইতে যেন মুক্তি লাভ করি। ২৯। নিরন্তর ভগবানের স্থিতি হেতু তুমি চঞ্চল; তুমি জ্ঞান-স্বরূপ, তুমি যজ্ঞস্বরূপ, হে অশ্বত্থ বৃক্ষ!

একাদশোঽসি রুদ্রাণাং বসূনাং পাবকস্তথা।
নারায়ণোঽসি দেবানাং বৃক্ষারাজোঽসি পিপ্পল ॥৩১

অশ্বত্থ যস্মাত্বয়ি বৃক্ষরাজ,
নারায়ণস্তিষ্ঠতি সর্ব্বকালং।
অতঃ শুভস্ত্বং সততং তরূণাং,
ধন্যোঽসি দুঃস্বপ্নবিনাশনোঽসি ॥৩২

তোমাকে পুনঃ পুনঃ প্রণাম। ৩০। তুমি রুদ্রগণের মধ্যে একাদশ রুদ্র, অষ্টবসুর মধ্যে পাবক, সুরগণের মধ্যে নারায়ণ। হে বৃক্ষরাজ! তোমাকে প্রণাম। ৩১। পরে এই মন্ত্রে প্রার্থনা করিবে যথা;—হে অশ্বত্থবৃক্ষরাজ! তোমাতে নারায়ণ নিরন্তর অধিষ্ঠান করিতেছেন; এ হেতু বৃক্ষগণের মধ্যে তুমি মঙ্গলদায়ক ও ধন্য, আমার দুঃস্বপ্ন দূর কর। ৩২।

অশ্বত্থরূপিণং দেবং শঙ্খচক্রগদাধরং।
নমামি পুণ্ডরীকাক্ষং বৃক্ষরূপধরং হরিং ॥৩৩
তৃতীয়ে ব্রহ্মসরসি স্নাত্বা শ্রাদ্ধং সপিণ্ডকং।
কৃত্বা সর্ব্বপ্রমাণেন মন্ত্রেণ বিধিবৎ কৃতং ॥৩৪
স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে।
তৎকূপযূপয়োর্মধ্যে ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্ ॥৩৫

শঙ্খ-চক্র-গদাপাণি দেব অশ্বত্থবৃক্ষরূপে বিরাজমান, অতএব হে বৃক্ষরূপধারী পুণ্ডরীকাক্ষ! তোমাকে প্রণাম। ৩৩। তৃতীয় দিবসে ব্রহ্মসরোবরে স্নান পূর্ব্বক শ্রাদ্ধ করিবে, স্নানমন্ত্র যথা;—ঋণত্রয় হইতে মুক্তি-লাভার্থ এই তীর্থে স্নান করি। পরে এখানে কূপ ও যূপের মধ্যস্থ মৃত্তিকাকে পিণ্ড প্রদান করিলে পিতৃলোক ব্রহ্মলোকগামী হন। ৩৪—৩৫

যাগং কৃত্বোচ্ছ্রিতো যূপো ব্রহ্মণা যূপ ইত্যসৌ।
কৃত্বা ব্রহ্মসরঃশ্রাদ্ধং সর্ব্বাংস্তারয়তে পিতৃন্ ॥৩৬
যূপং প্রদক্ষিণীকৃত্য বাজপেয়ফলং লভেৎ।
ব্রহ্মাণঞ্চ নমস্কৃত্য ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্ ॥৩৭
নমোহস্তু ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে।
ভক্তানাঞ্চ পিতৄণাঞ্চ তারকায় নমো নমঃ ॥৩৮

ব্রহ্মার যজ্ঞাবসানে এখানে যজ্ঞযূপ প্রোথিত হয়, এজন্য ইহার নাম ব্রহ্মযূপ। এই ব্রহ্মসরে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোক গমন করেন। ৩৬। এখানে এই যূপ প্রদক্ষিণ করিলে বাজপেয়ফল লাভ হয়, আর ব্রহ্মাকে প্রণাম করিলে পিতৃগণ ব্রহ্মপুরে গমন করেন। ৩৭। ব্রহ্মনমস্কারমন্ত্র যথা ;—হে ব্রহ্মন্! তোমাকে নমস্কার ; হে অজ! তুমি জগতের আদি কারণ, ভক্ত ও পিতৃগণের উদ্ধারকর্ত্তা, তোমাকে প্রণাম করি। ৩৮।

গোপ্রচারসমীপস্থা আম্রা ব্রহ্মপ্রকল্পিতাঃ।
তেষাং সেচনমাত্রেণ পিতরো মোক্ষগামিনঃ ॥৩৯
আম্রং ব্রহ্মসরোদ্ভূতং সর্ব্বদেবময়ং তরুং।
বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৄণাং মুক্তিহেতবে ॥৪০
একো মৌনী কুম্ভকুশাগ্রহস্ত
আম্রস্য মূলে সলিলং দদামি।

এখানে গোপ্রচারসমীপে ব্রহ্ম-প্রকল্পিত আম্র বৃক্ষ সমূহ আছে, তাহাদের মূলে জল প্রদান করিলে পিতৃগণ মুক্তি লাভ করেন। ৩৯। মন্ত্র ;যথা—হে আম্রবৃক্ষ! তুমি ব্রহ্ম-সরোবির হইতে সঞ্জাত হইয়াছ, তুমি সর্ব্বদেবময় বৃক্ষ এবং বিষ্ণুর স্বরূপ, আমার পিতৃগণের মুক্তির জন্য তোমার মূলদেশে বারি প্রদান করিলাম। ৪০। একাকী মৌনী হইয়া কুশাগ্র কুম্ভ হস্তে আম্রমূলে জল প্রদান করিতেছি।

আম্রশ্চ সিক্তঃ পিতরশ্চ তৃপ্তা
একা ক্রিয়া দ্ব্যর্থকরী প্রসিদ্ধা ॥৪১

ততো যমবলিং দদ্যাৎ মন্ত্রেণানেন সংযতঃ।
যমরাজ-ধর্ম্মরাজৌ নিশ্চলার্থব্যবস্থিতৌ।
তাভ্যাং বলিং প্রযচ্ছামি পিতৃণাং মুক্তিহেতবে॥৪২
ততঃ শ্বানবলিং দদ্যাৎ মন্ত্রেণানেন নারদ।

আম্র বৃক্ষও সিক্ত হইল, মদীয় পিতৃগণও প্রীত হইলেন; এই একমাত্র ক্রিয়াতেই দুইটী ফল সঞ্জাত হয়। ৪১। পরে এই মন্ত্রে সংযতচিত্তে যমবলি দিবে, যথা;—হে যমরাজ! আপনারা গয়াসুরকে নিশ্চলার্থ এখানে অধিষ্ঠান করিতেছেন, মদীয় পিতৃগণের মুক্তির জন্য আপনাদিগকে আমি এই বলি অর্পণ করি। ৪২। হে নারদ! পরে এই মন্ত্রে সেখানে শ্বানবলি

দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং বলিং প্রযচ্ছামি রক্ষেতাং পথি সর্ব্বদা ॥৪৩
ততঃ কাকবলিং ক্ষিপ্ত্বা মন্ত্রেণানেন নারদ।
ঐন্দ্রবারুণবায়ব্যাং যাম্যাং বৈ নৈঋর্তীস্তথা।
বায়সাঃ প্রতিগৃহ্নন্তু ভূমৌ পিণ্ডং সমর্পিতং ॥৪৪

দিতে হয়, যথা;—ধর্ম্মরাজের অনুচর বৈবস্বত-কুলোদ্ভব শ্যাম ও শবল নামে দুই কুকুরকে আমি এই বলি প্রদান করি, আপনারা ইহাতে প্রীত হইয়া মদীয় পিতৃগণের পথের বিঘ্ন দূর করুন্। ৪৩। হে নারদ! তৎপরে এখানে এই মন্ত্রে কাকবলি দিবে, যথা;—পূর্ব্ব, পশ্চিম, বায়ু, দক্ষিণ এবং নৈঋর্ত প্রভৃতি দিকস্থ কাকগণ মৎকর্ত্তৃক ভূমে প্রদত্ত পিণ্ড গ্রহণ করুন্। ৪৪।

ফল্গুতীর্থে চতুর্থেঽহ্নি স্নানাদিকমথাচরেৎ ।
গয়াশিরস্যথ শ্রাদ্ধং পাদে কুর্য্যাৎ সপিণ্ডকং ।
সাক্ষাৎ গয়াশিরস্তত্র ফল্গুতীর্থাশ্রয়ং কৃতং ।৪৫
নাগাজ্জনার্দ্দনাদ্ ব্রহ্মযূপাচ্চোত্তরমানসাৎ ।
এতদ্ গয়াশিরঃ প্রোক্তং ফল্গুতীর্থং তদুচ্যতে ।৪৬
পিতামহং সমাসাদ্য যাবদুত্তরমানসং ।
ফল্গুতীর্থন্তু বিজ্ঞেয়ং দেবানামপি দুর্লভং ।৪৭

পরদিন ফল্গুতীর্থে স্নানাদি সমাধা করত গয়াশিরে পদচিহ্ন সকলে শ্রাদ্ধাদি পিণ্ডদান করিবে, এই স্থানে গয়াশির স্বয়ং ফল্গুতীর্থের আশ্রয়ে রহিয়াছে ।৪৫। নাগগিরি, জনার্দ্দন, ব্রহ্মযূপ ও উত্তর মানস এই চতুঃসীমার মধ্যস্থ স্থানকে গয়াশির ও ফল্গুতীর্থ কহে ।৪৬। পিতামহ হইতে উত্তর মানস পর্য্যন্ত ফল্গুতীর্থ, ইহা দেবগণেরও দুরাপ ।৪৭।

ক্রৌঞ্চপাদাৎ ফল্গুতীর্থং যাবৎ সাক্ষাৎ গয়াশিরঃ।
মুখং গয়াসুরস্যৈতত্তস্মাৎ শ্রাদ্ধমিহাক্ষয়ং ॥৪৮
মুণ্ডপৃষ্ঠো নগাদ্যাশ্চ সাক্ষাৎ তৎ ফল্গুতীর্থকং।
আদ্যো গদাধরো দেবো ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ।
বিষ্ণ্বাদিপদরূপেণ পিতৄণাং মুক্তিহেতবে ॥৪৯
এতদ্বিষ্ণুপদং দিব্যং দর্শনাৎ পাপনাশনং।
স্পর্শনাৎ পূজনাদ্বাপি পিতৄণাঞ্চ বিমুক্তিদং ॥৫০

ক্রৌঞ্চপাদ হইতে ফল্গুতীর্থ অবধি সকল স্থানেই সাক্ষাৎ গয়াশির, আর গয়াশিরে পর্ব্বতাদি সকল সাক্ষাৎ ফল্গুতীর্থ, এই সকল গয়াসুরের মুখ, এজন্য এখানে শ্রাদ্ধ অক্ষয়-ফলপ্রদ হয়। ৪৮। এখানে আদিগদাধরদেব পিতৃগণের পরিত্রাণার্থ বিষ্ণু-পদাদি রূপ ধারণপূর্ব্বক ব্যক্তাব্যক্তরূপে অধিষ্ঠান করিতেছেন। ৪৯। এখানে বিষ্ণুপদ অতি-রম্য, দর্শন করিলে পাপ দূর হয়, স্পর্শ ও পূজা

শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা কুলসাহস্রমাত্মনা ।
নয়েৎ বিষ্ণুপদং দিব্যমনন্তং শিবমব্যয়ং ॥৫১
শ্রাদ্ধং কৃত্বা রুদ্রপদে নয়েৎ কুলশতং স্বয়ঃ ।
মহাত্মানং শিবপুরং তথা ব্রহ্মপদে নরঃ ।
ব্রহ্মলোকং কুলশতং সমুদ্ধৃত্য নয়েৎ পিতৃন্ ॥৫২

করিলে পিতৃগণের মুক্তি হইয়া থাকে । ৫০ । এস্থানে শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে সহস্রকুল সহ স্বয়ং অনন্ত অব্যয় কালের জন্য পরম মনোহর বিষ্ণুপদে গমন করা যায় । ৫১ । রুদ্রপদে শ্রাদ্ধ করিলে লোকে একশত কুল সহ শিবধামে প্রয়াণ করে ; আর ব্রহ্মরূপে শ্রাদ্ধ করিলে একশত কুল পিতৃগণ উদ্ধার পাইয়া ব্রহ্মধামে গমন করেন । ৫২ ।

কশ্যপস্য পদে শ্রাদ্ধী ব্রহ্মলোকং নয়েৎ পিতৄন্।
দক্ষিণাগ্নিপদে শ্রাদ্ধী পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥৫৩
গার্হপত্যপদে শ্রাদ্ধী বাজপেয়ফলং লভেৎ।
শ্রাদ্ধকাহবনীয়ে তু বাজিমেধফলং লভেৎ ॥৫৪
শ্রাদ্ধং কৃত্বা সভ্যপদে জ্যোতিষ্টোমফলং লভেৎ।
আবসথ্যপদে শ্রাদ্ধী সোমলোকমবাপ্নুয়াৎ ॥৫৫

কশ্যপ-পদে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোক প্রাপ্ত হন। দক্ষিণাগ্নিপদে শ্রাদ্ধ করিলে বাজপেয় ফল হয়। ৫৩। গার্হপত্য পদে শ্রাদ্ধ করিলে অশ্বমেধ যজ্ঞফল হইয়া থাকে, আহবনীয় পদে শ্রাদ্ধ করিলে বাজ-স্ফলল লাভ হয়। ৫৪। সভ্যপদে শ্রাদ্ধে জ্যোতিষ্টোমফল লাভ হয়। আবসথ্যপদে শ্রাদ্ধ করিলে সোমলোক লাভ হইয়া থাকে। ৫৫।

শ্রাদ্ধং কৃত্বা গক্রপদে ইন্দ্রলোকং নয়েৎ পিতৄন্।
অগস্ত্যস্ত পদে শ্রাদ্ধী পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥৫৬
ক্রৌঞ্চমতঙ্গয়োঃ শ্রাদ্ধী ব্রহ্মলোকং নয়েৎ পিতৄন্।
শ্রাদ্ধী সূর্য্যপদে পঙ্‌ক্তিপাপিনোঽর্কপুরং নয়েৎ ॥৫৭
কার্ত্তিয়পদে শ্রাদ্ধী শিবলোকং নয়েৎ পিতৄন্।
গণেশস্ত পদে শ্রাদ্ধী রুদ্রলোকং নয়েৎ পিতৄন্ ॥৫৮

ইন্দ্রপদে শ্রাদ্ধ করিলে পিতৃগণের ইন্দ্রলোক লাভ এবং অগস্ত্যপদে শ্রাদ্ধ করিলে ব্রহ্মলোক লাভ হয়। ৫৬। ক্রৌঞ্চ ও মতঙ্গপদে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোকগামী হন। সূর্য্য-পদে শ্রাদ্ধ করিলে পঙ্‌ক্তিকীকুল সূর্য্যধাম লাভ করে। ৫৭। কার্ত্তিকেয়-পদে শ্রাদ্ধ করিলে পিতৃগণের শিবধাম-প্রাপ্তি হয়। গণেশ-পদে শ্রাদ্ধ করিলে রুদ্রলোক লাভ হয়। ৫৮।

গজকর্ণপদে শ্রাদ্ধী তর্পণাৎ স্বর্নয়েৎ পিতৄন্ ।
অন্যেষাঞ্চ পদে শ্রাদ্ধী পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥৫৯
সর্ব্বেষাং কাশ্যপং শ্রেষ্ঠং বিষ্ণো রুদ্রস্য বা পদং ।
ব্রহ্মণশ্চ পদং চাপি শ্রেষ্ঠং তত্র প্রকীর্ত্তিতং ॥৬০
প্রারম্ভে চ সমাপ্তৌ চ তেষামন্যতমং স্মৃতং ।
শ্রেয়স্করং ভবেত্তত্র শ্রাদ্ধকর্ত্তুশ্চ নারদ ॥৬১
কশ্যপস্য পদে দিব্যো ভরদ্বাজো মহামুনিঃ ।
শ্রাদ্ধং কুর্ব্বোদ্যতো দাতুং পিত্রাদিভ্যশ্চ পিণ্ডকং ॥৬২

গজকর্ণপদে তর্পণ করিলেই পিতৃগণ স্বর্গগামী হন। অন্যান্য পদে শ্রাদ্ধ করিলে শ্রাদ্ধকারীর পিতৃগণ ব্রহ্মপুরে যান। ৫৯। সকলের মধ্যে কশ্যপ, বিষ্ণু, রুদ্র ও ব্রহ্মার পদই প্রধান। ৬০। হে নারদ! এতএক ইহার যে কোন পদে, আরম্ভ বা সমাপ্তির সময়ে শ্রাদ্ধ করিলে কল্যাণ লাভ হইয়া থাকে। ৬১। পুরাকালে কশ্যপ-

শুক্লকৃষ্ণৌ ততো হস্তৌ পদমুদ্ভিদ্য নির্গতৌ।
দৃষ্ট্বা হস্তদ্বয়ং তত্র পিত্রোঃ সংশয়মাগতঃ ॥৬৩
ততঃ স্বমাতরং শান্তাং পপ্রচ্ছ স মহামুনিঃ।
কশ্যপস্য পদে কস্মিন্ শুক্লে কৃষ্ণেঽথবা করে।
পিণ্ডো দেয়ো ময়া মাতর্জানাসি পিতরং বদ ॥৬৪

পদে, ভরদ্বাজ ঋষি শ্রাদ্ধ করিয়া পিতৃগণের পিণ্ডদানে উদ্যত হইলে ঐ পদ ভেদ করিয়া শুক্ল ও কৃষ্ণবর্ণ দুইখানি কর বহির্গত হয়, দুইখানি হস্ত দেখিতে পাইয়া পিতামাতার সন্দেহ হওয়াতে, স্বীয় মাতা শান্তাকে জিজ্ঞাসা করিলেন, হে জননি! কশ্যপ-পদ হইতে শ্বেত ও কৃষ্ণবর্ণ যে দুইখানি হাত বহির্গত হইয়াছে, তাহার কোন্‌টীতে আমি পিণ্ডদান করিব? কোন্‌টী আমার জনকের হস্ত? ।৬২—৬৪।

শাস্তোবাচ।

ভরদ্বাজ মহাপ্রাজ্ঞ দেহি কৃষ্ণায় পিণ্ডকং।
ভরদ্বাজস্ততঃ পিণ্ডং দাতুং কৃষ্ণায় চোদ্যতঃ ।৬৫
শ্বেতোঽপ্যুৎথাঽব্রবীত্তত্র পুত্রস্ত্বং হি মমৌরসঃ।
কৃষ্ণোঽব্রবীন্মম ক্ষেত্রং ততো মে দেহি পিণ্ডকং ।৬৬
বৈরিণ্যথাব্রবীদ্দাতুং ক্ষেত্রিণে বীজিনে ততঃ।

শান্তা কহিলেন, হে মহাবুদ্ধে ভরদ্বাজ! তুমি কৃষ্ণবর্ণ হস্তেই পিণ্ড দেও। তখন ভরদ্বাজ কৃষ্ণ করে পিণ্ডদানে উদ্যত হইলে, শুক্ল হস্ত অমূর্ত্ত হইয়া কহিল, হে বৎস! তুমি আমার ঔরসে জন্মিয়াছ, সুতরাং আমাকে পিণ্ড দাও। কৃষ্ণ কহিল, আমার ক্ষেত্র; এহেতু আমাকেই পিণ্ড দান কর। ৬৫—৬৬। ইহাতে বৈরিণী কহিল, তুমি উভয়—(ক্ষেত্র ও বীজী)কেই পিণ্ড অর্পণ

ভরদ্বাজস্ততঃ পিণ্ডং কশ্যপস্য পদে দদৌ।
হংসযুক্তবিমানেন ব্রহ্মলোকমুভৌ গতৌ ॥৬৭
ভীষ্মো বিষ্ণুপদে দিব্যে আহূয় পিতরং স্বকং।
শ্রাদ্ধং কৃত্বা বিধানেন পিণ্ডদানায় চোদ্যতঃ ॥৬৮
পিতুর্বিনির্গতৌ হস্তৌ গয়াশিরসি শান্তনোঃ।
নাদাৎ পিণ্ডং করে ভীষ্মো দদৌ বিষ্ণুপদে ততঃ ॥৬৯

কর, কিন্তু কাহাকেও পিণ্ড না দিয়া ভরদ্বাজ কশ্যপ-পদের উপর পিণ্ড দিলেন। তাহাতে দুই জনেই হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া ব্রহ্মধামে গমন করিলেন। ৬৭। উত্তম বিষ্ণুপদে ভীষ্ম যথাবিধি শ্রাদ্ধ করতঃ স্বীয় পিতাকে আহ্বান পূর্ব্বক পিণ্ডদানে উদ্যত হইলে, তদীয় পিতা শান্তনু গয়াশির হইতে কর বহির্গত করিলেন, কিন্তু করে পিণ্ড দিতে অধিকার না থাকায় ভীষ্ম বিষ্ণুপদে পিণ্ডদান

শান্তনুঃ প্রাহ সন্তুষ্টঃ শাস্ত্রার্থে নিশ্চলো ভবান্ ।
ত্রিকালদৃষ্টির্ভবতু চান্তে বিষ্ণুশ্চ তে গতিঃ ।
স্বেচ্ছয়া মরণং চাস্ত ইত্যুক্ত্বা মুক্তিমাগতঃ ॥৭০
রামো রুদ্রপদে শ্রাদ্ধে পিণ্ডদানায় চোদ্যতঃ ।
পিতা দশরথঃ স্বর্গাৎ প্রসার্য্য করমাগতঃ ॥৭১
নাদাৎ পিণ্ডং করে রামো দদৌ রুদ্রপদে ততঃ ।
শাস্ত্রার্থাতিক্রমাদ্ভীতং রামং দশরথোঽব্রবীৎ ॥৭২

করেন । ৬৮—৬৯ । তাহাতে শান্তনু প্রীত হইয়া বলিলেন, শাস্ত্রার্থে তোমার বুদ্ধি দৃঢ় ও তোমার দৃষ্টি ত্রিকালদর্শিনী হউক, স্বেচ্ছা মৃত্যু ও পরিণামে হরিতে তোমার গতি হউক, এই বলিয়া তিনি মুক্ত হইলেন। ৭০ । রামচন্দ্র রুদ্র-পদে শ্রাদ্ধকালে পিণ্ড দানে সমুদ্যত হইলে তদীয় পিতা দশরথ স্বর্গতি স্বর্গ হইতে আসিয়া কর পাতিয়াছিলেন, কিন্তু শাস্ত্রার্থ লঙ্ঘনে ত্রস্ত

তারিতোঽহং ত্বয়া পুত্র রুদ্রলোকমবাপ্নুয়াং।
হস্তে পিণ্ডপ্রদানেন সুগতির্নহি মে ভবেৎ ॥৭৩
ত্বঞ্চ রাজ্যং চিরং কৃত্বা পালয়িত্বা দ্বিজান্ প্রজাঃ।
যজ্ঞান্ সদক্ষিণান্ কৃত্বা বিষ্ণুলোকং গমিষ্যসি ॥৭৪
পুর্য্যযোধ্যা-জনৈঃ সার্দ্ধং কৃমিকীটাদিভিঃ সহ।
ইত্যুক্ত্বাসৌ দশরথো রুদ্রলোকং পরং যযৌ ॥৭৫

হইয়া রাম তাঁহার পিতৃ-করে পিণ্ডদান না করিয়া রুদ্রপদে দান করিলেন, তাহাতে দশরথ তাঁহাকে বলিলেন, বৎস! তোমাকর্ত্তৃক পরিত্রাণ পাইয়া আমি শিবধাম লাভ করিলাম, আমার করে পিণ্ড দিলে এরূপ সদ্গতি হইত না। তুমি ব্রাহ্মণাদি প্রজাগণকে পালন পূর্ব্বক দীর্ঘকাল রাজ্য ভোগ করিয়া, সদক্ষিণ বহুযজ্ঞ সম্পন্ন করিবে, কৃমিকীটাদি পর্য্যন্ত নিখিল অযোধ্যাপুরীবাসীকে সঙ্গে লইয়া বিষ্ণুধামে

কনকেশঞ্চ কেদারং নারসিংহঞ্চ বামনং।
উদঙ্মার্গে সমভ্যর্চ্চ্য পিতৄন্ সর্ব্বাংস্তু তারয়েৎ ॥৭৬
গয়াশিরসি যঃ পিণ্ডান্ যেষাং নাম্না তু নির্ব্বপেৎ।
নরকস্থা দিবং যান্তি স্বর্গস্থা মোক্ষমাপ্নুয়ুঃ ॥৭৭
সর্ব্বত্র মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ পদৈরেভিঃ সুলক্ষিতঃ।
প্রয়ান্তি পিতরঃ সর্ব্বে ব্রহ্মলোকমনাময়ং ॥৭৮

গমন করিবে। দশরথ এই বলিয়া পরমোত্তম শিবলোকে প্রয়াণ করিলেন। ৭১—৭৫। কনকেশ, কেদার, নারসিংহ ও বামনকে উত্তরমার্গে পূজা করিলে সকল পিতৃগণ পরিত্রাণ প্রাপ্ত হয়েন। ৭৬। গয়াশিরে কাহারও নামে কেহ পিণ্ডদান করিলে নরকে ঐ ব্যক্তি থাকিলে স্বর্গে যায় ও স্বর্গে থাকিলে মোক্ষলাভ করে। ৭৭। এই মুণ্ডপৃষ্ঠ গিরির সর্ব্বত্র যে সকল পদচিহ্ন আছে, তাহাতে পিণ্ডপাতন করিলে

হেত্যসুরস্য যচ্ছীর্ষং গদয়া তদ্‌দ্বিধাকৃতং।
ততঃ প্রক্ষালিতা যস্মাত্তীর্থং তচ্চ বিমুক্তয়ে।
গদালোলমিতি খ্যাতং সর্ব্বেষামুত্তমোত্তমং ॥৭৯
গদালোলে মহাতীর্থে গদাপ্রক্ষালনাদ্ধরেঃ।
স্নানং করোমি সিদ্ধার্থমক্ষয়ায় স্বয়াপ্তয়ে ॥৮০
পঞ্চমেঽহ্নি গদালোলে স্নাত্বা কুর্য্যাৎ সপিণ্ডকং।
শ্রাদ্ধং পিতৄন্ ব্রহ্মলোকং নয়েদাত্মানমেব চ ॥৮১

পিতৃগণ অনাময় ব্রহ্মধামে গমন করে। ৭৮। হেতী নামক দৈত্যের মস্তক গদায় দ্বিখণ্ড হইলে সেই গদা প্রক্ষালন হেতু এই মুক্তিপ্রদ সর্ব্বপ্রধান গদালোল নামক তীর্থ উৎপন্ন হয়। ৭৯। তত্রত্য স্নানমন্ত্র যথা ;—শ্রীহরির গদা প্রক্ষালন জন্য গদালোল তীর্থ হইয়াছে, অক্ষয় মোক্ষার্থ আমি এই তীর্থে স্নান করি। ৮০। এই প্রকারে তৎপর দিবস গদালোলে স্নানাদি ও

কৃতে শ্রাদ্ধেঽক্ষয়বটে অন্নেনৈব প্রযত্নতঃ।
পিতৄন্নয়েৎ ব্রহ্মলোকমক্ষয়ন্তু সনাতনং॥৮২
ব্রহ্মপ্রকল্পিতান্ বিপ্রান্ হব্যকব্যাদিনার্চ্চয়েৎ।
তৈস্তুষ্টৈস্তোষিতাঃ সর্ব্বাঃ পিতৃভিঃ সহ দেবতাঃ॥৮৩
বটবৃক্ষসমীপে তু শাকেনাপ্যুদকেন বা।
একস্মিন্ ভোজিতে বিপ্রে কোটির্ভবতি ভোজিতা॥৮৪

শ্রাদ্ধাদি পিণ্ডদানপূর্ব্বক লোকে অক্ষয় বটে গমন করিবে। ৮১। তথায় বটেশ শিবকে সুসমাহিত হইয়া দর্শন, অর্চ্চনা ও প্রণতি করিলে সনাতন ব্রহ্মধামে পিতৃগণের গতি হয়। ৮২। তৎপরে শ্রাদ্ধ শেষে অক্ষয় বট সকাশে ব্রহ্মপ্রকল্পিত দ্বিজগণকে সযত্নে অন্ন দ্বারা ভোজন ও অর্চ্চনা করিবে। ৮৩। এই বট তরু সমীপে শাকান্ন দ্বারা একটী মাত্র বিপ্রকেও আহার করাইলে কোটি ব্রাহ্মণ ভোজনের ফল লাভ হয়। ৮৪।

দেয়ং দানং ষোড়শকং গয়াতীর্থপুরোধসে।
বস্ত্রং গন্ধাদিভিস্তত্র সম্যক্ সংপূজ্য যত্নতঃ ॥৮৫
গয়ায়াং ধর্ম্মপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা।
গয়াশীর্ষে বটে চৈব পিতৄণাং দত্তমক্ষয়ং ॥ ৮৬
দৃষ্ট্বা নত্বা চ সংপূজ্য বটেশং সুসমাহিতঃ।
পিতৄন্নয়েদ্ ব্রহ্মলোকমক্ষয়ন্তু সনাতনং ॥৮৭
একার্ণবে বটস্যাগ্রে যঃ শেতে যোগনিদ্রয়া।
বালরূপধরস্তস্মৈ নমস্তে যোগশায়িনে ॥৮৮

গয়ালি দ্বিজকে বস্ত্র গন্ধাদি দ্বারা সযত্নে অর্চ্চনা করিয়া ষোড়শ দান দিবে।৮৫। গয়াক্ষেত্রের মধ্যে ধর্ম্মপৃষ্ঠে, ব্রহ্মসরোবরে, গয়াশিরে এবং অক্ষয়বট তরু সকাশে পিতৃগণ উদ্দেশে দান অক্ষয়ফলপ্রদ হয়।৮৬। পরে পিতৃগণের ব্রহ্মধাম প্রাপ্ত্যর্থ বটেশ্বরকে পূজা, দর্শন ও নমস্কার করিবে।৮৭। প্রণামের মন্ত্র যথা;—যিনি একার্ণব জলে বট-

সংসারবৃক্ষশস্ত্রায়াশেষপাপহরায় চ।
অক্ষয়ব্রহ্মদাত্রে চ নমোঽক্ষয়বটায় বৈ ॥৮৯
কলৌ মাহেশ্বরা লোকা যেন তস্মাদ্ গদাধরঃ।
লিঙ্গরূপোঽভবত্তঞ্চ বন্দে শ্রীপ্রপিতামহং ॥৯০
ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে
পঞ্চদিবসীয়কৃত্যকথনং নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

পত্রোপরে যোগনিদ্রায় অভিভূত ছিলেন, সেই যোগশায়ী বালকরূপধারী শ্রীহরিকে প্রণাম। ৮৮। তৎপরে অক্ষয়বটপ্রণাম মন্ত্র যথা;—সংসার-রূপ তরুচ্ছেদক অস্ত্রস্বরূপ, অশেষ পাতক-হারক, অক্ষয় ব্রহ্মপদপ্রদ, হে অক্ষয়বট! তোমাকে নমস্কার। ৮৯। কলিযুগে সর্ব্বজন-প্রভু আদিগদাধর দেব এখানে প্রতিমূর্ত্তি পরিগ্রহ-পূর্ব্বক অধিষ্ঠিত আছেন; সুতরাং শ্রীপ্রপিতামহ দেবকে নমস্কার করি। ৯০।

অষ্টমোঽধ্যায়ঃ।

যজ্ঞঞ্চক্রে গয়ো রাজা বহ্বন্নং বহুদক্ষিণং।
যত্র দ্রব্যসমূহানাং সংখ্যা কর্ত্তুং ন শক্যতে ॥১
স্থিতা গয়ায়ামন্নাদিপর্ব্বতাঃ পঞ্চবিংশতিঃ।
সিকতা বা যথা লোকে যথা চ দিবি তারকাঃ।
তথা বহুসুবর্ণাদ্যৈরসংখ্যাতাস্তু দক্ষিণাঃ ॥২
নৈব পূর্ব্বং কেহপ্যকুর্ব্বন্ন করিষ্যন্তি চাপরে।
প্রশংসন্তি দ্বিজাস্তুষ্টা দেশে দেশে সুপূজিতাঃ ॥৩

সনৎকুমার বলিলেন, গয় নৃপতি বহু অন্ন ও দক্ষিণা-সমন্বিত এক যজ্ঞ করেন, তাহাতে এত প্রচুর পরিমাণে দ্রব্য সংগৃহীত হয় যে, তাহার গণনা করা যায় না। ১। সেই যজ্ঞে গয়াতে এক অন্ন-গিরিরই পঞ্চবিংশতিটী শেষ রহিয়া-

স্বয়ং বিষ্ণ্বাদয়স্তুষ্টা বরং ব্রূহীতি চাব্রুবন্।
গয়স্তান্ প্রার্থয়ামাস অভিশপ্তাশ্চ যে পুরা।
ব্রহ্মণা তে দ্বিজাঃ পূতা ভবন্তু ক্রতুপূজিতাঃ ॥৪

ছিল। ব্রাহ্মণেরা এই যজ্ঞে সুপূজিত ও পরিতৃপ্ত হওয়াতে দেশে দেশে তাঁহার প্রশংসা-বাদ করিতে লাগিলেন, বর্ত্তমানে এ প্রকার যজ্ঞ হয় না, পূর্ব্বেও কখন হয় নাই এবং ভবিষ্যতেও হইবে না। ধরার বালুকাকণা অথবা শূন্যের নক্ষত্রপুঞ্জের যেরূপ গণনা করা যায় না, তদ্রূপ গয় নৃপতির সুবর্ণাদি ধনরত্নেরও সংখ্যা হয় না। ২—৩। গয়যজ্ঞে উপস্থিত বিষ্ণু প্রভৃতি সুরগণ প্রীত হইয়া বর গ্রহণ করিতে কহিলে গয়রাজ প্রার্থনা করেন, যে সমস্ত দ্বিজাতি ব্রহ্মা কর্ত্তৃক শাপগ্রস্ত হইয়া আছেন, আপনাদিগের বরে সেই সমস্ত বিপ্র পবিত্র

গয়াপুরীতি মন্নাম্না খ্যাতা ব্রহ্মপুরী যথা।
এবমস্তু বরং দত্বা তথা চান্তর্দধুঃ সুরাঃ।
গয়শ্চ ভোগান্ সম্ভুজ্য বিষ্ণুলোকং পরং যযৌ ॥৫
বিশালায়াং বিশালোঽভূদ্রাজা পুত্রোঽব্রবীদ্দ্বিজান্।
কথং পুত্রাদয়ো মে স্যুর্বিশালং চাব্রুবন্ দ্বিজাঃ ॥৬

হইয়া যজ্ঞে অর্চ্চিত হউন, আমার নামানুসারে এই গয়াপুরী ব্রহ্মপুরীর সদৃশ প্রসিদ্ধ হউক্। তখন দেবতারা "তাহাই হউক্" বলিয়া বর প্রদানপূর্ব্বক তিরোহিত হইলেন। গয় নৃপতিও নানা সুখভোগ করত অন্তে বিষ্ণুধাম প্রাপ্ত হইলেন। ৪—৫। কোন সময়ে বিশালা দেশে বিশাল নামে নরপতি অনপত্য হওয়াতে ব্রাহ্মণগণকে কহিয়াছিলেন, "আমার কিরূপে পুত্রাদি জন্মিবে?" ব্রাহ্মণেরা কহিলেন, "গয়ায় পিণ্ড-

গয়ায়াং পিণ্ডদানেন তৎ সর্ব্বং ভবিষ্যতি।
বিশালোঽপি গয়াশীর্ষে পিণ্ডদঃ পুত্রবানভূৎ ॥৭
দৃষ্ট্বাকাশে সিতং রক্তং কৃষ্ণং পুরুষত্রয়ং।
কে যূয়ং তেষু চৈবৈকঃ সিতঃ প্রোচে বিশালকং ॥৮
অহং সিতস্তে জনকঃ ইন্দ্রলোকাদিহাগতঃ।
মম পুত্র পিতা রক্তো ব্রহ্মহা পাপকৃত্তমঃ ॥৯

দান করিলে ভবদীয় সমুদায় মনোরথ সিদ্ধ হইবে।" গয়াশিরে পিণ্ড পাতন করাতে বিশালের পুত্র জন্মিল। বিশাল পিণ্ড পাতনের সময়ে শূন্যে শ্বেত, লোহিত ও কৃষ্ণবর্ণের পুরুষ দেখিয়া কহিলেন, "আপনারা কে?" তাহাতে তন্মধ্যে শুক্লবর্ণ পুরুষ কহিলেন, "আমি এই শুক্লবর্ণধারী তোমার পিতা, ইন্দ্রলোকে অবস্থিতি করিতেছিলাম; হে বৎস! এই রক্তবর্ণ পুরুষ আমার পিতা, ইনি ব্রহ্মঘাতী মহা-

অয়ং পিতামহঃ কৃষ্ণ ঋষয়ো যেন ঘাতিতাঃ।
অবীচিনরকঃ প্রাপ্তো মুক্তো ত্বৎপিণ্ডদানতঃ ॥১০
পিতৃন্ পিতামহাংশ্চৈব তথৈব প্রপিতামহান্।
শ্রীগয়াশীর্ষে মুক্তোহয়ং ত্বয়া দত্তমরিন্দম ॥১১
তেনাম্মদ্যুগপদ্যোগো জাতো বাক্যেন সত্তম।
মুক্তিঃ কৃতা ত্বয়া পুত্র ব্রজামঃ স্বর্গমুত্তমং ॥১২

পাপী; আর এই কৃষ্ণবর্ণ পুরুষ মদীয় পিতামহ, ইনি পূর্ব্বে ঋষিগণকে হত্যা করিয়াছিলেন। ইঁহারা উভয়ে অবীচি নামক নরকে নিপতিত ছিলেন, অধুনা তোমার পিণ্ডদান হেতু মুক্ত হইলেন। তোমা দ্বারা পরিত্রাণ পাইয়া আমরা সকলে ব্রহ্মধামে গমন করিতেছি। আমাদের বরে তুমি পুত্র-পৌত্রাদি-সংযুক্ত রাজ্যভোগ পূর্ব্বক পরিণামে স্বর্গগামী হইবে। তথায়

ত্বঞ্চ রাজ্যং চিরং কৃত্বা ভুক্ত্বা ভোগাংশ্চ দুর্লভান্ ।
যজ্ঞান্ সদক্ষিণান্ কৃত্বা চান্তে মোক্ষমবাপ্স্যসি ।
এবং লক্ষবরো রাজা রাজ্যং কৃত্বা দিবং গতঃ ॥১৩
প্রেতরাজঃ সহ প্রেতৈর্গয়াশ্রাদ্ধাদ্দিবং গতঃ ।
প্রেতঃ কশ্চিদ্বিমুক্ত্যর্থং বণিজং কঞ্চিদব্রবীৎ ।
মম নাম্না গয়াশীর্ষে পিণ্ডনির্ব্বাপণং কুরু ॥১৪

নানাপ্রকার সুখভোগে প্রীত হইয়া অন্তে মোক্ষলাভ করিবে। এইরূপে বরপ্রাপ্ত রাজা রাজ্যভোগ করত পরিণামে স্বর্গে গিয়াছেন। ৬—১৩। প্রেতনৃপতিও প্রেতগণ- সহ গয়া-শ্রাদ্ধে মুক্ত হইয়া স্বর্গে গমন করিয়াছেন। কোন এক প্রেত মুক্তি লাভার্থ এক বণিককে বলিয়াছিলেন, "আমার নামে গয়াশিরে পিণ্ড

প্রেতভাববিমুক্ত্যর্থং ত্বং গৃহাণ ধনং মম।
তদ্ধনং সর্ব্বমাদায় গয়াশ্রাদ্ধব্যয়ং কুরু ॥১৫
ষোড়শং পক্ষভাগাংশ্চ ভুক্ত্যং বৈ দত্তবানহং।
স্বনামানি যথাজ্ঞায়ং সম্যগাখ্যাতবানহং ॥১৬
গত্বা গয়াং গয়াশীর্ষে প্রেতরাজায় পিণ্ডকং।
প্রদদৌ মনুজৈঃ সার্দ্ধং স্বপিতৃভ্যস্ততো দদৌ ॥১৭

পাতন কর, আমার প্রেতভাব হইতে মুক্ত করিয়া দেও, আর আমার এই ধন গ্রহণ কর। বণিক তথা হইতে নিখিল ধন লইয়া স্বীয় বাটীতে আসিলেন এবং তথায় সমস্ত ধন রক্ষা করিয়া তাহা হইতে কিঞ্চিৎ লইয়া গয়াযাত্রা করিলেন। গয়ায় গমনপূর্ব্বক বন্ধুগণের সহিত প্রেতনৃপতির উদ্দেশে গয়াশিরে পিণ্ড পাতন করিলেন। পরে স্বীয় পিতৃগণের পিণ্ড তথায়

প্রেতঃ প্রেতত্বনির্মুক্তো বণিক্ স্বগৃহমাগতঃ।
এবং গয়া শতোশ্চ ক্ষেত্রং বিজ্ঞেয়ং মহেশ্বরং।।১৮
উপোষিতোহথ গায়ত্রীতীর্থে মহানদীস্থিতে।
গায়ত্র্যাঃ পুরতঃ স্নাত্বা প্রাতঃসন্ধ্যাং সমাচরেৎ।
শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা নয়েৎ ব্রহ্মপদ্যাং কুলং।।১৯
তীর্থে সমুদিতে স্নাত্বা সাবিত্র্যাঃ পুরতো নরঃ।

প্রদান করিলেন। এইরূপে প্রেতের প্রেতত্ব দূর করিয়া বণিক স্বীয় গৃহে প্রত্যাবৃত্ত হইলেন। এইরূপ ব্রহ্মা-বিষ্ণু মহেশ্বর-ক্ষেত্রের ন্যায় গয়া-ক্ষেত্রেরও মাহাত্ম্য জানিবে। ১৪—১৮। নদী সকাশে গায়ত্রী তীর্থে উপবাসপূর্ব্বক গায়ত্রী দেবীর সম্মুখে স্নান ও প্রাতঃসন্ধ্যা করিবে। হে নারদ! তথায় শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে পিতৃগণের ব্রহ্মধামে গতি হয়। ১৯। সমুদিত তীর্থে স্নান করিয়া মধ্যাহ্নসময়ে সাবিত্রীদেবীর

সন্ধ্যামুপাস্য মধ্যাহ্নে নয়েৎ কুলশতং দিবং।
পিণ্ডদানং ততঃ কুর্য্যাৎ পিতৃণাং মুক্তিকাম্যয়া॥২০
প্রাচীসরস্বতীতীর্থে স্নাত্বা চাপি যথাবিধি।
সন্ধ্যামুপাস্য সায়াহ্নে বিষ্ণুলোকং নয়েৎ পিতৃন্।
বহুজন্মকৃতাৎ সন্ধ্যালোপাম্মুক্তস্ত্রিসন্ধ্যাকৃৎ॥২১
বিশালায়াং লেলিহানে তীর্থে চ ভরতাশ্রমে।
পাদাঙ্কিতে মুণ্ডপৃষ্ঠে গদাধরসমীপতঃ॥২২

অগ্রে সন্ধ্যা-বন্দনাদি করিলে একশত কুল পিতৃগণ স্বর্গগামী হন। পিতৃমুক্তিজন্য তথায় পিণ্ডপাতন করিবে। ২০। সরস্বতীতীর্থে সরস্বতীদেবীর পুরোভাগে স্নানপূর্ব্বক সন্ধ্যার সময় সন্ধ্যাদেবীকে আরাধনা করিলে পিতৃগণ বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন। আর এই প্রকার ত্রিসন্ধ্যাকৃৎ ব্যক্তি বহুজন্ম সন্ধ্যালোপকৃত পাতক হইতে মুক্ত হয়। ২১। বিশালা, লেলিহান,

তীর্থে চাকাশগঙ্গায়াং গিরিকর্ণমুখেষু চ।
স্নাতোঽথ পিণ্ডদো ব্রহ্মলোকং কুলশতং নয়েৎ ॥২৩
দেবনদ্যাং বৈতরণ্যাং স্নাতঃ স্বর্গং নয়েৎ পিতৄন্।
স্নাতো গোদো বৈতরণ্যাং ত্রিঃসপ্তকুলমুদ্ধরেৎ ॥২৪

ভরতাশ্রম, পদাঙ্কিত মুণ্ডপৃষ্ঠ, গদাধরসমীপ, আকাশগঙ্গা, গিরিকর্ণমুখ ইত্যাদি তীর্থে স্নান পূর্ব্বক শ্রাদ্ধ করিলে শতকুল পিতৃগণ ব্রহ্মলোক প্রাপ্ত হয়েন। ২২—২৩। বৈতরণীতে স্নান পূর্ব্বক গো দান করিলে একবিংশতি কুল পরিত্রাণ প্রাপ্ত হয়; এখানে শ্রাদ্ধাদি করিয়া গো দান করা কর্ত্তব্য। হে নারদ! আমি ত্রিসত্য করিয়া কহিতেছি যে, বৈতরণীতে একবিংশতি কুল নিঃসন্দেহে পরিত্রাণ প্রাপ্ত হয়। (গোদান করিবার মন্ত্র যথা;—যমপুর-দ্বারে বৈতরণী নামক যে মহা ভীষণ নদী আছে,

যা সা বৈতরণী নাম নদী ত্রৈলোক্যবিশ্রুতা ।
সাবতীর্ণা গয়াক্ষেত্রে পিতৃণাং তারণায় বৈ ॥২৫
ত্রিরাত্রোপোষণেনৈব তীর্থাভিগমনেন চ ।
অদত্ত্বা কাঞ্চনং গাশ্চ দরিদ্রো জায়তে নরঃ ॥২৬
ঘৃতকুল্যা মধুকুল্যা দেবিকা চ মহানদী ।
শিলায়াঃ সঙ্গমো যত্র মধুস্রবা প্রকীর্ত্তিতা ॥২৭

তাহা হইতে পরিত্রাণার্থ আমি এই কৃষ্ণবর্ণ ধেনু দান করিতেছি)। ২৪। বৈতরণী নামে যে প্রসিদ্ধ নদী আছেন, তিনিই পিতৃগণের পরিত্রাণার্থ গয়াক্ষেত্রে অবতীর্ণ হইয়াছেন। ২৫। ত্রিরাত্র উপবাস তীর্থ গমন, স্বর্ণ দান ও গো দান না করিলে লোকে দরিদ্র হয়। ২৬। * ঘৃতকুল্যা, মধুকুল্যা, দেবিকা ও মহানদী যে স্থানে ধর্ম্মশিলার যুক্ত আছে, তাহার নাম

অযুতং চাশ্বমেধানাং স্নানকৃলভতে নরঃ।
শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা পিণ্ডদানং তথৈব চ।
কুলানাং শতমুদ্ধৃত্য বিষ্ণুলোকং নয়েন্নরঃ॥২৮
দশাশ্বমেধিকে হংসতীর্থে চামরকণ্টকে।
কোটিতীর্থে রুদ্রকুণ্ডে পিণ্ডদঃ স্বর্নয়েৎ পিতৄন্ ২৯
বৈতরণ্যাং ঘৃতকুল্যাং মধুকুল্যাং তথৈব চ।
কোটিতীর্থে নরঃ স্নাত্বা দৃষ্ট্বা কোটীশ্বরঞ্চ যঃ॥৩০

মধুস্রবা। ২৭। তথায় স্নান, তর্পণ ও শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে অযুত অশ্বমেধফল লাভ হয়, সন্দেহ নাই এবং লোকে শতকুল পিতৃগণ পরিত্রাণ করিয়া বিষ্ণুপুরে গমন করে। ২৮। দশাশ্বমেধ, হংসতীর্থ, অমরকণ্টক, কোটিত ও রুদ্রকুণ্ডে পিণ্ডপাতন করিলে পি স্বর্গলাভ হয়। ২৯। বৈতরণী, ঘৃতকুল্যা, মধু কুল্যা ও কোটি তীর্থে স্নান করিলে এবং কোটী

কোটিজন্ম ভবেদ্বিপ্রো ধনাঢ্যো বেদপারগঃ।
মার্কণ্ডেয়েশ-কোটীশৌ নত্বা স্যাৎ পিতৃতারকঃ ॥৩১
রুক্মপারিজাতবনে পার্ব্বত্যা সহ শঙ্করঃ।
রহস্তে সংস্থিতো রেমে যুগানামযুতং পুরা ॥৩২
মরীচিঃ ফলপুষ্পার্থং পারিজাতবনং গতঃ।
দৃষ্ট্বা শপ্তো মহেশেন যস্মাৎ সুখবিঘাতকঃ ॥৩৩

শ্বর শিবকে অবলোকন করিলে কোটিজন্ম ধনবান্ ও বেদবেত্তা হয়। মার্কণ্ডেয়েশ্বর ও কোটীশ্বরকে নমস্কার করিলে পিতৃগণের পরিত্রাণ হয়। ৩০—৩১। স্বর্গস্থ পারিজাত-কাননে কোন সময়ে অযুত বর্ষ কাল শিব পার্ব্বতী সহিত বিরলে কেলি করিতেছিলেন। ৩২। তৎকালে মরীচি ফল পুষ্প আহরণার্থ তথায় যান, তাঁহাকে দেখিয়া মহেশ সুখবিঘ্ন হওয়াতে

দুঃখী ভবেতি তদ্ভীতো মরীচিস্তুষ্টুবে শিবং ।
তুষ্টঃ প্রোবাচ তং শম্ভুর্গৃহাণ বরমুত্তমং ।৩৪
শাপান্তবতু মুক্তির্মে মরীচিঃ প্রাহ শঙ্করং ।
ভবেদ্গয়ায়াং মুক্তিস্তে শিবোক্তঃ প্রযযৌ গয়াং ।৩৫
শিলাস্থিতো তপস্তেপে সর্ব্বেষাং দুষ্করঞ্চ যৎ ।
মরীচিরীশ্বরাচ্ছপ্তঃ কৃষ্ণত্বমগমৎ পুরা ।৩৬

শাপ প্রদান করত কহেন, "তুমি দরিদ্র হইবে"।
ইহাতে মরীচি ভীত হইয়া শিবকে নানা স্তবে
প্রীত করিতে লাগিলেন। তখন শিব সানন্দে
কহিলেন, "বর গ্রহণ কর"। ৩৩—৩৪। তখন
মরীচি আপনাকে শাপমুক্ত করিতে কহিলেন।
"গয়ায় গেলে মুক্ত হইবে," শুনিয়া মরীচি গয়ায়
উপস্থিত হইলেন। ৩৫। মরীচি ঈশ্বরশাপে
কৃষ্ণবর্ণত্ব প্রাপ্ত হন, সেজন্য সেখানে এক
শিলার উপর অবস্থান করত সর্ব্বলোক-দুষ্কর

তপসা দারুণেনেহ স বিপ্রঃ শুক্লতাং গতঃ।
হবিরাদ্যে মরীচিঞ্চ বরং ব্রূহি পুত্রক ॥৩৭
কিমলভ্যং ত্বয়ি তুষ্টে মরীচিঃ প্রাহ মাধবং।
হরশাপাদ্বিমুক্তোঽহং শিলা ভবতু পাবনী।
পিতৃমুক্তিকরী চ স্যাত্তথেত্যুক্ত্বা দিবং গতঃ ॥৩৮

তপস্যায় প্রবৃত্ত হইলেন। ৩৬। কঠোর তপস্যা-প্রভাবে সেই দ্বিজ শ্বেতবর্ণ হইয়া উঠিলেন; বিষ্ণু প্রভৃতি সুরগণ তাঁহাকে বর দিবার জন্য তথায় উপস্থিত হইলেন। শ্রীহরি মরীচিকে কহিলেন, বৎস! বর গ্রহণ কর। মরীচি কহিলেন, আপনি প্রীত হইলে কিছুই অপ্রাপ্য রহিবে না, আমাকে শিবশাপ হইতে মুক্ত এবং এই শিলাকে পিতৃমুক্তিপ্রদ অতি বিশুদ্ধ কর "তাহাই হইল" বলিয়া সকলে সুরধামে গমন করিলেন। ৩৭—৩৮।

দিবৌকসাং পুষ্করিণী সমাসাদ্য নরঃ শুচিঃ।
যত্র দত্তং পিতৃভ্যস্তু ভবত্যক্ষয়মিত্যুত ॥৩৯
তত্র স্নাতো দিবং যাতি স্বশরীরেণ মানবঃ।
পাপ্মানং প্রজহাত্যেব জীর্ণত্বচমিবোরগঃ।
তৎ পঙ্কজবনং পুণ্যং পুণ্যকৃদ্ভির্নিষেবিতং ॥৪০
পাণ্ডুশিলা বৈ তত্রাস্তে শ্রাদ্ধং যত্রাক্ষয়ং ভবেৎ।
যুধিষ্ঠিরস্তু তস্যাং হি শ্রাদ্ধং কর্ত্তুং যযৌ মুনে ॥৪১

তথায় দেবসরোবরে গিয়া বিশুদ্ধভাবে পিতৃগণের পিণ্ডদান করিলে অক্ষয় ফলপ্রদ হয়। তথায় স্নান করিলে সশরীরে স্বর্গে গমন করে; সর্প যেমন জীর্ণ ত্বক্ পরিত্যাগ করে, তদ্রূপ মনুষ্য পাতক হইতে মুক্ত হয়। তথায় যে পদ্মকানন আছে, তাহা বিশুদ্ধ ও পুণ্যাত্মাগণের নিষেবিত। ৩৯—৪০। ইহার নাম পাণ্ডুশিলা। এখানে শ্রাদ্ধ করিলে

শ্রাদ্ধকালে পাণ্ডুনোক্তং মদ্ধস্তে দেহি পিণ্ডকং।
হস্তং ত্যক্ত্বা শিলায়াঞ্চ পিণ্ডদানং চকার সঃ ॥৪২
শিলায়াং পিণ্ডদানেন প্রহৃষ্টো ব্যাসনন্দনঃ।
বরং দদৌ স্বপুত্রায় রাজ্যং কুরু মহীতলে।
অকণ্টকঞ্চ সম্পূর্ণমেকচ্ছত্রং স্বপুত্রক ॥৪৩
স্বর্গং ব্রজ শরীরেণ ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।

অক্ষয় ফল প্রাপ্তি হয়। যুধিষ্ঠিরও এই স্থানে পিতৃক্রিয়া করিতে আগমন করিতেন; এখানে শ্রাদ্ধসময়ে পাণ্ডু নৃপতি তাহাকে হাতে পিণ্ড দিতে বলেন, কিন্তু তিনি ঐ পিণ্ড করে না দিয়া শিলার উপর দান করেন। তাহাতে ব্যাসনন্দন পাণ্ডু প্রীত হইয়া নিজ পুত্র যুধিষ্ঠিরকে বর দিলেন যে, হে প্রিয় পুত্র! তুমি ধরাতলে অকণ্টকে একচ্ছত্র সাম্রাজ্য ভোগ করিবে, সশরীরে স্বর্গে

দৃষ্টিমাত্রেণ সংপূতাস্নরকস্থান্ দিবং নয় ।
ইত্যুক্ত্বা প্রযযৌ পাণ্ডুঃ শাশ্বতং পরমব্যয়ং ॥৪৪
নির্ম্মথ্যাগ্নিং শমীগর্ভে বিধির্বিষ্ণ্বাদিভিঃ সহ ।
লেভে পুত্রস্ত বক্ত্রেণ ত্রিষু লোকেষু বিশ্রুতং ॥৪৫
মথসংজ্ঞস্তু তত্তীর্থং পিতৃণাং মুক্তিদায়কং ।
স্নাত্বা চ তর্পণং কৃত্বা পিণ্ডদো মুক্তিমাপ্নুয়াৎ ॥৪৬

যাইবে এবং নরকস্থ লোক তোমার দর্শন করিলে স্বর্গগামী হইবে। এই বলিয়া পাণ্ডুরাজ পরম লোক প্রাপ্ত হইলেন। ৪১—৪৪। ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সুরগণের সহিত মন্থন করিয়া শমীগর্ভ হইতে ত্রিলোকপ্রসিদ্ধ অগ্নিমুখাগ্নিকে পুত্র প্রাপ্ত হইয়াছিলেন। এজন্য ইহার নাম পিতৃমুক্তিপ্রদ মথ তীর্থ। এখানে স্নান, তর্পণ ও পিণ্ডদান করিলে মোক্ষপ্রাপ্ত হয়। ৪৫—৪৬।

পিতৄন্ স্বর্গং নয়েন্নত্বা সঙ্গমেঽঙ্গারকেশ্বরৌ।
গয়াকূপে পিণ্ডদানাদশ্বমেধফলং লভেৎ ॥৪৭
ভস্মকূপে ভস্মনা চ স্নাত্বা সন্তারয়েৎ পিতৄন্।
স্নাতো নত্বা বশিষ্ঠেশং তত্তীর্থে চাশ্বমেধভাক্ ॥৪৮
ইষ্টিং চক্রেঽশ্বমেধার্থং বশিষ্ঠো মুনিসত্তমঃ।
ইষ্টিতো নির্গতঃ শম্ভুর্বরদঃ বৃণু বশিষ্ঠকং ॥৪৯

এই মধসঙ্গমে অঙ্গারকেশ্বর শিবকে প্রণাম করিলে পিতৃগণ স্বর্গে গমন করেন। গয়াকূপে পিণ্ডদানে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়। ৪৭। ভস্মকূটে ভস্ম মাখিলে পিতৃগণ পরিত্রাণ প্রাপ্ত হয়েন। এখানে স্নান ও বশিষ্ঠদেবকে প্রণাম করিলে অশ্বমেধফল প্রাপ্তি হয়। ৪৮। এস্থানে তাপসপ্রবর বশিষ্ঠ অশ্বমেধ নামক যজ্ঞ করেন, যজ্ঞ হইতে শম্ভু উত্থিত হইয়া বশিষ্ঠকে বর দিতে

প্রাহেতি তং বশিষ্ঠোঽপি শিব তুষ্টোঽসি মে যদি।
বক্তব্যং চাত্র দেবেশ তথেত্যুক্ত্বা শিবঃ স্থিতঃ ॥৫০
পিণ্ডদো ধেনুকারণ্যে কামধেনুপদেষু চ।
স্নাত্বা নত্বাথ সংপূজ্য ব্রহ্মলোকং নয়েৎ পিতৄন্ ॥৫১
কর্দ্দমালে গয়ানাভৌ মুণ্ডপৃষ্ঠসমীপতঃ।
স্নাত্বা শ্রাদ্ধাদিকং কৃত্বা পিতৄণামনৃণো ভবেৎ ॥৫২

উদ্যত হন। তাহাতে বশিষ্ঠ বলিলেন, যদি প্রীত হইয়াছেন, তবে এখানে নিয়তর অধিষ্ঠিত থাকুন। শিব "তথাস্ত" বলিয়া তথায় অবস্থিত রহিলেন। ৪৯—৫০। ধেনুকারণ্যে স্নান এবং কামধেনুপদে পিণ্ডদান পূর্ব্বক তাঁহাকে প্রণাম করিলে পিতৃগণ ব্রহ্মধামে গমন করেন। ৫১। মুণ্ডপৃষ্ঠ-সকাশে গয়াস্বরের নাভিদেশে কর্দ্দমাল তীর্থ, তথায় স্নান ও শ্রাদ্ধাদি করিলে পিতৃঋণ

ফল্গুচণ্ডী-শ্মশানাখ্যা মঙ্গলাদ্যাঃ সমর্চ্চয়েৎ।
গয়ায়াঞ্চ বৃষোৎসর্গাত্রিঃসপ্তকুলমুদ্ধরেৎ ॥৫৩
যত্র তত্র স্থিতা দেবা ঋষয়োঽপি জিতেন্দ্রিয়াঃ।
আদ্যং গদাধরং ধ্যাত্বা শ্রাদ্ধপিণ্ডাদিদানতঃ।
কুলানাং শতমুদ্ধৃত্য ব্রহ্মলোকং নয়েৎ পিতৄন্ ॥৫৪
গয়াগজো গয়াদিত্যো গায়ত্রী চ গদাধরঃ।
গয়া গয়াশিরশ্চৈব ষড়্ গয়া মুক্তিদায়িকাঃ ॥৫৫

হইতে মুক্ত হয়। ৫২। অনন্তর চণ্ডী, ফল্গুচণ্ডী, শ্মশানচণ্ডী, মঙ্গলচণ্ডী প্রভৃতির পূজা করিবে। গয়াগজ, গয়াদিত্য, গায়ত্রী, গদাধর, গয়া ও গয়াশির এই ষড়্ গয়া অর্চ্চন মোক্ষপ্রদ। গয়াতে বৃষোৎসর্গ করিলে একবিংশতি কুল পরিত্রাণ পায়। যে যে স্থলে সুরগণ বা জিতেন্দ্রিয় মুনিগণ আছেন, সেই সেই স্থানে আ[illegible]ক ধ্যান পূর্ব্বক শ্রাদ্ধাদি পিণ্ডদান করিলে এক

ততো দধ্যোদনেনৈব নৈবেদ্যমুত্তমং ।
জনার্দনায় দেবায় সমভ্যর্চ্য যথাবিধি ।
দদ্যান্নিক্ষিপ্য তদ্ধস্তে তত্তদ্দেবৈশ্চ জীবনং ॥৫৬
গয়াথ নিমিত্তং পুণ্যং যঃ পঠেৎ সততং নরঃ ।
শৃণুয়াৎ শ্রদ্ধয়া যত্ত স যাতি পরমাং গতিং ॥ ৫৭
পাঠয়েদ্বা গয়াখ্যানং বিপ্রেভ্যঃ পুণ্যকৃন্নরঃ ।
গয়াশ্রাদ্ধং কৃতং তেন কৃতং তেন ন সংশয়ঃ ॥৫৮

শত কুল পিতৃগণ পরিত্রাণ পাইয়া ব্রহ্মলোক প্রাপ্ত হন। ৫৩—৫৫। পরে দধিমিশ্রিত অন্নে অত্যুত্তম নৈবেদ্য প্রস্তুত করত জনার্দনদেবকে পূজা করিবে এবং তাঁহার করে জীবদাতার পিতৃ-দানার্থ কিঞ্চিৎ প্রদান করিবে। ৫৬। যে ব্যক্তি এই পুণ্য উপাখ্যান বারম্বার অধ্যয়ন করে, তাহার গয়াশ্রাদ্ধকৃত ফললাভ হয় সন্দেহ নাই।

গয়ায়া মহিমানঞ্চ অভ্যসেদ্ যঃ সমাহিতঃ।
তেনেষ্টং রাজসূয়েন চাশ্বমেধেন নারদ ॥৫৯
লিখেদ্বা লেখয়েদ্বাপি পূজয়েদ্বাপি পুস্তকং।
তস্য গেহে স্থিরা লক্ষ্মীঃ সুপ্রসন্না ভবিষ্যতি ॥৬০
উপাখ্যানমিদং পুণ্যং গৃহে তিষ্ঠতি পুস্তকং।
সর্পাগ্নি-চৌর-জনিতং ভয়ং তত্র ন বিদ্যতে ॥৬১

হে নারদ! তৎপ্রতি সুরগণ, ঋষিগণ ও পিতৃগণ প্রীত হইয়া নিরন্তর তাহাকে তাহার বাঞ্ছিত প্রদান করেন। এই শুভ গয়ার মাহাত্ম্য একবার অধ্যয়ন করিলে ইহকালে নানারূপ সুখ উপভোগ পূর্ব্বক পরিণামে বিষ্ণু-ধামে যায়, এই গয়ার উত্তম মাহাত্ম্য শ্রাদ্ধসময়ে অধ্যয়ন করিলে তাহার শ্রাদ্ধের নিখিল কার্য্য বিধিশূন্য হইলেও পিতৃগণের গয়াশ্রাদ্ধফল হইয়া থাকে। এই উপাখ্যানপুস্তক যে গৃহে থাকে,

শ্রাদ্ধকালে পঠেদ্যস্তু গয়ামাহাত্ম্যমুত্তমং।
বিধিহীনন্তু তৎ সর্ব্বং পিতৃণাঞ্চ গয়াসমং ।৬২
যানি তীর্থানি ত্রৈলোক্যে তানি দৃষ্টানি তত্র বৈ।
যেন জ্ঞাতং গয়াখ্যানং শ্রুতং বা পঠিতং মুনে ।৬৩
দেবতা ঋষয়স্তুষ্টাঃ পিতরস্তত্র নারদ।
যদাদিষ্টং তু তত্তস্মৈ প্রদাস্যন্তি মুহুর্মুহুঃ ।৬৪

তথায় সর্প অগ্নি বা চোরজনিত কোন ভয় থাকে না। হে মুনিবর! যে ব্যক্তি এই পুস্তক নিরন্তর অর্চ্চনা করে, কমলাদেবী পরিতুষ্টা হইয়া নিরন্তর তদীয় ভবনে অচলা হইয়া অবস্থান করেন, এই গয়ার আখ্যান লিখিত থাকিলে, শ্রবণ করিলে, অথবা অধ্যয়ন করিলে ত্রিভুবন-মধ্যে নিখিল তীর্থস্থানে গমনজন্য ফল প্রাপ্ত হওয়া যায়। ৫৭—৬৪।

সূত উবাচ।

সনৎকুমারো মুনিপুঙ্গবায়
পুণ্যাং কথাঞ্চাথ নিবেদ্য ভক্ত্যা।
স্বমাশ্রমং পুণ্যবনৈরুপেতং
বিসৃজ্য সঙ্গীতগুরুং জগাম ॥৬৫

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে
অষ্টমোঽধ্যায়ঃ । ৮ ॥

শ্রীসূত গোস্বামী শৌনকাদি তাপসগণকে বলিলেন, হে মুনিগণ! এইরূপে সনৎকুমার ভক্তি সহকারে এই পুণ্যকাহিনী তাপসপ্রবরকে বলিয়া, সঙ্গীতগুরু নারদকে বিসর্জ্জন পূর্ব্বক পুণ্য-বনশোভিত নিজ আশ্রমে প্রস্থান করিলেন। ৬৫।

গয়ামাহাত্ম্য সমাপ্ত।

গয়াপদ্ধতিঃ

অত্র গয়া-প্রয়োজনপ্রকরণং।

গয়াশ্রাদ্ধে পুত্র পৌত্র-প্রপৌত্রা এব প্রধানাধিকারিণস্তদ্ভিন্নাঃ সর্ব্বেঽপি গৌণাধিকারিণঃ। যো যদীয়ধনং যথাকথঞ্চিৎ গৃহ্লাতি সোঽসবর্ণোঽপি তদীয়গয়াশ্রাদ্ধেঽধিকারী। কর্ত্তৃবিশেষ-

প্রথমতঃ গয়া-প্রয়োজন প্রকরণ নিরূপণ যথা।—গয়াশ্রাদ্ধে পুত্র, পৌত্র এবং প্রপৌত্র ইহারা মুখ্যাধিকারী, তদ্ভিন্ন সকলেই গৌণাধিকারী হয়। উত্তমর্ণ (ঋণদাতা) অসবর্ণ হইলেও অধমর্ণ (ঋণগৃহীতা) তাহার গয়াশ্রাদ্ধ

বিষয়কনিষেধোঽপি গয়ায়াং ন বর্ত্ততে। জীবৎ-পিতৃকো গয়াশ্রাদ্ধে সর্ব্বথাঽনধিকারী। জীবৎ-পিতৃকো মৃতমাতৃকস্তু যদি প্রসঙ্গেন গয়াং প্রাপ্নোতি তদা অষ্টকাশ্রাদ্ধমিব মাতৃপার্ব্বণমেব কুর্য্যাদিতি তু ত্রিস্থলীসেতুপ্রভৃতয়ঃ। জীবন্মাতৃকো

করিবে। গয়াশ্রাদ্ধে কর্ত্তৃ-বিশেষের নিয়ম নাই, অর্থাৎ সকলেই সকলের শ্রাদ্ধ করিতে পারিবে। যাহার পিতা জীবিত আছে, সেই ব্যক্তি গয়াশ্রাদ্ধ করিবে না। যাহার মাতার মৃত্যু হইয়াছে পিতা জীবিত আছে, সেই ব্যক্তি যদি কোন অন্য কার্য্য বশতঃ গয়াতে গমন করে, তবে অষ্টকা শ্রাদ্ধের তুল্য মাত্র মাতৃপার্ব্বণ করিবে, ইহা ত্রিস্থলী সেতু প্রভৃতি গ্রন্থকারেরা বলেন।

মৃতমাতৃকো বা জীবৎপিতৃকোঽপি মৃতপিতামহাদীনাং পার্ব্বণবিধিকশ্রাদ্ধং কুর্য্যাদিত্যন্যে। আচার এবাত্রাস্তত্রপক্ষগ্রহণে শরণং। সন্ন্যাসিনন্তু সর্ব্বকর্ম্মপরিত্যাগিত্বয়া গয়াশ্রাদ্ধেঽনধিকারিণস্তথাপি তত্র বিষ্ণুপদাদি শ্রাদ্ধস্থানেষু দণ্ডমাত্রস্পর্শনং প্রণবোপাসনাবৎ তৈরেব কর্ত্তব্যং, ন তু শ্রাদ্ধতর্পণাদি। পুত্রবত্যাঃ স্ত্রিয়া

অন্যান্য মতে মাতা জীবিতাই হউক কিম্বা মৃতাই হউক এবং পিতা জীবিত থাকিলেও মৃত পিতামহাদির পার্ব্বণবিধিক শ্রাদ্ধ করিবে। এই স্থলে আচারই গ্রাহ্য। সন্ন্যাসীরা সর্ব্বকর্ম্মত্যাগী; সুতরাং গয়াশ্রাদ্ধে অনধিকারী; তথাপি প্রণবোপাসনাবৎ বিষ্ণুপদাদি শ্রাদ্ধস্থানে মাত্র দণ্ডস্পর্শ করিবে, কিন্ত শ্রাদ্ধতর্পণাদি করিবে না। পুত্রবতী স্ত্রীর অধিকার

নাধিকার ইতি গৌড়ৈকদেশিনামাচারঃ স তু মূলাভাবাদনাদরণীয়ঃ। কিন্তু সপুত্রয়া নস্ত্রী কর্ত্তব্য- মিত্যনুপনীতেনাপি কার্য্যমিতি চ নির্ণয়সিন্ধৌ কমলাকরেণ প্রমাণীকৃতং। গয়ায়ামকালে মল- মাসে বিবাহসংবৎসরে চ শ্রাদ্ধং কর্ত্তব্যং। সংক্রান্ত্যাদৌ অপরপক্ষীয়চতুর্থ্যাদি-পঞ্চদশান্ত-

নাই, ইহা গৌড়ের একদেশবাসীদের আচার- মাত্র; অতএব এইটা প্রমাণ নাই বলিয়া অনাদরণীয়, কিন্তু নির্ণয়সিন্ধুতে কমলাকর সপ্র- মাণ করিয়াছেন, পুত্রবতী স্ত্রীর অধিকার নাই, অনুপনীত ব্যক্তির অধিকার আছে। গয়াতে অকালে, মলমাসে, বিবাহ সংবৎসরেও শ্রাদ্ধ করিবে। সংক্রান্ত্যাদিতে অপর পক্ষের চতুর্থী অবধি অমাবস্যা পর্য্যন্ত দ্বাদশটী তিথিতে যথক্রম

তিথিষু মকরস্থসূর্য্যে চন্দ্রসূর্য্যগ্রহণে চ গয়া-শ্রাদ্ধে ফলাতিশয়ঃ। সংক্রান্তি-শ্রাদ্ধানুজ্ঞাবাক্যে সৌরমাস তত্তৎসংক্রান্ত্যোরুল্লেখং কুর্য্যাৎ। অপরপক্ষে তু গৌণচান্দ্রেণ মাসোল্লেখঃ। মকরস্থরবৌ সৌরমাসং রবিরাশিস্থিতিঞ্চ উল্লিখেৎ। চন্দ্রগ্রহণে তু মাসপক্ষতিথ্যুল্লেখানন্তরং রাহুগ্রস্তে নিশাকরে সূর্য্যগ্রহণে চ রাহুগ্রস্তে দিবাকরে ইত্যুল্লিখেৎ। অকৃতসপিণ্ডনস্য প্রথ-

---

সূর্য্যে এবং গ্রহণে গয়াশ্রাদ্ধ করিলে অতিশয় ফল লাভ হয়। সংক্রান্তিতে শ্রাদ্ধ করিলে অনুজ্ঞাবাক্যে সৌরমাস ও সেই সেই সংক্রান্তির উল্লেখ করিবে। অপর পক্ষে গৌণচান্দ্র মাস এবং মকরস্থ রবিতে সৌরমাস রবিরাশিস্থিতি উল্লেখ করিবে। সূর্য্যগ্রহণে মাস, পক্ষ, তিথি উল্লেখ করিয়া রাহুগ্রস্তে দিবাকরে এবং চন্দ্র-

মাসে গয়াশ্রাদ্ধং নৈব কার্য্যং। কৃতসপিণ্ডনস্যাপি সতি সম্ভবে নৈব কার্য্যমিত্যেব মুখ্যঃ পক্ষঃ। প্রসঙ্গতো গয়াপ্রাপ্তৌ পুনরাগমনাদ্যসম্ভাবনায়ান্তু ভক্ত্যা পুত্রেণ নিত্যত্বাৎ গয়াশ্রাদ্ধং কার্য্যং। ভক্তিরত্র প্রীতিরিতিবহবঃ। অন্যে তু অব্দমধ্যে প্রেতস্য দেবতাত্বযোগ্যতাসিদ্ধয়ে

গ্রহণে রাহুগ্রস্তে নিশাকরে উল্লেখ করিবে। যাহার সপিণ্ডীকরণ হয় নাই, তাহার প্রথম বৎসরে গয়াশ্রাদ্ধ করিবে না এবং যাহার সপিণ্ডীকরণ হইয়াছে, তাহারও করিবে না, ইহাই মুখ্যপক্ষ; কিন্তু যদি অন্য কোন কার্য্যে গয়াতে গমন হয় এবং পুনর্ব্বার আগমনাদি সম্ভবনা না থাকে, তবে ভক্তিযুক্ত পুত্র হইলে গয়াশ্রাদ্ধ করিবে। এই স্থলে অনেকেই ভক্তি শব্দের অর্থ প্রীতি বলিয়া থাকেন, কিন্তু অন্য সকলে বলেন, বর্ষ-

দেবতাসংস্কারকমেকং পার্ব্বণং কর্ত্তব্যং, তদেব ভক্তিপদাভিধেয়ং, তচ্চ কৃত্বা গয়শ্রাদ্ধং কুর্য্যাদিত্যাহুঃ। ভক্ত্যা বর্ষমধ্যে গয়াশ্রাদ্ধকরণে তু বৃদ্ধাবিব মাসিকাদ্যপকৃষ্য কার্য্যমিতি বোধ্যং। যাবন্দ্দুর্নিমিত্তমৃতানাং মহাপাতকিনাং আত্মঘাতিনাং সংবৎসরাদূর্দ্ধং নারায়ণবলিং বিধায়

মধ্যে প্রেতের গয়াশ্রাদ্ধ করিলে দেবতা সংস্কারক একটী পার্ব্বণ করিয়া গয়াশ্রাদ্ধ করিবে; ঐ পার্ব্বণকেই তাঁহারা ভক্তিশ্রাদ্ধ বলেন; বস্তুতঃ যেরূপ বৃদ্ধি উপস্থিত হইলে মাসিক সকলের অপকর্ষ করা হয়. সেই প্রকার বর্ষমধ্যে প্রেতের গয়াশ্রাদ্ধ করিলেও অপকর্ষ করিবে। যে সকল দুর্নিমিত্তমৃত মহাপাতকী আত্মঘাতী, তাহাদেরও সংবৎসরের পর নারায়ণবলি প্রদান করিয়া

গয়াশ্রাদ্ধং কর্ত্তব্যং। স্মার্ত্তমতানুসারতো গয়ায়াং সামগেন ষড়্দৈবতং যজুর্ব্বেদিনা তু নবদৈবতং দেশকুলাচারত উভয়বেদিনাপি দ্বাদশদৈবতং বা পার্ব্বণবিধিকশ্রাদ্ধং কর্ত্তব্যং। পিতৃব্যাদীনাং

গয়াশ্রাদ্ধ করিবে। স্মার্ত্তমতে সামবেদীরা গয়াতে ষড়্দৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহদিগের) পার্ব্বণবিধিকশ্রাদ্ধ এবং যজুর্ব্বেদীরা নবদৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহদের) শ্রাদ্ধ করিবে। দেশকুলাচারানুসারে উভয়বেদীরা দ্বাদশ-দৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহীদের)

পিতৃব্য-পত্ন্যাদীনামপি প্রত্যেকমেকোদ্দিষ্টবিধিক-শ্রাদ্ধং কর্ত্তব্যং, শ্রাদ্ধাসামার্থ্যে সর্ব্বেষাং পিণ্ড-দানমাত্রং বা করণীয়ং। পিণ্ডস্তু মুষ্টিমিতং শমীপত্রপ্রমাণঞ্চাপি কার্য্যং। প্রথমযাত্রায়াং যেষাং প্রেতত্বনিবারণার্থং প্রেতশিলায়াং পিণ্ড-দাননবভাণ্ডস্ফোটনে কৃতে তেষাং দ্বিতীয়াদি-

শ্রাদ্ধও করিবে। পিতৃব্যাদির, পিতৃব্যপত্নী প্রভৃতির প্রত্যেকের একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধ করিতে অশক্ত হইলে সক-লেরই মাত্র পিণ্ডদান করিবে। পিণ্ড মুষ্টি-পরিমাণ এবং শমীপত্র-প্রমাণও করিতে পারিবে। প্রথম যাত্রাতে যাহাদের প্রেতত্ব পরিহারের নিমিত্ত প্রেতশিলাতে পিণ্ডদানে নূতন ভাণ্ড ভঞ্জন করিবে, পুনর্যাত্রাতে তাহা-

যাত্রায়াং তে ন কার্য্যে। প্রথমযাত্রানন্তর-মৃতানান্তু দ্বিতীয়যাত্রায়াং তেঽপি কার্য্যে। অন্যৎ সর্ব্বং সর্ব্বস্বপি যাত্রাসু সমানমিতি গয়া-প্রয়োজনপ্রকরণং ॥

অথ নারায়ণবলিঃ ।

কস্যচিন্মাসস্য শুক্লৈকাদশ্যাং সামান্যপূজা-পদ্ধত্যনুসারেণ বিষ্ণুং যমং বৈবস্বতঞ্চাভ্যর্চ্চ্য

দের নিমিত্ত তাহা করিবে না, কিন্তু প্রথম যাত্রার পরে যাহাদের মৃত্যু হইয়াছে, তাহাদের নিমিত্ত করিবে। অপর সমুদয় কর্ম্ম সকল যাত্রাতেই সমান।

নারায়ণবলি বিধি।—কোন একটী শুক্লা একাদশীতে সামান্য পূজাপদ্ধতি অনুসারে বিষ্ণু, যম এবং বৈবস্বত পূজা করিয়া মনোমধ্যে

বুদ্ধৌ বিষ্ণুং সমাসাদ্য মৃতস্য নামগোত্রগ্রহণং কৃত্বা দক্ষিণামুখঃ কুশেষু ঘৃতমধুতিলযুক্তান্ দশপিণ্ডান্ দত্ত্বা পুষ্পধূপদীপভক্ষ্যভোজ্যৈনার্চ্চয়িত্বা পিণ্ডান্ নদ্যম্ভসি ক্ষিপেৎ। ততস্তদ্দিন উপোষ্য পঞ্চ সপ্ত নবাপি বা বিদ্যাতপঃসমৃদ্ধান্ কুলোৎপন্নান্ বিপ্রান্ নিমন্ত্রয়েত। পরদিনে মধ্যাহ্নে পূর্ব্ব-

---

বিষ্ণুকে চিন্তা দ্বারা আনয়ন পূর্ব্বক মৃত মহাপাপী আত্মঘাতী প্রভৃতি ব্যক্তির নাম, গোত্র গ্রহণ করিয়া দক্ষিণমুখে উপবেশন পূর্ব্বক কুশের উপরি ঘৃত, মধু, তিলযুক্ত দশটী পিণ্ড প্রদান করিবে। পরে ধূপ, দীপ, ভক্ষ্যভোজ্য দ্বারা পূজা করিয়া পিণ্ডগুলিকে নদীজলে নিক্ষেপপূর্ব্বক ঐ দিনে উপবাস এবং কুলোৎপন্ন বিদ্যাতপঃসমৃদ্ধিযুক্ত নব, সপ্ত কিম্বা পঞ্চসংখ্যক ব্রাহ্মণ নিমন্ত্রণ করিবে। পর দিনে

বদ্বিষ্ণুং সমভ্যর্চ্চ্য পিতৃরূপমনুস্মরন্ হবিষ্যব্যঞ্জনেন তিলাদিসহিতেন পঞ্চপিণ্ডান্ নির্ম্মায় বিষ্ণবে ব্রহ্মণে শিবায় যমায় চ ক্রমেণ পিণ্ডচতুষ্টয়ং দত্ত্বা মনসা-নামগোত্রগ্রহণপূর্ব্বকং সংকীর্ত্ত্য বিষ্ণোর্নাম গৃহীত্বা পঞ্চমপিণ্ডং পূর্ব্ববদ্দদ্যাৎ। ততো বিধি-বদাচম্য দক্ষিণাদিভির্ব্বিপ্রান্ সমভ্যর্চ্চ্য তং মৃতং

মধ্যাহ্নে পূর্ব্বদিনবৎ বিষ্ণুকে পূজা করিয়া পিতৃ-রূপ চিন্তা করতঃ তিলাদি সহিত হবিষ্য ব্যঞ্জন দ্বারা পঞ্চপিণ্ড প্রস্তুত করিয়া ক্রমেতে বিষ্ণু, ব্রহ্মা, শিব ও যমকে চারিটী পিণ্ড দিবে। পরে মন দ্বারা নাম, গোত্র গ্রহণপূর্ব্বক মৃত ব্যক্তিকে স্মরণ করিয়া বিষ্ণুর নাম গ্রহণান্তে পূর্ব্ববৎ পঞ্চপিণ্ড প্রদান করিবে। অনন্তর আচমন করত দক্ষিণাদি দ্বারা ব্রাহ্মণ সকলকে

মনসা স্মরন্ একং বৃদ্ধতমং বিপ্রং হিরণ্যেন গবা বস্ত্রেণ ভূম্যা চ পরিতোষয়েৎ। বিপ্রাস্তু বুদ্ধৌ মৃতস্য নামগোত্রং নিবিশ্য কুশহস্তৈর্মৃতায় সতিলোকং দত্বা ঘৃতগন্ধতিলোদকং দদ্যুঃ। পশ্চাদ্বাগ্‌যতো মিত্রভৃত্যৈঃ সার্দ্ধং ভুঞ্জীত। অধুনা মনূক্তগুণবদ্ব্রাহ্মণাভাবাৎ কুশময়-

---

অর্চ্চনা পূর্ব্বক সেই মৃত ব্যক্তিকে মনোমধ্যে স্মরণ করিয়া এক বৃদ্ধতম বিপ্রকে হিরণ্য, গো, বস্ত্র, ভূমি দ্বারা পরিতোষ করিবে। ব্রাহ্মণেরাও কুশহস্ত হইয়া মৃত ব্যক্তির নাম, গোত্র স্মরণ পূর্ব্বক ঐ মৃত উদ্দেশে সতিল জল, ঘৃত, গন্ধ, তিলোদক প্রদান করিবে; পরে মৌনী হইয়া মিত্র-ভৃত্যাদির সহিত ভোজন করিবে। অধুনা মনূক্তগুণবিশিষ্ট ব্রাহ্মণের

ব্রাহ্মণেষেতৎ সর্ব্বং প্রেতশ্রাদ্ধাধিকারিণা কর্ত্তব্যমিতি।

অথ গয়াপ্রথমদিনকৃত্যং।

গয়াং প্রাপ্য প্রথমতঃ ফল্গুতীর্থং গত্বা সামান্য-তীর্থপদ্ধত্যুক্তকর্ম্মসমুদায়ং ক্রমেণ কুর্য্যাৎ। তত্র বৈদিকস্নানে অদেত্যাদি সমস্তপিতৃণাং বিষ্ণু-

---

অভাব; সুতরাং এই সমস্ত কার্য্য প্রেতশ্রাদ্ধা-ধিকারী ব্যক্তি কুশনির্ম্মিত ব্রাহ্মণেই করিবে।

গয়াপ্রথমদিনকৃত্য।—প্রথমতঃ ফল্গুতীর্থে যাইয়া সামান্য-তীর্থপদ্ধতিতে যে সমস্ত কর্ম্ম লিখিত হইয়াছে, যথাক্রমে সেই সমস্ত কর্ম্ম করিবে। তাহাতে বৈদিকস্নানে অদ্যেত্যাদি

লোকাবাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে ফল্গু-
তীর্থে স্নানমহং করিষ্যে ইত্যনে সঙ্কল্প্য মজ্জনাদৌ
প্রকৃতমন্ত্রপাঠান্তে কৃতাঞ্জলির্ভূত্বা ওঁ নমো দেব-
দেবায় শিতিকণ্ঠায় দণ্ডিনে। রুদ্রায় চাপহস্তায়
চক্রিণে বেধসে নমঃ। সরস্বতী চ সাবিত্রী বেদ-
মাতা গরীয়সী। সন্নিধানী ভবত্বত্র তীর্থপাপ-
প্রণাশিনি। ওঁ সাগরস্বতনির্ঘোষ দণ্ডহস্তসুরা-
ন্তক। জগৎস্রষ্টর্জ্জগদর্দ্দিন্নমামি ত্বাং সুরেশ্বর।
তীক্ষ্ণদংষ্ট্র মহাকায় কল্পান্তদহনোপম। ভৈরভায়
নমস্তুভ্যমনুজ্ঞাং দাতুমর্হসি। ইতি পঠিত্বা ওঁ
ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।

লিখিত সঙ্কল্প করিয়া ডুব দেওয়ার পূর্ব্বে প্রকৃত
মন্ত্র সকল পাঠ পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ওঁ নমো
দেবদেবায় ইত্যাদি মন্ত্র পাঠান্তে ফল্গুতীর্থে
বিষ্ণুজলে ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া স্নান

পিতৃণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে।
ইতি মন্ত্রং পঠেৎ। তর্পণে তু ওঁ অমুকগোত্রাঃ
অস্মৎপিতরঃ অমুকদেবশর্ম্মাণঃ এতৎ সতিলো-
দকং তৃপ্যধ্বং স্বধা নম ইতি বাক্যান্তে পিতৃন্
প্রীণয়ামীতি প্রতীচ্যা বদন্তি তীর্থতত্ত্বে তু পিতরং
সন্তর্প্য স্বধান্তে পিতরং প্রীণয়ামি পিতা-
মহং সন্তর্প্য স্বধান্তে পিতামহং প্রীণয়ামীত্যেবং

করিবে। তর্পণে পাশ্চাত্যদেশবাসীরা (ওঁ
অমুক গোত্রাঃ অস্মৎ-পিতরঃ অমুক-দেবশর্ম্মণঃ
এতৎ সতিলোদকং তৃপ্যধ্বং স্বধা নমঃ) এইরূপ
বাক্য বলিয়া পরে (পিতৃন্ প্রীণয়ামি) এইটী
বলিয়া থাকেন। তীর্থতত্ত্বে পিতার তর্পণে
স্বধা বলিয়া পরে পিতরং প্রীণয়ামি এবং পিতা-
মহের তর্পণ করিয়া স্বধান্তে পিতামহং প্রীণয়ামি

সর্ব্বত্রোহমিত্যুক্তং। এবং ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসন-সন্নিবিষ্টঃ। কেয়ুরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ। ইত্যনেন ধ্যাত্বা ওঁ বিষ্ণবে নম ইতি মন্ত্রেণ তীর্থদেবং বিষ্ণুং পূজয়েৎ। শ্রাদ্ধানুজ্ঞাবাক্যে অমুকতীর্থ-প্রাপ্তি-নিমিত্তকমিত্যত্র গয়াখ্যমহাতীর্থপ্রাপ্তিনিমিত্তক-ফল্গুতীর্থে শ্রাদ্ধমহং করিষ্যে ইত্যুল্লিখেৎ। শ্রাদ্ধস্ত

এই প্রকার প্রপিতামহাদিরও উহ করিবে, এমত উক্ত আছে এবং ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী ইত্যাদি ধ্যান করিয়া ওঁ বিষ্ণবে নমঃ এই মন্ত্রে তীর্থ-দেবতা বিষ্ণুর পূজা করিবে। শ্রাদ্ধের অনুজ্ঞাবাক্যে "অমুক-তীর্থ-প্রাপ্তি-নিমিত্তকং" এই স্থলে "গয়াখ্যমহাতীর্থ-প্রাপ্তি-নিমিত্তক-ফল্গুতীর্থে শ্রাদ্ধমহং করিষ্যে"

স্মার্ত্তমতানুসারতঃ পিতৃ-পিতামহ-মাতামহ-প্রমাতামহ-বৃদ্ধ-প্রমাতামহানাং ক্রমেণ ষড়্‌দৈবতং সামগঃ কুর্য্যাৎ। যজুস্তু পিতৃ-পিতামহ-প্রপিতামহ-মাতৃ-পিতামহী-প্রপিতামহী মাতামহপ্রমাতামহ-বৃদ্ধপ্রমাতামহানাং ক্রমেণ নবদৈবতং শ্রাদ্ধং কুর্য্যাৎ। দেশকুলাচারত উভয়বেদী অপি পিতৃ-পিতামহ-প্রপিতামহ-মাতৃ পিতামহী-প্রপিতামহী-মাতামহ-প্রমাতামহ-বৃদ্ধপ্রমাতামহ মাতামহী-প্রমাতামহী-বৃদ্ধপ্রমাতামহীনাং ক্রমেণ দ্বাদশ-দৈবতং বা শ্রাদ্ধং কুর্য্যাৎ। শ্রাদ্ধাসামর্থ্যে পিণ্ডদানমাত্র-

---

এইরূপ উল্লেখ করিবে। স্মার্ত্তমতে সামবেদীরা পিত্রাদি-লিখিত ছয় পুরুষের, যজুর্ব্বেদীরা পিত্রাদি নয় পুরুষের শ্রাদ্ধ করিবে, কিন্তু দেশ-কুলাচারানুসারে উভয়বেদীরা পিত্রাদি-লিখিত দ্বাদশ পুরুষেরও শ্রাদ্ধ করিতে পারিবে।

মপ্যেতেবাং কুর্য্যাৎ। শ্রাদ্ধে শ্রাদ্ধা-সামর্থ্যে পিণ্ডদানমাত্রে চ ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম ইত্যাদিনা পিতৃপ্রণামানন্তরং ওঁ পিতা পিতা-মহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। তৃপ্তিমায়ান্তু পিণ্ডেন ময়া দত্তেন ভূতলে। মাতামহস্তৎপিতা চ পিতা তস্যাপি তৃপ্যতু। দ্বিজানাং তর্পণা-দ্ধোমৎ পিণ্ডদানঞ্চ মে সদা। গয়ায়াং মুণ্ডপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা। গয়াশীর্ষে বটে চৈব পিতৃণাং দত্তমক্ষয়ং। গয়ায়াং পিতৃরূপেণ স্বয়-মেব জনার্দ্দনঃ। তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ। শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাৎ

শ্রাদ্ধাসামর্থ্যে ঐ সকল পুরুষেরই মাত্র পিণ্ডদান করিবে। শ্রাদ্ধে এবং শ্রাদ্ধাসামর্থ্যে পিণ্ডদান করিলেও পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম ইত্যাদি দ্বারা পিতৃপ্রণামানন্তর ওঁ পিতা পিতামহশ্চৈবে

গয়াশিরে। উদ্ধরেৎ সপ্তগোত্রাণি কুলৈঞ্চকো-ত্তরং শতং। ইতি পঠিত্বা ওঁ ইদং সাঙ্গং কর্ম্মং বিধিবৎ গয়াশ্রাদ্ধরূপমস্তু ইতি পৃচ্ছেৎ। ওঁ অস্তু গয়াশ্রাদ্ধরূপং ইতি প্রতিবচনং পুরোহিতো বদেৎ। ততঃ কৃতাঞ্জলিঃ ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং শ্রদ্ধাহীনং দ্বিজোত্তমাঃ। শ্রাদ্ধং সংপূর্ণতাং যাতু প্রসাদাৎ ভবতাং মম। ইতি প্রার্থয়েৎ। ওঁ সম্পূর্ণমস্তু ইতি প্রতিবচনং। অবশিষ্টং যথাবিধি

ত্যাদি কুলৈঞ্চকোত্তরং শতং ইত্যন্ত মন্ত্র সকল পাঠ করিয়া ওঁ ইদং সাঙ্গং কর্ম্ম বিধিবৎ গয়াশ্রাদ্ধরূপমস্তু এইরূপ প্রশ্ন করিবে। পুরোহিত ওঁ অস্তু গয়াশ্রাদ্ধরূপং এইরূপ প্রতিবাক্য বলিবেন। অনন্তর কৃতাঞ্জলি হইয়া ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং ইত্যাদি মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে, পুরোহিত ওঁ সম্পূর্ণমস্তু

কুর্য্যাৎ। এবং শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কৃত্বা পিতৃব্যাদীনাং পিতৃব্যপত্ন্যাদীনামপি সম্বন্ধিপদ-মুল্লিখ্য সাংবৎসরিকশ্রাদ্ধবিধিনা প্রত্যেকমেকো-দ্দিষ্টবিধিকশ্রাদ্ধং কুর্য্যাৎ। অশক্তৌ তু সম্বন্ধি-পদোল্লেখেন বাক্যং কৃত্বা সামান্যতীর্থপদ্ধত্যুক্ত-পিণ্ডদানপরিপাট্যা সাংবৎসরিকশ্রাদ্ধস্থপিণ্ডদান-

এইরূপ প্রতিবচন বলিবে। অবশিষ্ট যেরূপ বিধি আছে, সেইরূপই করিবে। এই প্রকার শ্রাদ্ধাদি করিয়া পিতৃব্যাদির ও পিতৃব্যপত্ন্যাদির সম্বন্ধিপদ উল্লেখ পূর্ব্বক সাংবৎসরিক শ্রাদ্ধবিধি দ্বারা প্রত্যেকের একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধাসামর্থ্যে সম্বন্ধিপদোল্লেখপূর্ব্বক সঙ্কল্প করিয়া সামান্য-তীর্থপদ্ধত্যুক্ত পিণ্ডদান পরি-পাটী অনুসারে সাংবৎসরিক শ্রাদ্ধস্থিত পিণ্ড-

বিধিনা পিণ্ডদানমাত্রং বা কুর্য্যাৎ। ততঃ ষোড়শপিণ্ডদানং কৃত্বা তদন্তে স্ত্রীষোড়শীমপ্যত্র কুর্য্যাদেতে বিশেষাঃ। অন্যৎ সর্ব্বং সমানমিতি॥

অথ দ্বিতীয়দিনে প্রেতপর্ব্বতকৃত্যং।

ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদিনিত্যক্রিয়াং সমাপ্য গয়াবায়ব্যদিশি প্রেতপর্ব্বতং গত্বা তন্মূলসংলগ্নে

দানবিধি দ্বারা মাত্র পিণ্ডদান করিবে। অনন্তর ষোড়শ পিণ্ডদান করিয়া তদন্তে স্ত্রীষোড়শীও করিবে। এই সকল বিশেষ ভিন্ন অপর সমুদয়ই সামান্যতীর্থ পদ্ধতির সমান।

দ্বিতীয় দিনে প্রেতপর্ব্বতের কৃত্য।— ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া করিয়া গয়ার বায়ুকোণস্থ প্রেতপর্ব্বতে গমন পূর্ব্বক পর্ব্বতের

ঈশানকোণস্থিতে ব্রহ্মকুণ্ডে দেশকালৌ সংকীর্ত্ত্য পিতৃণাং সম্ভাবিতপ্রেতত্বনাশপূর্ব্বক-শাশ্বত-ব্রহ্ম-লোকপ্রাপ্তিকামনয়া সঙ্কল্প্য স্নানতর্পণে কৃত্বা শ্রাদ্ধার্থমুদকমাদায় পর্ব্বতমারুহ্য স্বুবর্ণরেখাঙ্কিত-শিলাসন্নিধৌ গত্বা পূর্ব্ববৎ সঙ্কল্প্য শ্রাদ্ধাদিক-মনেন ক্রমেণ কুর্য্যাদ্যথা—প্রথমতঃ স্ববেদবিহিত-

---

মূলদেশে ঈশানকোণস্থ ব্রহ্মকুণ্ডে দেশ ও কাল-কীর্ত্তন করত পিতৃণাং সম্ভাবিত প্রেতত্ব নাশ পূর্ব্বক শাশ্বত ব্রহ্মলোক প্রাপ্তি কাম-নাতে সঙ্কল্প করিয়া স্নান ও তৎপরে তর্পণ করিবে। পরে শ্রাদ্ধের নিমিত্ত জল লইয়া পর্ব্বতারোহণ পূর্ব্বক স্বুবর্ণ রেখাঙ্কিতশিলাসন্নি-ধানে উপস্থিত হইয়া পূর্ব্বকামনাতে সঙ্কল্প পূর্ব্বক শ্রাদ্ধাদি করিবে। তাহাতে প্রথমতঃ

পঞ্চগব্যশোধনমন্ত্রেণ পঞ্চগব্যং সংশোধ্য তেনৈব শ্রাদ্ধস্থানমভ্যুক্ষ্য তত্র দক্ষিণামুখঃ পাতিতবামজানুঃ প্রাচীনাবীতী উপবিশ্য আচমনং কৃত্বা প্রাণান্ আয়ম্য পুণ্ডরীকাক্ষং স্মৃত্বা কুশোদকেন শ্রাদ্ধীয়দ্রব্যাণি সংপ্রোক্ষ্য কৃতাঞ্জলিঃ ওঁ কব্যবালোঽনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা। অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ। আগ-

---

স্ববেদবিহিত পঞ্চগব্যশোধন মন্ত্র দ্বারা পঞ্চগব্য শোধনপূর্ব্বক তদ্দ্বারা শ্রাদ্ধস্থান অভ্যুক্ষণ করত ঐ স্থানে বামজানু পাতিয়া প্রাচীনাবীতী (বিপরীত-উত্তরী) হইয়া দক্ষিণমুখে উপবেশনান্তে আচমন ও প্রাণায়াম এবং পুণ্ডরীকাক্ষকে স্মরণ ও অর্চ্চনা করিয়া কুশজল দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্য সকল প্রোক্ষণ করিবে। পরে কৃতাঞ্জলিপুটে ওঁ কব্যবালোঽনল ইত্যাদি শাশ্বতীং ইত্যন্ত

চ্ছন্তু মহাভাগা যুষ্মাভী রক্ষিতাস্বিহ। মদীয়াঃ পিতরো যে চ কুলে জাতাঃ সনাভয়ঃ। তেষাং পিণ্ডপ্রদানায় আগতোঽস্মি গয়ামিমাং। তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শ্রাদ্ধেনানেন শাশ্বতীং। ইত্যনেন পিতৄন্ আবাহ্য ওঁ পিত্রাদিভ্যো নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রথমদিনোক্ত-শ্রাদ্ধযোগ্য-পিত্রাদীনাং তদ্দিনবৎ ষড়্দৈবতং নবদৈবতং দ্বাদশদৈবতং বা স্বস্ব-পার্ব্বণবিধিনা পার্ব্বণ-বিধিকশ্রাদ্ধং কুর্য্যাৎ। শ্রাদ্ধাসামর্থ্যেঽপি যথোক্ত-

মন্ত্রদ্বারা পিতৃগণকে আবাহন করিয়া ওঁ পিত্রা-দিভ্যো নমঃ এই মন্ত্রে পূজা করতঃ প্রথম দিনে যাহাদের শ্রাদ্ধ কথিত হইয়াছে, সেই সমস্ত শ্রাদ্ধযোগ্যপিত্রাদির প্রথমদিনবৎ স্বস্ব-পার্ব্বণ-বিধি দ্বারা পার্ব্বণবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধা-

কামনয়া সংকল্প্য পূর্ব্ববৎ পঞ্চগব্যেন শ্রাদ্ধস্থান-
শোধনাদি পিতৃপূজান্তং কর্ম্ম কৃত্বা স্বস্বপার্ব্বণস্থ-
পিণ্ডদানবিধিনা যে চাত্রস্থেতি মন্ত্রং ত্যক্ত্বা স্বধা-
মাত্রোল্লেখেন তাবৎপুরুষাণাং পিণ্ডদানমাত্রং
কৃত্বা ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম ইত্যাদি মন্ত্রেণ
পিত্রাদীন্ প্রণম্য দক্ষিণাং দত্ত্বা অচ্ছিদ্রাবধারণা

সামর্থ্যেও শ্রাদ্ধে যে কামনা কথিত আছে, সেই
কামনাতেই সঙ্কল্প করিয়া পঞ্চগব্য দ্বারা শ্রাদ্ধ-
স্থান শোধনাদি পিতৃপূজা পর্য্যন্ত কর্ম্ম সমুদায়
পূর্ব্বমত করণানন্তর স্বস্ব-পার্ব্বণস্থ পিণ্ডদান বিধি
অনুসারে যে চাত্রস্থেতি মন্ত্র পরিত্যাগ করিয়া
মাত্র স্বধা উল্লেখ পূর্ব্বক শ্রাদ্ধযোগ্য পূর্ব্বোক্ত
তাবৎপুরুষের মাত্র পিণ্ডদান করিবে; পরে ওঁ
পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম ইত্যাদি মন্ত্র দ্বারা পিতৃ-
গণকে প্রণাম করিয়া দক্ষিণা দানানন্তর অচ্ছি-

দিকং কুর্য্যাৎ। ততঃ পূর্ব্ববৎ পঞ্চগব্যেণ শ্রাদ্ধ-
স্থানশোধনাদি পিতৃপূজান্তং কর্ম্ম কৃত্বা কুশানা-
স্তীর্য্য ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীত-
কুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং। আব্রহ্মভুবনা-
ল্লোকাদিদমস্তু তিলোদকং। ইতি পঠিত্বা তেষু
আস্তৃতকুশেষু তিলোদকাঞ্জলিং দত্ত্বা ওঁ পিতা
পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। মাতা
মাতামহী চৈব তথৈব প্রপিতামহী। মাতামহ-
স্তৎপিতা চ প্রমাতামহকাদয়ঃ। তেষাং পিণ্ডো

দ্রাবধারণাদি করিবে। অনন্তর পূর্ব্ববৎ পঞ্চ
গব্য দ্বারা শ্রাদ্ধস্থান শোধনাদি পিতৃ-
কর্ম্ম করিয়া কুশাস্তরণ পূর্ব্বক ওঁ আব্রহ্ম
পর্য্যন্তং ইত্যাদি মন্ত্র দ্বারা আস্তৃত কুশে সতি
জলাঞ্জলি প্রদান পূর্ব্বক ওঁ পিতা পিতামহশ্চৈ

ময়া দত্তোঽক্ষয্যমুপতিষ্ঠতাং। ইতি মন্ত্রেণ তিলাজ্যদধি-মধু-জল-যুতমুষ্টিমিতশক্তু কৃতাক্ষয্য-পিণ্ডমেকং মিলিত পিত্রাদিদ্বাদশভ্যো দদ্যাৎ। ততঃ পূর্ব্বদিনবৎ পিতৃব্যাদীনাং পিতৃব্যপত্ন্যাদীনাঞ্চ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা নিষ্পাদ্য দক্ষিণত উপবিশ্য ষোড়শপিণ্ডদানং কৃত্বা তদ্দক্ষিণতশ্চোপ-বিশ্য স্ত্রীষোড়শীং কুর্য্যাৎ। পুত্রকামশ্চেত্তদা

